বিরত হয় না । [ভাল, একত্ব জ্ঞানোদয়ের পরও] যদি পূর্বেবর ঞায় ভেদবুদ্ধি অনুপমর্দিতই থাকে, তাহা হইলে একত্ববিধায়ক [“তৎ ত্বম্ অসি” ইত্যাদি] বাক্য অপ্রমাণীকৃত হইতে পারে ; অথচ অভক্ষ্য-ভক্ষণাদির প্রতিষেধক বাক্যসমূহের প্রামাণ্যের ঞায় একত্ববিষয়ক বাক্যেরও প্রামাণ্য হওয়া যুক্তিযুক্ত ; কারণ, সমস্ত উপনিষৎ শাস্ত্রেরই * ঐ অংশে তাৎপর্য্য । যদি বল, [জ্ঞানীর পক্ষে কর্মবিধি অপ্রযোজ্য হইলে] কর্মবিধায়ক শাস্ত্রসমূহের অপ্রামাণ্য হইতে পারে ? না— তাহা হইতে পারে না ; কারণ, যে পুরুষের ভেদবুদ্ধি বিমর্দিত হয় নাই, সেই পুরুষের সম্বন্ধেই সে সমুদয়ের প্রামাণ্য উপপন্ন হইতে পারে । প্রবোধক জাগরণ না হওয়া পর্য্যন্ত যেরূপ স্বপ্নাদি জ্ঞানের সত্যতা, ইহাও তদ্রূপ । যদি বল, বিবেকী পুরুষেরা অনুষ্ঠান না করায় কর্মবিধির প্রামাণ্য বিলুপ্ত হইতে পারে ? না— তাহাও হইতে পারে না ; কারণ, কাম্যবিধির ত অনুচ্ছেদ বা অনুষ্ঠান দৃষ্ট হয় । অুতিপ্রায় এই যে, যাহারা ‘সকাম ভাব প্রশস্ত নহে,’ এই মনুবচনোক্ত কাম্য-কর্মের নিন্দা অবগত আছেন, তাহারা কাম্যকর্মের অনুষ্ঠান করেন না ; কিন্তু তা’ বলিয়া ত কাম্যকর্মের বিধানসমূহ বিলুপ্ত হইয়া যাইতেছে না ; কামিপুরুষেরা ত (যাহাদের ফল-কামনা আছে, তাহারা) সেই সমস্ত কর্মের অনুষ্ঠানই করিয়া থাকে ; তদ্রূপ ব্রহ্মসংস্থ বিদ্বানেরা কর্মের অনুষ্ঠান করেন না বলিয়া কর্মবিধিসমূহও বিলুপ্ত হয় না ; কারণ, ব্রহ্মজ্ঞানবিহীন লোকেরাই তাহার অনুষ্ঠান করিয়া থাকে ॥ ৫

• যদি বল, [সর্বকর্মনিবৃত্ত] পরিব্রাজকগণের যেরূপ ভিক্ষা-চর্য্যা প্রভৃতি কার্য্যে প্রবৃত্তি হইয়া থাকে, তদ্রূপ যে সমস্ত গৃহস্থের ব্রহ্মাত্মিকত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহাদের সম্বন্ধে

* * তাৎপর্য্য—কর্মীমাংসকগণ বলেন যে, যে সমস্ত বাক্য কোনপ্রকার কর্মানুষ্ঠানের বিধায়ক নহে ; কি লৌকিক, কি বৈদিক, তাদৃশ সমস্ত বাক্যই অপ্রমাণ । একত্ব বোধক বাক্যও যখন কোন ক্রিয়াবোধক নহে, তখন অপ্রমাণ । অপ্রমাণ বাক্য দ্বারা প্রমাণসম্বন্ধ কর্মবিধির বাধা হইতে পারে না । এই আপত্তি খণ্ডনার্থ—ভাষ্যকার বলিলেন যে, অভক্ষ্য ভক্ষণের নিষেধক বাক্যেও ত কোন ক্রিয়ার বিধান নাই, অথচ তুমিও তাহার প্রামাণ্য স্বীকার করিয়া থাক, সুতরাং তদনুসারে ক্রিয়াবোধক না হইলেও একত্ব বাক্যের প্রামাণ্য স্বীকার করিতে হইবে ।

অগ্নিহোত্রাদি কৰ্মসমূহেরও নিবৃত্তি হইবে না ; না—প্রামাণ্যচিন্তাস্থলে অর্থাৎ বাক্যের প্রামাণ্যসম্বন্ধে বিচারস্থলে ব্যক্তিবিশেষের প্রবৃত্তি কখনই দৃষ্টান্ত হইতে পারে না ; কেননা, ‘অভিচার করিবে না’ [শক্র-মারণার্থ ক্রিয়াকে ‘অভিচার’ বলে ।] এই বাক্যে অভিচার কার্য্য প্রতি-
 ষিদ্ধ হইলেও ব্যক্তিবিশেষকে তাহা করিতে দেখা গিয়াছে, এইজন্য কি শক্রতে বিদ্বেষরহিত বিবেকী পুরুষও আর অভিচার করেন ? বিশে-
 ষতঃ কৰ্ম্মানুষ্ঠানে প্রবৃত্তির কারণ হইতেছে ভেদবুদ্ধি ; সেই ভেদবুদ্ধি
 বাধিত হইলেও যেমন পরিব্রাজকের ভিক্ষাচরুণাদি-কার্য্যে প্রবৃত্তির
 প্রযোজকীভূত বুভুক্ষা (ভোজনেচ্ছা) থাকিয়া যায়, তেমনি অগ্নিহোত্রাদি
 কার্য্যে প্রবৃত্তিজনক যে কোনও প্রকার নিমিত্ত আছে, তাহাও নহে । যদি
 বল, এখানেও (গৃহস্থের প্রবৃত্তিতেও) অকরণে পাপোৎপত্তিভয়ই
 প্রবর্ত্তক রহিয়াছে ; না—যেহেতু ভেদজ্ঞান-সম্পন্ন পুরুষেরাই কৰ্ম্মানু-
 ঠানে অধিকারী, (ভেদজ্ঞানরহিত পুরুষ নহে) । একথাও আমরা
 বলিয়াছি যে, বিঘ্ন দ্বারা বাহ্যর ভেদজ্ঞান বিমর্দিত হয় নাই, ভেদজ্ঞান-
 সম্পন্ন সেই পুরুষই কৰ্ম্মেতে অধিকৃত ; যে লোক কৰ্ম্মানুষ্ঠানে অধিকৃত,
 কৰ্ম্মের অকরণে তাহারই প্রত্যবায় জন্মিবে, কিন্তু বাহ্যর অধিকার নিবৃত্ত
 হইয়া গিয়াছে, তাহার নহে । যেমন ব্রহ্মচারীর কর্তব্য বিশেষ বিশেষ
 কার্য্যগুলি অনুষ্ঠান না করায় গৃহস্থের কোন প্রত্যবায় হয় না, ইহাও
 তদ্রূপ । ভাল, এইরূপই যদি হয়, তাহা হইলে একজ্ঞান উৎপন্ন হইলে
 স্ব স্ব আশ্রমস্থিত সকলেই ‘পরিব্রাজক’ সংজ্ঞায় অভিহিত হইতে পারে ?
 না—তাহা হইতে পারে না ; কারণ, তাহাদের স্বস্বামিভাব অর্থাৎ ‘আমি,
 আমার’ বুদ্ধি নিবৃত্ত হয় না ; বিশেষতঃ কৰ্ম্মানুষ্ঠানই অপর অপর
 আশ্রমগুলির একমাত্র উদ্দেশ্য । যেহেতু শ্রুতি বলিতোছেন—‘অনন্তর
 কৰ্ম্ম করিবে’ । অতএব, সর্বপ্রকার স্বস্বামিভাব নিবৃত্ত হওয়ায় এক-
 মাত্র ভিক্ষুকই ‘পরিব্রাজক’ সংজ্ঞায় অভিহিত হইবার যোগ্য, গৃহস্থ
 প্রভৃতির নহে ।

যদি বল, একজ্ঞান-প্রতিপাদক শাস্ত্র-জনিত একজ্ঞান দ্বারা—

যখন বিধির নিষিদ্ধীভূত ভেদবুদ্ধি বিমর্দিত হইয়া যায়, তখন পরিব্রাজকের আর যম-নিয়মাদির * আচরণে প্রবৃত্তি হইতে পারে না ? না—এ আপত্তিও হইতে পারে না ; কারণ, বুভুক্ষা (ভোজনেচ্ছা—ক্ষুধা) প্রভৃতি কারণে তাহাদের একত্বজ্ঞান হইতেও প্রচ্যুতি হওয়া সম্ভবপর হয়, তদবস্থায় তাহাদের পক্ষেও [অনুচিত কর্ম হইতে] নিবৃত্তির জন্ত যম-নিয়মাদির প্রতিপালন করা উপপন্ন হইতে পারে ; কিন্তু তা' বলিয়া তাহাদের পক্ষে নিষিদ্ধ কর্মের অনুষ্ঠানও † সম্ভব হইতে পারে না ; কারণ, একত্বজ্ঞানোদয়ের পূর্বেই সেগুলি নিবৃত্ত হইয়া গিয়াছে। কোন লোক রাত্রিকালে কূপে কিংবা কণ্টকে পতিত হইয়াছে, বলিয়া সূর্য্যোদয়ের পরও তাহাতেই পতিত হয় কি ? অতএব, কর্ম্যানুষ্ঠান হইতে বিরত একমাত্র ভিক্ষুকই (সন্ন্যাসীই) যে, 'পরিব্রাট্' সংস্কার ফেঁগ্যা, (গৃহস্থ প্রভৃতির নহে), ইহা সিদ্ধ হইল।

আর যে জ্ঞানবর্জিত সকলের সম্বন্ধেই পুণালোক প্রাপ্তিরূপ ফল-বিহিত বলা হইয়াছে ; একথাও সত্য, কিন্তু 'তপঃ' শব্দে যে পরিব্রাজকও উক্ত হইতেছে, বলা হইয়াছে ; একথা সত্য নহে ; কারণ ? যেহেতু ভেদবুদ্ধিবিবর্জিত একমাত্র পরিব্রাজকের পক্ষেই ব্রহ্মসংস্কার সম্ভব হইয়াছে, এবং একমাত্র পরিব্রাজকই এখানে অবশিষ্ট বা অনুক্ত রহিয়াছে ; [অতএব, এখানেই তাহার গ্রহণ, কিন্তু তপঃশব্দে নহে], ইহাও আমরা পূর্বেই বলিয়াছি। বিশেষতঃ একত্ববিজ্ঞানসম্পন্ন ব্যক্তির

* তাৎপৰ্য—“অহিংসাসত্যাস্তের-ব্রহ্মচর্যাপরিগ্রহা যমাঃ ॥” (পাতঞ্জলসূত্র ২।৩০)

† শৌচ-সন্তোষ-তপঃ স্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি নিয়মাঃ ॥” (পাতঞ্জলসূত্র ২।৩২)।

মর্মার্থ এই—প্রাণিহিংসা না করা। সত্য ব্যবহার করা। চুরি না করা। ব্রহ্মচর্য—ইন্দ্রিয়সংযম করা। পরের প্রদত্ত দ্রব্য গ্রহণ না করা। এই পাঁচটির নাম 'যম'। আর বাহ ও আন্তর পবিত্রতা, ভাগ্যলব বস্তুতে সন্তুষ্ট থাকা, তপস্যা, বেদাদি শাস্ত্র পাঠ, ঈশ্বর ধ্যান অথবা সমস্ত কর্মফল ঈশ্বরে সমর্পণ করা, এই পাঁচটির নাম 'নিয়ম'।

+ একত্বজ্ঞান উৎপন্ন হইলে সেই জ্ঞানীর অসম্বৃত্তি সমুদয় পূর্ব সংস্কারবশে আপনা হইতেই নিবৃত্ত হইয়া যায়, নিবৃত্তির জন্ত আর প্রয়াস পাইতে হয় না। মোক্ষশাস্ত্রের উপদেশও এইরূপ—“উৎপন্নান্নাববোধস্য, হৃদয়েষ্টে হৃদয়ে গুণাঃ। অযত্নতো ভবন্ত্যস্য নতু সাধনরূপিণঃ ॥ (বেদান্তসার)। অর্থাৎ 'আত্মজ্ঞান উৎপন্ন হইলে অদ্বৈতাদি গুণসমূহ বিনা বহুই সম্পন্ন হইয়া থাকে, কিন্তু ঐ গুণ সমুদয় তখন আর তাহার কোন কৰ্মসাধক হয় না, কারণ, তখন তাহার আর কিছুই প্রাপ্তব্য নাই, সমস্তই প্রাপ্ত হইয়া গিয়াছে।

অগ্নিহোত্রাদি ক্রিয়ার ন্যায় তপস্যাও নিবৃত্ত হইয়া যায় ; কেননা, ভেদবুদ্ধিসম্পন্ন ব্যক্তির পক্ষেই তপস্যা কর্তব্য হইয়া থাকে । ইহা দ্বারাই কৰ্ম্মাবসরে ব্রহ্মসংসৃত্যের সামর্থ্য এবং প্রতিষেধাভাব-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল । আর, কৰ্ম্মবিরত জ্ঞানবান্ই যখন পরিত্রাজক হইবেন, তখন জ্ঞানের আনর্থক্য-শঙ্কাও প্রত্যাখ্যাত হইল ।

পুনশ্চ যে বলা হইয়াছে,—‘যব’ ‘বরাহ’ প্রভৃতি শব্দের ন্যায় ‘ব্রহ্মসংসৃত্য’ শব্দটি পরিত্রাজকে রূঢ় নহে । একমাত্র পরিত্রাজকের পক্ষেই ব্রহ্মসংসৃত্য সম্ভব হয়, অপরের পক্ষে নহে ; এই পূর্বেবাক্ত যুক্তিতে সেই আপত্তিরও পরিহার করা হইয়াছে । আরও যে, বলা হইয়াছে, রূঢ় শব্দের প্রয়োগে কোন নিমিত্তের অপেক্ষা থাকে না ; তাহাও সত্য নহে ; কারণ, গৃহস্থ, তক্ষা ও পরিত্রাজক প্রভৃতি শব্দই ঐরূপ দেখা যায় * । দেখা যায়, ঐ শব্দগুলি গৃহে স্থিতি, পারিত্রাজ্য ও তক্ষণাদি নিমিত্তের অধীন হইলেও গৃহস্থ ও পরিত্রাজক শব্দ দুইটি আশ্রম-বিশেষে এবং তক্ষ শব্দটি জাতিবিশেষে রূঢ় অর্থাৎ প্রসিদ্ধ ; কিন্তু যে যে স্থানে পূর্বেবাক্ত নিমিত্ত আছে, সেই সেই স্থানেই প্রযুক্ত হয় না ; কারণ, সেই সকল অর্থে উহাদের প্রসিদ্ধি নাই । সেইরূপ এখানে ‘ব্রহ্মসংসৃত্য’ শব্দও সর্ব্বাশ্রমাতীত এবং সর্ব্ববিধ কৰ্ম্ম ও তৎসাধন হইতে বিরত পরমহংসনামক পরিত্রাজক অর্থে প্রযুক্ত হইতে পারে ; কারণ, এখানে মুখ্য অমৃত্ত্বরূপ (মোক্করূপ) ফলের শ্রুতি আছে । অতএব ইহাই একমাত্র বেদোক্ত পারিত্রাজ্য, কিন্তু, যজ্ঞোপবীত, ত্রিদণ্ড ও কমণ্ডলু প্রভৃতি গ্রহণ করা নহে । এ বিষয়ে ‘মুণ্ডিতশিরাঃ কৰ্ম্ম ও তৎসাধন পরিত্যাগী এবং অসঙ্গ (অনাসক্ত)’ এই বাক্যও একটি প্রমাণ । শ্বেতাস্বতরোপনিষদেও

* তাৎপর্য—গৃহে তিষ্ঠতি ইতি গৃহস্থঃ,—যে লোক গৃহাশ্রমে থাকে, তাহাকেই ‘গৃহস্থ’ বলা হয়, কেবল গৃহে থাকিলেই বলা হয় না । তক্ষা—‘তক্ষ’ শব্দের স্বার্থ কাষ্ঠাদিকে তক্ষণ করা, অর্থাৎ অস্ত্রাদির সাহায্যে ক্ষীণকরা, সূত্রধর সেই তক্ষণ করে বলিয়াই ‘তক্ষা’ নামে অভিহিত হয় । পরিপূর্ব্বক ‘ব্রজ’ ধাতুর অর্থ—ইতস্ততঃ ভ্রমণ, ‘সন্ন্যাসী’ ঐরূপে ভ্রমণ করেন বলিয়াই ‘পরিত্রাজক’ নামে অভিহিত হন ।

—‘অত্যাশ্রমী (আশ্রমাতীত) লোকসমূহের জন্য সেই পরম পবিত্র স্থান’ ইত্যাদি শ্রুতি রহিয়াছে, এবং ‘(সন্ন্যাসী) স্তুতি ও নমস্কাররহিত’, ইত্যাদি স্মৃতি হইতেও, আর ‘সেইহেতুই পারদর্শী (তর্কদর্শী) যতিগণ কৰ্ম্ম করেন না’ ; ‘সেইহেতু ধর্ম্মরহস্যজ্ঞ পুরুষ অলিঙ্গ ও অব্যক্তলিঙ্গ অর্থাৎ সর্বপ্রকার আশ্রমচিহ্ন ত্যাগ করেন, এবং যাহা কিছু রাখেন, তাহাও সম্পূর্ণরূপে অপরের অপরিজ্ঞাতভাবে, কিংবা গর্ব্বশূন্যভাবে,’ ইত্যাদি স্মৃতিবাক্য হইতেও জানা যায়।

আর সাংখ্যবাদীরা যে, কৰ্ম্মপরিত্যাগ স্বীকার করেন, তাহাও সঙ্গত হয় না ; কারণ, [তাহাদের মতে] ক্রিয়া, কারক ও ফল-বিষয়ক যে ভেদজ্ঞান, তাহা সত্য বলিয়া স্বীকৃত হয়, [সূত্রাং কেবলই জ্ঞানের সাহায্যে সত্যবস্তুর পরিত্যাগ হইতে পারে না ।] বৌদ্ধেরা যে, শূন্যবাদ অঙ্গীকারপূর্ব্বক আত্মার অকর্তৃত্ব স্বীকার করিয়া থাকেন, তাহাও ভাল কথা নহে ; কারণ, শূন্যবাদ-স্বীকার-কর্তারই অস্তিত্ব (সত্যতা) স্বীকৃত হয় । আর অজ্ঞ লোকেরা যে, আলম্বের বশবর্তী হইয়া আত্মার অকর্তৃত্ব স্বীকার করিয়া থাকে, তাহাও সমীচীন নহে ; কারণ, কর্তৃত্বাদি কারকবুদ্ধি ত কোনও প্রমাণ দ্বারা বাধিত হয় নাই ; [সূত্রাং তাহাদের মতে আত্মার অকর্তৃত্বাভ্যুপগম সিদ্ধ হইতে পারে না ।] অতএব স্বতঃপ্রমাণ বেদান্ত-বাক্য হইতে যাহার একত্বজ্ঞান সমুৎপন্ন হইয়াছে, তাহারই কৰ্ম্ম-নিবৃত্তিরূপ পারিব্রাজ্য (সন্ন্যাস) ও ব্রহ্মসংস্হতা হইতে পারে, ইহা সিদ্ধ হইল । একত্বজ্ঞান সমুৎপন্ন হইলে গৃহস্থেরও যে পারিব্রাজ্য হইতে পারে, ইহাও এ কথা দ্বারা ফলে ফলে প্রতিপাদিত হইল ।

এখন আপত্তি হইতেছে যে, পরিব্রাজ্যকারী ব্যক্তি ত অগ্নি-পরিত্যাগজনিত দোষে প্রত্যবায়ী হইতে পারে ? কেননা, শ্রুতি বলিতেছেন—‘যে লোক (অগ্নিহোত্রী পুরুষ) অগ্নি পরিত্যাগ করে, সে দেবগণের বীর্ষঘাতী হয় ।’ না—এ আপত্তিও হইতে পারে না ;

কারণ, দৈবকর্তৃকই তাহা উৎসাদিত হইয়াছে ; একই সাক্ষাৎকার হওয়ার পর সেই অগ্নি ত উৎসন্নই হইয়াছে ; কারণ, শ্রুতি বলিতেছেন—[তখন] ‘অগ্নিরও অগ্নিঃ অপগত হইয়া যায়’ । অতএব, গৃহস্থ পরি-ব্রাজক হইয়া কখনই দোষভাগী (পাপী) হইতে পারে না ॥ ১৬৬।

যৎসংস্থোহমৃতমেতি, তন্নিক্রপণার্থমাহ—

প্রজাপতির্লোকানভ্যতপং, তেভ্যোহভিতপ্তেভ্যস্ত্রয়ী বিদ্যা
সম্প্রাপ্তবৎ, তামভ্যতপং, তস্মা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি
সম্প্রাপ্তবন্ত—ভূভুবঃ স্বরিতি ॥ ১৬৭ ॥ ২ ॥

[যস্মিন্ সংস্থিতোহমৃতত্বং প্রাপ্নোতি, তন্নিক্রপণায় উপক্রমতে “প্রজাপতিঃ” ইতি দি ।—প্রজাপতিঃ (বিরাটপুরুষঃ) লোকান্ (স্বর্গাদিলক্ষণান্ উদ্दिश) অভ্যতপং (তদ্বিষয়কং সমাক্ তপঃ কৃতবান্) । অভিতপ্তেভ্যঃ তেভ্যঃ (লোকেভ্যঃ) [সারভূতা] ত্রয়ীবিদ্যা (বেদবিদ্যা) সম্প্রাপ্তবৎ (নির্গতঃ, প্রজাপতেঃ মনসি প্রতিভাতা অভূদিত্যর্থঃ) ; তাং (ত্রয়ীবিদ্যাং) অভ্যতপং [প্রজাপতিঃ] ; অভিতপ্তায়াঃ তস্মাঃ (বিদ্যায়াঃ) এতানি (বক্ষ্যমাণানি) ভূভুবঃ স্বঃ ইতি (এবংলক্ষণানি) অক্ষরাণি (বর্ণাঃ ব্যাহতয়ঃ) সম্প্রাপ্তবন্ত (নিঃসৃত্যঃ বভূবুরিত্যর্থঃ) ॥

বিরাট পুরুষ ত্রিলোককে উদ্দেশ্য করিয়া তপস্বী (ধ্যান) করিয়াছিলেন ; পরিতৃপ্ত হইয়া সেই লোকত্রয় হইতে সারভূতা বেদবিদ্যা বহির্গত হইল, অর্থাৎ প্রজাপতি-হৃদয়ে বেদবিদ্যা প্রকাশ পাইল । তিনি পুনশ্চ সেই ত্রয়ীবিদ্যার ধ্যান করিলেন, অনুধ্যাত সেই বিদ্যা হইতে এই অক্ষরগুলি প্রাচুর্ভূত হইল—‘ভূঃ’, ‘ভুবঃ’ ও ‘স্বঃ’, [এই তিনটির নাম ব্যাহতি] ॥

শাকর-ভাষ্যম্ । প্রজাপতির্বিরাট্ কণ্বপো বা লোকানুদ্दिश তেষু সারজিষ্ণুয়া অভ্যতপং অভিতপং কৃতবান্—ধ্যানং তপঃ কৃতবানিত্যর্থঃ । তেভ্যোহভিতপ্তেভ্যঃ সারভূতা ত্রয়ী বিদ্যা সম্প্রাপ্তবৎ প্রজাপতেশ্চ মনসি প্রতিভূদিত্যর্থঃ । তামভ্যতপং—পূর্ববৎ । তস্মা অভিতপ্তায়া এতান্যক্ষরাণি সম্প্রাপ্তবন্ত ভূভুবঃ স্বরিতি ব্যাহতয়ঃ ॥ ১৬৭ ॥ ২

আনন্দগিরিঃ । কিং তদ্ ব্রহ্মেত্যাকাঙ্ক্ষায়ামাহ—যৎসংস্থ ইতি । লোকানভিতো দক্ষতয়াহভিতাপপ্রতিভাসং ব্যবচ্ছিনতি—ধ্যানমিতি । দ্রব্যাত্মত্বাবে কথং প্রস্রবণং ত্রয়াঃ শূদিত্যাশঙ্কাহ—প্রজাপতেরিত্তি । পূর্ববদিত্তি । ত্রয়ীবিদ্যাসারজিষ্ণুরালোচিত-বানিত্যর্থঃ । ১৬৭।২

ভাষ্যানুবাদ । লোক যাহাতে নির্জাপ্রাপ্ত হইয়া অমৃতত্ব লাভ করে, তাহার নিরূপণের জন্ত বলিতেছেন—প্রজাপতি-অর্থ—বিরাট-পুরুষ অথবা কশ্যপ মুনি [কারণ, তিনিও প্রজাপতি নামে অভিহিত হন ।] তিনি লোকসমূহকে উদ্দেশ করিয়া অর্থাৎ তাহাদের সার গ্রহণের ইচ্ছায় অভিভাষা করিয়াছিলেন, অর্থাৎ তদ্বিষয়ে ধ্যানরূপ তপস্যা করিয়াছিলেন । অভিভাষিত সেই লোকত্রয় হইতে সারভূতা ত্রয়োবিছা নিঃসৃত হইল, অর্থাৎ প্রজাপতির মনোমধ্যে প্রতিভাত হইল ; পূর্বের ন্যায় তাহারও ধ্যান করিলেন ; অভিভাষিত (চিন্তিত) তাহা (ত্রয়োবিছা) হইতে এই অক্ষরসমূহ—ভূঃ, ভুবঃ, ও স্বঃ, এই ব্যাহতি কয়টি প্রকাশ পাইল ॥ ১৬৭ ॥ ২

তাণ্ডভ্যতপৎ, তেভ্যোহভিতপ্তেভ্য ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ ; তদ্বথা শঙ্কনা সর্কানি পর্গানি সংতৃগ্নাণ্যেবমোঙ্কারেণ সর্কবা বাক্ সংতৃগ্না ; ওঁকার এবেদং সর্কমোঙ্কার এবেদং সর্কম্ ॥ ১৬৮ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়স্য ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥ ২৩ ॥

তানি অক্ষরানি (ভূঃ, ভুবঃ, স্বঃ) অভ্যতপৎ [প্রজাপতিঃ] ; অভিভাষিতপ্তেভ্যঃ তেভ্যঃ (অক্ষরেভ্যঃ) ওঙ্কারঃ (প্রণবঃ) সম্প্রাস্রবৎ (নির্গতঃ বভূব) । তদ্বথা (দৃষ্টান্তঃ) - শঙ্কনা (পত্রনালেন) সর্কানি পর্গানি (পত্রাণি) সংতৃগ্নানি (ব্যাপ্তানি সন্তি), এবম্ (উক্তানুরূপম্) ওঙ্কারেণ সর্কবা বাক্ (শব্দঃ) সংতৃগ্না, ওঙ্কারঃ এব (নিশ্চয়ে) ইদং (দৃশ্যমানং) সর্কং (বস্তুজাতং, ভ্রগদিত্যর্থঃ) । [দ্বিকৃষ্টিঃ স্তৃত্যর্থী] ।

প্রজাপতি আবার সেই অক্ষরত্রয়কে অভিধ্যান করিলেন ; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার প্রাপ্ত হইল । পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র ব্যাপ্ত থাকে, তেমনি ওঙ্কার দ্বারাও সমস্ত বাক্য ব্যাপ্ত রহিয়াছে ; ওঙ্কারই এই সর্কজগৎ । আদ্যাতিশয় প্রদর্শনার্থ দ্বিকৃষ্টি করা হইয়াছে ॥

দ্বিতীয়াধ্যায়ের ত্রয়োবিংশ খণ্ডের ব্যাখ্যা ।

শাঙ্কর-ভাষ্যম্ । তানি অক্ষরানি অভ্যতপৎ, তেভ্যোহভিতপ্তেভ্যঃ সারভূত ওঙ্কারঃ সম্প্রাস্রবৎ, তদ্বথা । কীদৃশম্ ? ইত্যাহ—তদ্বথা শঙ্কনা পর্গনালেন সর্কানি পর্গানি পত্রাবয়বজাতানি সংতৃগ্নানি নিবিছানি ব্যাপ্তানীত্যর্থঃ । এবম্

ওঙ্কারেণ ব্রহ্মণা পরমাত্মনঃ প্রতীকভূতেন সৰ্ব্বা বাক্ শব্দজাতঃ সংতৃপ্তা,
“অকারো বৈ সৰ্ব্বা বাক্” ইত্যাদিশ্রুতেঃ । পরমাত্মবিকারশ্চ নামধেয়মাত্ৰম্
ইত্যত ওঙ্কারঃ এবেদং সৰ্ব্বমিতি । দ্বিরভ্যাস আদরার্থঃ । লোকাদিনিষ্পাদন-
কথনম্ ওঙ্কারস্ত্যর্থমিতি ॥ ১৬৮ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়শ্চ ত্রয়োবিংশখণ্ড-ভাষ্যম্ ॥ ২৩

আনন্দগিরিঃ । কথং তশ্চ ব্রহ্মশব্দবাচ্যমিত্যাশঙ্ক্য মহত্তরত্বাদিত্যাহ—কীদৃশ-
মিত্যাदिना । তত্র ব্রহ্মশব্দপ্রবৃত্তৌ হেতুস্তরং সূচয়তি—পরমাত্মান ইতি । ওঙ্কার-
বয়বশ্চাকারশ্চাপি সৰ্ব্ববাগ্ ব্যাপ্তিরস্তি, কিমু বক্তব্যমোঙ্কারশ্চেতি মহানঃ শ্রুত্যস্তরমুদাধরতি—
অকার ইতি । ওমিতীদং সৰ্ব্বমিত্যাদিবাক্যমাদিপদার্থঃ । ওঙ্কারব্যাপ্তবেহপি বাগ্-
জাতশ্চ ন তশ্চ সৰ্ব্বাশ্চহমাকাশাদিপরমাত্মবিকারশ্চ পৃথগেব বিদীয়মানত্বাদিত্যাশঙ্ক্যাহ—পর-
মাত্মভূক্তি । সকলমপি জগৎ পরমাত্মবিকারত্বাৎ তদতিরেকেণ নাস্তি । স চ প্রকৃতাদো-
ঙ্কারাৎ নাতিরিচ্যতে । “এতদ্বৈ সত্যকাম পরং চাপরং চ ব্রহ্ম, যদোঙ্কারঃ” ইতি শ্রুতেঃ ।
তস্মাদ্ভুক্তমোঙ্কারশ্চ সৰ্ব্বাশ্চহমিত্যর্থঃ । ওঙ্কারঃ সৰ্ব্বাশ্চকং ব্রহ্মরূপমুপাসীতেতি বিধিসমাপ্তার্থ-
মিতি-শব্দঃ । কিমিত্যোঙ্কারশ্চ লোকাদিদ্বারা নিষ্পত্তিরুচ্যতে ? তত্রাহ—লোকাদীতি ।
স্বতিশ্চোপাস্ত্যর্থ্য । যৎ সূত্রতে তদ্বিধীয়ত ইতি স্থিতেঃ । তথা চ সিন্ধুমোঙ্কারোপাসনমমৃতযু-
ফলমিতি বক্তৃমিতিশব্দঃ ॥ ১৬৮ ॥ ৩

ইতি দ্বিতীয়াধ্যায়শ্চ ত্রয়োবিংশঃ খণ্ডঃ ॥

ভাষ্যানুবাদ । প্রজাপতি সেই অক্ষরসমূহকে বক্ষ্য করিয়া
ধ্যান করিলেন ; অভিধ্যাত সেই অক্ষরসমূহ হইতে ওঙ্কার নিঃসৃত
হইল, [ওঙ্কারই ব্রহ্ম] । সেই ব্রহ্ম কি প্রকার, তাহা বলিতেছেন—শব্দ
অর্থাৎ পত্রনাল দ্বারা যেমন সমস্ত পত্র অর্থাৎ পত্রাবয়ব নিবন্ধ—ব্যাপ্ত
থাকে, এইরূপ পরমাত্মার প্রতীকস্বরূপ ওঙ্কাররূপী ব্রহ্ম দ্বারাও সমস্ত
বাক্ অর্থাৎ শব্দরাশি সংতৃপ্ত অর্থাৎ পরিব্যাপ্ত ; যেহেতু ‘অকারই সমস্ত
বাক্স্বরূপ’ ইত্যাদি শ্রুতি রহিয়াছে । অথচ যে কিছু নাম বা শব্দ,
তৎসমস্তই পরমাত্মার বিকার ; অতএব, ওঙ্কারই এতৎসমস্তস্বরূপ ;
আদরার্থ দ্বিরুক্তি [করা হইয়াছে] । ওঙ্কারের স্তুতি প্রকাশনার্থ
লোকাদি নিষ্পাদন বর্ণিত হইয়াছে ॥ ১৬৮ ॥ ৩

দ্বিতীয়াধ্যায়ে ত্রয়োবিংশ খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ২৩

দ্বিতীয়াধ্যায়ে

চতুর্বিংশঃ খণ্ডঃ ।

‘আভাসঃ (শাক্তরঃ) । সামোপাসনপ্রসঙ্গে কৰ্ম্মগুণভূতত্বাৎ নিবৰ্ত্ত্য
ওঙ্কারঃ পরমাত্মপ্রতীকত্বাৎ অমৃতত্বহেতুত্বেন মহীকৃত্য প্রকৃতশ্চৈব যজ্ঞশ্চ
অঙ্গভূতানি সামহোমমন্ত্রোথানান্যাপদিদিক্শ্চ—

অনুবাদ । [অতীত খণ্ডসমূহে] সামোপাসনাপ্রসঙ্গে ওঙ্কারের
কৰ্ম্মাঙ্গত্ব নিষেধ করিয়া এবং পরমাত্মার ‘প্রতীক’ত্ব নিবন্ধন উহাকেই
মোক্ষলাভের উপায়ভূত বলিয়া [ওঙ্কারের] অভিনন্দন করিয়া
প্রস্তাবিত যজ্ঞের অঙ্গ স্বরূপ সাম, হোম, মন্ত্র ও উথানের উপদেশ
করিতে ইচ্ছুক হইয়া বলিতেছেন—(১)

ব্রহ্মবাদিনো বদন্তি—বদ্বসূনাং প্রাতঃসবনঞ্চ রুদ্রাণাং
মাধ্যন্দিনঞ্চ সবনমাদিত্যানাঞ্চ বিশ্বেষাঞ্চ দেবানাং তৃতীয়-
সবনম্ ॥ ১৬৯ ॥ ১

ব্রহ্মবাদিনঃ (ব্রহ্মনিষ্ঠাঃ) বদন্তি (কথয়ন্তি) ; [কিং ? তদাহ]—
যৎ প্রাতঃসবনং (যজ্ঞাঙ্গভূতং প্রাতঃকালীনং স্নানং, তৎ) বসূনাং (বসুভিঃ
তৎফলমধিকৃতমিত্যর্থঃ) । [যৎ] মাধ্যন্দিনং সবনং (মধ্যাহ্নকালীনং
স্নানং), [তৎ] রুদ্রাণাং, (রুদ্রৈঃ খলু তৎফলমধিকৃতমিত্যর্থঃ) ; [যচ্চ] তৃতীয়-
সবনং (সায়ংকালীনং স্নানং), [তৎ] আদিত্যানাং বিশ্বেষাং দেবানাং চ (দ্বাদশ-
ভিরাদিত্যৈঃ বিশ্বেদেবৈশ্চ তৎফলমধিকৃতমিত্যর্থঃ) ।

ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজ্ঞাঙ্গভূত] যে প্রাতঃকালীন স্নান, তাহা
বসুগণের মধ্যাহ্নকালীন স্নান রুদ্রগণের ; আর তৃতীয় সবন, অর্থাৎ সায়ংকালীন
স্নান আদিত্যগণের ও বিশ্বদেবগণের অধিকৃত ॥

(১) তাৎপর্য—পূর্বে যে, পঞ্চবিধ ও সপ্তবিধ সামোপাসনা উক্ত হইয়াছে, সেই সামগুলি
যজ্ঞাঙ্গভূত, অর্থাৎ যজ্ঞে বিনিযুক্ত ; সুতরাং তাহার সহযোগে প্রণবের উপাসনা উপদিষ্ট হওয়ার
সহজেই শকা হইতে পারে যে, এই প্রণবও বৃষ্টি একটি যজ্ঞাঙ্গবিশেষ ; যজ্ঞাঙ্গ হইলে তাহার
উপাসনার কখনই মোক্ষলাভ হইতে পারে না ; এই কারণেই ওঙ্কারের কৰ্ম্মাঙ্গত্ব প্রতিবেদন করা
হইয়াছে, এবং ইহা যে, বসুতঃ পরব্রহ্মেরই ‘প্রতীক’ অর্থাৎ একদেশভূত, এবং ইহার উপাসনা-
কল যে, মুক্তিলাভ, তাহাও জ্ঞাপন করা হইয়াছে।

শাক্তরভাষ্যম্ । ব্রহ্মবাদিনো বদন্তি, যৎ প্রাতঃসবনং প্রসিদ্ধম্, তৎ বহুনাং ।
তৈশ্চ প্রাতঃসবনসম্বন্ধোহয়ং লোকে বশীকৃতঃ প্রাতঃসবনেশানৈঃ । তথা রুদ্রেঃ
মাধ্যম্নিনসবনেশানৈঃ অন্তরিক্ষলোকঃ । আদিতৈশ্চ বিশ্বৈর্দেবৈশ্চ তৃতীয়-
সবনেশানৈঃ তৃতীয়ে লোকে বশীকৃতঃ । ইতি যজমানশ্চ লোকোহন্তঃ পরিশিষ্টো
ন বিদ্যতে ॥ ১৬৯ ॥ ১

আনন্দগিরিঃ । প্রাসঙ্গিকং হিহা প্রকৃতমনুসঙ্গত্রে—স্মাৎমতি । পঞ্চবিধং সপ্ত-
বিধঞ্চ গুজ্জাকীভূতং সাম তস্মোপাসনবচনাদোক্তারশ্চ তদগুণশ্চ স্মতরামেব কর্মগুণেষু প্রাপ্তে
ততস্তং ব্যাবর্ত্য ব্রহ্মপ্রতীকহাৎ কেবল্যহেতুত্বেন তমেব মহীকৃত্য প্রস্তুতগুজ্জাকীভূতসামাদি-
বিস্তানবিধানার্থমুত্তরবাক্যানিত্যর্থঃ ।

সামহোমময়োথান-সামাদিজ্ঞানবিধিৎসয়া । তদপরিজ্ঞানে ° দোষমাহ—ব্রহ্মেত্যাদিনাং
তেষাং প্রাতঃসবনেশানহেতুপি যজমানশ্চ কা হানিরিত্যাশঙ্ক্যাহ—তৈশ্চৈত্ৰি । যথা পৃথিবী-
লোকে বহুভিস্থখতি যাবৎ । অন্তরিক্ষলোকে বশীকৃত ইতি পূর্বেণ সম্বন্ধঃ । তৃতীয়ে
লোকে দ্ব্যলোকাগাঃ । অস্ত তত্তদেবানাং তত্তলোকবশীকারশ্চাপি যজমানশ্চ লোকিহে
কিমায়াতনিত্যাশঙ্ক্যাহ—ইতি যজমানশ্চৈত্ৰি ॥ ১৬৯ ॥

ভাষ্যানুবাদ । ব্রহ্মবাদিগণ বলিয়া থাকেন—[যজ্ঞে] প্রসিদ্ধ
যে প্রাতঃস্নান, তাহা বহুগণের, অর্থাৎ প্রাতঃসবনাধিপতি সেই অষ্ট
বহুকর্তৃক প্রাতঃসবন সংস্রষ্ট এই লোক (পৃথিবী) বশীকৃত রহিয়াছে ।
সেইরূপ মধ্যাহ্নকালীনস্নানের অধিপতি রুদ্রগণকর্তৃক অন্তরিক্ষ লোক
[বশীকৃত আছে] । তৃতীয় সবনের অর্থাৎ সায়ংকালীন স্নানের
অধিপতি আদিত্য ও বিশ্বদেবগণকর্তৃক তৃতীয়—স্বর্গলোক বশীকৃত
রহিয়াছে ; স্মতরাং যজমানের জন্ম অবশিষ্ট (তাহাদের অনধিকৃত)
অপর কোনও লোকে নাই ॥ ১৬৯ ॥ ১

ক তহি যজমানশ্চ লোক ইতি , স যন্তং ন বিদ্যাৎ কথং
কুর্যাদথ বিদ্বান্ কুর্যাৎ ॥ ১৭০ ॥ ২

তহি (লোকত্বেহপি বস্বাদিভিরধিকৃতে সতি) যজমানশ্চ (বাগকর্তৃঃ)
লোকঃ (ফলীভূতং স্থানং) ক ? (কুত্র বিদ্যতে ? বদার্থং যজ্ঞত ?) ইতি ; যঃ
(যঃ কুশিৎ) তং (স্বগস্তব্ধূতং লোকং) ন বিদ্যাৎ (ন জানীয়াৎ) সঃ, (অবি-
জ্ঞাতা) কথং কুর্যাৎ (ন কথমপি কুর্যাৎ, যজ্ঞমিতিশেষঃ) ; অথ (পক্ষান্তরে)
বিদ্বান্ (লোকাস্তিহং জানন্ সন্) কুর্যাৎ (যজ্ঞম্ অনুতিষ্ঠেদিত্যর্থঃ) ॥

[ত্রিলোকই যদি দেবগণকর্তৃক অধিকৃত রহিল,] তাহা হইলে যজমানের

আর লোক (গম্ভব্য স্থান) কোথায় ? 'যে লোক তাহা জানে না, সে লোক
কি রূপে যজ্ঞ করিবে ? পক্ষান্তরে, জানিলেই করিতে পারে ॥

শাক্তরভাব্যম্ । অতঃ কু তর্হি যজমানশ্চ লোকঃ, যদর্থং যজতে ; ন
কচিল্লোকোহস্তীত্যভিপ্রায়ঃ ; "লোকায় বৈ যজতে, যো যজতে" ইতি শ্রুতেঃ ।
লোকাভাবে চ স যো যজমানঃ তং লোকস্বীকরণোপায়ং সামহোমমস্তোথানলক্ষণং
ন বিজানীয়াৎ, সোহজ্ঞঃ কথং কুর্যাৎ যজ্ঞম্, ন কথঞ্চন তশ্চ কর্তৃত্বমুপপদ্যত
ইত্যর্থঃ । সামাদিবিজ্ঞানস্তুতিপরত্যাং নাবিদ্বষঃ কর্তৃত্বং কৰ্ম্মমাত্রবিদঃ । প্রতি-
ষিধ্যতে । স্তুতয়ে চ সামাদিবিজ্ঞানশ্চাবিদ্বৎকর্তৃত্বপ্ৰতিষেধায় চ, ইতি হি ভিঞ্জেত
হ্যাক্যম্ । আদ্যে চৌষন্ত্যে কাণ্ডে অবিদ্বষোহপি কৰ্ম্মাস্তীতি হেতুমবোচাম ।
অথ এতদ্বক্ষ্যমাণং সামাদ্যুপায়ং বিদ্বান্ কুর্যাৎ ॥ ১৭০ ॥ ২

আনন্দগিরিঃ । পরিশিষ্টলোকাভাবোহতঃশকার্থঃ । তর্হি দেহপাতাদূর্দ্ধমিত্যেতৎ ।
লোকাপেক্ষাং বিনাপি বিধিবশাদ্বোগো ভবিষ্যতীত্যশঙ্ক্যাহ—লোকায়ৈতি । লোকত্রয়শ্চ
বন্দ্যধীনতয়া যজমানানধীনত্বে তশ্চ তদধীনত্বার্থং যজ্ঞাদানুষ্ঠানমিত্যাশঙ্ক্যাহ—লোকা-
স্তর্হি চেতি । অজ্ঞো মজ্ঞঃ স্বর্গাদিসাধনীভূতঃ কথং কুর্যাদিত্যাশ্লেপাদবিদ্বৎকৰ্ম্মানুষ্ঠান-
নিন্দাপরং বাক্যমিত্যাশঙ্ক্যাহ—সামাদীতি । অণেতীদং বাক্যং স্তুতার্থে নিষেধার্থে চ ভবিষ্যতি
নেত্যাহ—স্তুতয়ে চেতি । ইতশ্চাবিদ্বৎকর্তৃত্বং নিষেদ্ধুমশক্যমিত্যাহ—আদ্যেচেতি ।
মটচীহতেষিত্যাদৌ বিদ্বষঃ সন্নিধানে তদনুষ্ঠানমন্তরেণাবিদ্বষঃ কৰ্ম্ম কর্তৃত্বমুক্তম্ । প্রত্যবার-
প্রসঙ্গাৎ । তদসন্নিধৌ তু তেনাপি ক্রিয়মাণঃ কৰ্ম্ম ন হ্রব্যতীত্য়পপাদিতমিত্যর্থঃ । অথ শক্যো
হেত্বর্ধঃ । সামাদ্যবিজ্ঞানে বশাদ্ যজ্ঞাদ্যকরণমেন প্রাপ্তং তস্মাদিত্যর্থঃ ॥ ১৭০ ॥ ২

ভাষ্যানুবাদ । অতএব, তাহা হইলে যজমানের (যজ্ঞকর্তার)
লোক কোথায় ? অভিপ্রায় এই যে, কোথাও তাহার লোক (প্রাণ্য-
স্থান) নাই ; শ্রুতি বলিয়াছেন, যিনি যজ্ঞ করেন, তিনি লোক প্রাপ্তির
জন্যই যজ্ঞ করেন' । [প্রাপ্য] লোক না থাকিলে সেই যজমান
লোকলাভের উপায়ভূত সেই সাম হোম, মন্ত্র ও উথান, এ সমস্ত বিষয়
জানিতেও সচেষ্ট হয় না ; [স্তুতরাং] সেই অনভিজ্ঞ লোক কিরূপে যজ্ঞ
করিবে ? অর্থাৎ কোনরূপেই তাহার কর্তৃত্ব উপপন্ন হয় না । সামাদি-
বিষয়ক বিজ্ঞানের স্তুতি করাই এই বাক্যের উদ্দেশ্য ; অতএব, এখানে
তদ্বিষয়ক বিজ্ঞানরহিত, অথচ কেবল কৰ্ম্মস্বরূপমাত্রাভিজ্ঞ ব্যক্তির কর্তৃত্ব
নিষিদ্ধ হইতেছে না ; কেন না, সামাদি-বিজ্ঞানের স্তুতি এবং অবিদ্বানের
কর্তৃত্ব প্রতিষেধ (কৰ্ম্মাধিকার নিবৃত্তি) এইরূপ উভয় অর্থে তাৎপর্য
কল্পনা করিলে নিশ্চয়ই বাক্যভেদ হইয়া পড়ে । [একটি বাক্যকে

দুইটি বাক্যে পরিণত করার নাম বাক্যভেদ ; বাক্যভেদ কল্পনা যে দোষাবহ, তাহা পূর্বেই অনেকবার বুঝান হইয়াছে।] অবিদ্বানেরও যে কৰ্ম্মাধিকার আছে, প্রথমে ঔষন্ত্যকাণ্ডেই তাহার হেতু বলিয়াছি। অতএব, বক্ষ্যমাণ সামাদি উপায় অবগত হইয়া কার্য্য করিবে ॥১৭০॥২

পুরা প্রাতরনুবাকশ্চোপাকরণাজ্জঘনেন গার্হপত্যশ্চোদ-
দুখ উপবিশ্য স বাসবঃ সামাভিগায়তি ॥ ১৭১ ॥ ৩

সঃ (যজমানঃ) প্রাতরনুবাকশ্চ (প্রাতঃপঠনীয়শ্চ শব্দশ্চ) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা (পূৰ্ব্বং) গার্হপত্যশ্চ (তন্নানকশ্চ অগ্নঃ) জঘনেন (পশ্চাৎ) উপবিশ্য উদগ্ৰুখঃ (উত্তরামুখঃ সন্) বাসবঃ (বসুদৈবত্যাং) সাম অভিগায়তি (যথাযথং গায়াদিত্যর্থঃ) ।

সেই যজমান প্রাতঃকালীন 'অনুবাক'পাঠ আরম্ভের পূর্বে গার্হপত্যনামক অগ্নির পশ্চাত্তাগে উপবেশন করিয়া উত্তরমুখ হইয়া বসুদেবতাধিষ্ঠিত—বাসব নাম গান করিবে ॥

শাক্তরভাব্যম্ । কিং তদ্ বেদম্ ? ইত্যাহ—পুরা পূৰ্ব্বং প্রাতরনুবাকশ্চ শব্দশ্চ প্রারম্ভাৎ জঘনেন গার্হপত্যশ্চ পশ্চাৎ উদগ্ৰুখঃ সন্ উপবিশ্য স বাসবঃ বসু-
দৈবত্যাং সাম অভিগায়তি ॥ ১৭১ ॥ ৩

আনন্দগিরিঃ । জ্ঞাতব্যং সামাদি প্রশ্নপূৰ্ব্বকং বিবৃণোতি—কিং তদিত্যাदिना । অগ্রগীতমৃগ্জাতং শব্দং, যৎ প্রাতঃকালে শব্দতে প্রাতরনুবাকং, তস্মেতি যাবৎ । উপাকরণাদিত্য-
সার্থমা—প্রারম্ভাদিত্তি । জঘনেনেত্যেতদ্ বাচষ্টে—পশ্চাদিত্তি । স গার্হপত্যস্য পৃষ্ঠত উদগ্ৰুভাগে স্থিত্বা বসুদেবতাকং সামগানং কৃতবানিত্যর্থঃ । স বাসবমিত্যত্র স-শব্দো যজমানবিষয়ঃ ॥ ১৭১ ॥ ৩

ভাষ্যানুবাদ । সেই জ্ঞাতব্য বিষয় কি ? তাহা বলিতেছেন—
প্রাতরনুবাকের অর্থাৎ প্রাতঃকালে পঠনীয় 'শব্দ' নামক * স্তোত্রপাঠা
রম্ভের পূর্বে গার্হপত্য নামক অগ্নির জঘনে অর্থাৎ পশ্চাত্তাগে উত্তর-
মুখ হইয়া উপবেশন করিয়া সেই যজমান বাসব—বসুদৈবতক সাম
গান করিবে ॥১৭১॥৩

লো ৩ কদ্বারমপাবা ৩ নু ৩ ৩ পশ্চেষ্ম ত্বা বয়ৎ রা ৩ ৩ ৩ ৩ ৩
হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ যো ৩ আ ৩ ২ ১ ১ ১ ইতি ॥ ১৭২ ॥ ৪

* তাৎপর্য্য—যে সমস্ত শব্দ মন্ত্র গীত হয় না, সে সকলকে 'শব্দ' বলা হয়। আর
যাহা প্রাতঃকালে পঠিত হয়, তাহার নাম 'প্রাতরনুবাক'। এখানে টীকা জটিল।

[পদচ্ছেদঃ]—লোকদ্বারম্, অপাবৃণু, পশ্চেম, হা, বয়ং রাজ্যায়, ইতি ।
 অর্থঃ - পূর্কোক্তং বিজ্ঞেয়ং বস্তু আহ—লোকেতি । [হে অগ্নে,] লোকদ্বারম্
 (পৃথিবীলোক প্রাপ্তেঃ উপায়ম্) অপাবৃণু (উদ্বাটয়, নির্কিয়ং কুরু ইত্যর্থঃ),
 বয়ং (যজমানাঃ) রাজ্যায় (পার্থিবরাজ্যভোগায়) হা (হাং) পশ্চেম
 (উপলভেমহি) ॥

এখন পূর্কোক্ত বিজ্ঞেয় বিষয় নির্দেশ করিতেছেন—হে অগ্নি তুমি [আমাদের]
 লোকদ্বার অপাবৃত কর, অর্থাৎ পৃথিবী লোকপ্রাপ্তির উপায়কে নিষ্কটক করিয়া
 দাও ; রাজ্যলাভের জন্ত আমরা যেন তোমাকে দর্শন করিতে পাই ॥

শাক্তরভাষ্যম্ । লোকদ্বারমশ্চ পৃথিবীলোকশ্চ প্রাপ্তয়ে দ্বারমপাবৃণু হে
 অগ্নে, তেন দ্বারেণ পশ্চেম হা হাং রাজ্যায়ৈতি ॥ ১৭২ ॥ ৪

আনন্দগিরিঃ । রাজ্যায় হৃদর্শনেন হৃদমুক্তয়া পৃথিবীপ্রযুক্তভোগায়ৈত্যর্থঃ ॥ ১৭২ ॥ ৪

ভাষ্যানুবাদ । লোকদ্বার অর্থ এই পৃথিবীলোকলাভের
 উপায়কে অপাবৃত কর । হে অগ্নে, সেই দ্বার দ্বারা তোমাকে [যেন]
 রাজ্য প্রাপ্তির জন্ত দর্শন করিতে পারি ॥ ১৭২ ॥ ৪

অথ জুহোতি নমোহগ্নয়ে পৃথিবীক্ষিতে লোকক্ষিতে লোকং
 মে যজমানায় বিন্দৈষ বৈ যজমানশ্চ লোক এতাস্মি ॥ ১৭৩ ॥ ৫

[হোমমন্ত্রমাহ—অথেতি]—অথ (অনস্তরং), জুহোতি (হোমং করোতি)
 পৃথিবীক্ষিতে (পৃথিবীগতায়) লোকক্ষিতে (লোক-নিবাসায়,—পৃথিবীলোকবাসিনে
 ইত্যর্থঃ), অগ্নয়ে নমঃ (নমস্কারঃ) [অস্তু] । যজমানায় (যাগকর্ত্তে) মহং
 লোকং বিন্দ (লভস্ব) ; এষ বৈ (এব) যজমানশ্চ লোকে এতা (গস্তা) অস্মি] ।

হোমের মন্ত্র কথিত হইতেছে—অনস্তর যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিবে ।
 [মন্ত্র যথা] হে অগ্নে, পৃথিবীলোকবাসী তোমার উদ্দেশে নমস্কার ; আমি যজ্ঞ
 করিতেছি ; তুমি আমার উদ্দেশে [উপযুক্ত] লোক প্রাপ্ত হও ; এই আমিই
 যজমানের লোকে যাইতেছি ॥

শাক্তরভাষ্যম্ । অথানস্তরং জুহোত্যেনে মন্ত্রেণ—নমোহগ্নয়ে প্রহ্বীভূতাঃ
 তুভ্যং বয়ং পৃথিবীক্ষিতে পৃথিবীনিবাসায় লোকক্ষিতে লোকনিবাসায় পৃথিবী-
 নিবাসায়ৈত্যর্থঃ । লোকং মে মহং যজমানায় বিন্দ লভস্ব । এষ বৈ মম যজ-
 মানশ্চ লোক এতা গস্তাস্মি ॥ ১৭৩ ॥ ৫

আনন্দগিরিঃ। পৃথিব্যাং ক্রিয়তি বসতীতি পৃথিবীক্ষিৎ, তস্মৈ পৃথিবীক্ষিতে । পৃথিবী-
লোকে ময়া লকে তব কিং শ্চাদিত্যাশঙ্ক্যাহ—এষ বৈ মম যজমানস্শ্চি ॥১৭৩৫

ভাষ্যানুবাদ । অথ অর্থ—অনন্তর, এই মন্ত্র দ্বারা হোম
করিবে—পৃথিবীক্ষিৎ—পৃথিবীনিবাসী ও লোকক্ষিৎ—লোকনিবাসী,
অর্থাৎ পৃথিবীলোকনিবাসী অগ্নির উদ্দেশে নমস্কার, অর্থাৎ হে অগ্নে,
তোমার উদ্দেশে আমরা প্রণত হইতেছি । আমি যজ্ঞকারী, আমার
জন্ম তুমি [উপযুক্ত] লোক প্রাপ্ত হও ; এই আমিই যজমানের লোকে
যাইতেছি ॥১৭৩৫

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপ্ৰজহি পরিঘমিত্যু-
ক্তোত্তিষ্ঠতি ; তস্মৈ বসবঃ প্রাতঃসবনং সম্প্রযচ্ছন্তি ॥ ১৭৪ ॥ ৬

[বাক্যশেষঃ পুরয়তি]—অত্র (অগ্নিন্ লোকে) যজমানঃ আয়ুষঃ পরস্তাঃ
(আয়ুষঃ ক্ষয়ে) স্বাহা (স্বাহাশব্দঃ ত্যাগার্থকঃ), [ইত্যনেন মন্ত্রেণ জুহোতি,
ইতি পূর্বেণ সম্বন্ধঃ] । পরিঘম্ (লোকদ্বারার্গলম্) অপ্ৰজহি (অপনয়), ইতি
(এতং মন্ত্রম্) উক্তা (উচ্চাৰ্য্য) উত্তিষ্ঠতি । বসবঃ (প্রাতঃসবনদেবতাঃ)
তস্মৈ (যজমানায়) প্রাতঃসবনং (তৎসম্বন্ধং লোকং) প্রযচ্ছন্তি ॥

যজমান আমি আয়ুঃশেষে অর্থাৎ মৃত্যুর পর এই লোকে [যাইতেছি] ;
[এইমন্ত্রে হোম করিবে ।] ইহা বলিয়া উত্থান করিবে ; বসুগণ তাহার উদ্দেশে
প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত পৃথিবীলোক প্রদান করেন ॥

শাক্তরভাষ্যম্ । অত্রাগ্নিন্ লোকে যজমানোহহম্ আয়ুষঃ পরস্তাদুৎকং মৃতঃ
সম্নিত্যর্থঃ । স্বাহেতি জুহোতি । অপ্ৰজহি অপনয় পরিঘং লোকদ্বারার্গলম্,
ইত্যেতং মন্ত্রম্ উক্তা উত্তিষ্ঠতি । এবমেতৈর্কস্তুভ্যঃ প্রাতঃসবনসম্বন্ধো লোকো
নিক্রীতঃ শ্চাৎ । ততস্তে প্রাতঃসবনং বসবো যজমানায় সম্প্রযচ্ছন্তি ॥ ১৭৪ ॥ ৬

আনন্দগিরিঃ। স্বাহাশব্দো মন্ত্রসমাপ্ত্যর্থো হোমদ্যোতকঃ । সর্বেষু মন্ত্রেষু সোম-
হোমমন্ত্রোপানৈরিত্যর্থঃ ॥ ১৭৪ ॥ ৬

ভাষ্যানুবাদ । যাগকর্তা আমি আয়ুর শেষে—পরে অর্থাৎ
মৃত হইয়া এই লোকে [যাইতেছি], স্বাহা, এই বলিয়া হোম করিবে ।
[হে অগ্নে] পরিঘ অর্থাৎ লোকদ্বারের অর্গল অপনীত কর, এই বলিয়া
উক্তি হইবে । উক্ত প্রকারে এই সকল উপায়ে প্রাতঃসবনসম্পর্কিত
লোক (পৃথিবীলোক) বসুগণের নিকট হইতে ক্রয় করা হয় ; সেই

কাৰণেই বসুগণ প্রাতঃসবন অর্থাৎ তৎসম্পর্কিত লোক যজমানের উদ্দেশে প্রদান করেন ॥১৭৪॥৬

পুরা মাধ্যন্দিনশ্চ সবনশ্চোপাকরণাজ্জঘনেনাগ্নীধীয়-
শ্চোদম্মুখ উপবিশ্য স রৌদ্রং সামাভিগায়তি ॥ ১৭৫ ॥ ৭

সঃ (যজমানঃ) মাধ্যন্দিনশ্চ (মধ্যাহ্নকালীনশ্চ) সবনশ্চ (স্নানশ্চ) উপা-
করণাং (প্রারম্ভাং) পুরা (পূর্বে) আগ্নীধীয়শ্চ (দক্ষিণাগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ)
উদম্মুখঃ (উত্তরামুখঃ সন্) উপবিশ্য রৌদ্রং (রুদ্রদৈবত্যাং) সাম অভিগায়তি ॥

সেই যজমান মধ্যাহ্নকালীন সবনের পূর্বে আগ্নীধীয়ে অর্থাৎ দক্ষিণাগ্নির
পশ্চাৎ উত্তরমুখ হইয়া উপবেশন করিয়া রৌদ্র সাম গান করিবে—॥

শাকুরভায়ম্ । তথা আগ্নীধীয়শ্চ দক্ষিণাগ্নেজ্জঘনেনোদম্মুখ উপবিশ্য স
রৌদ্রং সাম অভিগায়তি যজমানো রুদ্রদৈবত্যাং বৈরাজ্যায় ॥১৭৫॥৭

আনন্দগিরিঃ । যথা পৃথিবীলোকজয়োগ্যো দর্শিতস্তথাস্তুরিকলোকজয়োগ্যোহপি
প্রদর্শ্যত ইত্যাহ—তথেষ্টি ॥ ১৭৫ ॥ ৭

তাষ্যানুবাদ । সেইরূপ এই যজমান আগ্নীধীয়নামক
দক্ষিণাগ্নির পশ্চাৎ উত্তরমুখে উপবেশন করিয়া বৈরাজ্যের অর্থাৎ
বিরাটপুরুষের অধিকার লাভের জন্য [পরবর্তী] ‘রৌদ্র’ অর্থাৎ
রুদ্রদৈবতক সাম গান করিবে ॥১৭৫॥৭

লো ৩ কদ্বারমপাবা ৩ নু ৩ ৩ পশ্যেম ত্বা বয়ং বৈরা ৩ ৩ ৩
৩ ৩ হু ৩ ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ যো ৩ আ ৩ ২ ১ ১ ১ ইতি ॥১৭৬॥৮

[এই অষ্টম মন্ত্রের অর্থ—এই খণ্ডের চতুর্থ মন্ত্রে কথিত হইয়াছে ॥]

অথ জুহোতি নমো বায়বেহস্তুরিকক্ষিতে লোকক্ষিতে
লোকং মে যজমানায় বিন্দেষ বৈ যজমানশ্চ লোক
এতাস্মি ॥ ১৭৭ ॥ ৯

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপজহি পরিঘমিত্যু-
ক্তোত্তিষ্ঠতি ; তস্মৈ রুদ্রা মাধ্যন্দিনশ্চ সবনশ্চ সম্প্র-
যচ্ছন্তি ॥১৭৮॥১০

অথ (অনস্তরং) জুহোতি, [বক্ষ্যমাণেন মন্ত্রেণ যজমানঃ]—অস্তুরিকক্ষিতে
লোকক্ষিতে (অস্তুরিকলোকবাসিনে) বায়বে নমঃ (প্রণতাঃ বয়ম্), [হে

বায়ো,] মে (মহঃ) যজমানায় (যাংকর্ত্তে) লোকং (মাধ্যম্নিনসবনসম্বন্ধম্
অন্তরিক্ষরূপং) বিন্দ (লভস্ব) ; এষঃ যজমানঃ [অহঃ] আয়ুষঃ পরস্তাৎ
(মৃত্যোঃ পরং) অত্র (অস্মিন্) যজমানশ্চ (যজমানসম্বন্ধিনি) লোকে (অন্ত
রিক্ষে) এতা (গস্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যেনে জুহোতি] । হে
বায়ো, পরিঘম্ (প্রবেশ দ্বারগলম্) অপজ্জহি, (অপসারয়) ইতি (এতং মর্দং)
উক্তা উত্তিষ্ঠতি [যজমানঃ] ; ক্রদাঃ তস্মৈ (যজমানায়) মাধ্যম্নিনং সবনং
(তৎসম্বন্ধিলোকং) সংপ্রযচ্ছস্তু ॥

অনন্তর, যজমান বক্ষ্যমাণ মন্ত্রে হোম করেন ; অন্তরিক্ষ-লোকবাসী বায়ুর
উদ্দেশে নমস্কার ; হে বায়ো, আমি যজ্ঞ করিতেছি ; আমার জন্ম ঐ লোক প্রাপ্ত
হও ; এই যজমান আমি আয়ুঃক্ষয় হইলে পর যজমানের লভ্য ঐ লোকে
যাইতেছি ; স্বাহা ; [এই মন্ত্রে হোম করেন] । [হে বায়ো, তুমি আমার [লোক-
প্রবেশের দ্বারটি অর্গলশূন্য কর ; [যজমান] এই বলিয়া উখিত হন ; ক্রদঙ্গণ
তাহার নিমিত্ত মাধ্যম্নিন সবন অর্থাৎ তৎসম্বন্ধ অন্তরিক্ষ-লোক প্রদান করেন ॥

শাক্তরভাষ্যম্ । অন্ত রক্ষক্ষিতে ইত্যাদি সমানম্ ॥ ১১৭ ॥ ৭৮।৯।১০ ॥

আনন্দগিরিঃ । অন্তরিক্ষে ক্ষিয়তীত্যন্তরিক্ষক্ষিৎ বায়ুস্তস্মৈ বায়বে ॥ ১৭৭।১৭৮।৯।১০ ॥

ভাষ্যানুবাদ । “অন্তরিক্ষক্ষিতে” ইত্যাদির অর্থ পূর্বেবর

মত ॥ ১৭৭-৭৮ ॥ ৯-১০

পুরা তৃতীয়সবনস্যোপাকরণাজ্জঘনেনাহবনীয়স্যোদিস্থুখ
উপবিশ্য স আদিত্যং স বৈশ্বদেবং সামাভিগায়তি ॥ ১৭৯ ॥ ১১

তৃতীয়সবনশ্চ (মায়ংকালীনস্নানশ্চ) উপাকরণাৎ (প্রারম্ভাৎ) পুরা
(অগ্রে) সঃ (যজমানঃ) হবনীয়শ্চ (আহবনীয়াখ্যশ্চ অগ্নেঃ) জঘনেন (পশ্চাৎ)
উদিস্থুখঃ সন্ উপবিশ্য সঃ (স এব) আদিত্যদৈবতাং বৈশ্বদেবং (তদাখ্যং)
সাম অভিগায়তি ॥

সেই যজমান তৃতীয় সবন আরম্ভের পূর্বে আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে
উপবেশন করিয়া তিনিই আদিত্যদৈবতক ‘বৈশ্বদেব’ নামক সাম গান করেন ॥

শাক্তরভাষ্যম্ ॥—১৭৯ ॥ ১১

আনন্দগিরিঃ ॥—১৭৯ ॥ ১১

ভাষ্যানুবাদ । ১৭৯ ॥ ১১

লো ৩ কদ্বারমপাবা ৩ ৰ্ণু ৩৩ পশ্যেম ত্বা বয়ত্ব স্বারা ৩ ৩
 ৩ ৩ ৩ হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ যো ৩ আ ৩২১১১ ইতি ॥ ১৮০ ॥ ১২

আদিত্যমথ বৈশ্বদেবং লো ৩ কদ্বারমপাবা ৩ ৰ্ণু ৩ ৩
 পশ্যেম ত্বা বয়ত্ব সাম্রা ৩৩৩৩৩ হু ৩ ম্ আ ৩ ৩ জ্যা ৩ যো ৩
 আ ৩২১১১ ইতি ॥ ১৮১ ॥ ১৩

আদিত্যং বৈশ্বদেবঃ সাম নির্দেশতি “লোকদ্বারম্” ইত্যাদি-দ্বাভ্যাম্ ।
 উক্তার্থমন্তঃ সৰ্বম্ ।

“লোক দ্বারম্” ইত্যাদি দুইটি শ্রুতিতে ‘আদিত্য’ ও ‘বৈশ্বদেব’ নামক সাম
 নির্দেশ করিতেছেন । ইহার অর্থ পূর্বেই উক্ত হইয়াছে ॥

শাক্তব্রাহ্মণ্যম্ । তথা আহবনীয়শ্চোদজুথ উপবিশু স আদিত্যদৈবতামাদিত্যং
 বৈশ্বদেবঞ্চ সামাভিগায়তি ক্রমেণ স্বারাজ্যয় সাম্রাজ্যয় ॥ ১৮০ ॥ ১৮১ ॥ ১২ ॥ ১৩

আনন্দগিরিঃ । যথা পৃথিব্যস্তরিক্করোরাপ্ত্যাপায়স্তথা ত্র্যলোকাপ্ত্যাপায়োহপ্যচ্যত
 ইত্যাহ—তথেন্তি । স্বারাজ্যমস্তরিক্কে স্বাতন্ত্র্যম্ । আদিত্যানামিব স্বাতন্ত্র্যমিহ বি-
 ক্তম্ ॥ ১৮০ ॥ ১৮১ ॥ ১২ ॥ ১৩

ভাষ্যানুবাদ । সেইরূপ আহবনীয় অগ্নির পশ্চাৎ উত্তরমুখে
 ‘উপবেশন করিয়া সেই যজমান স্বারাজ্য অর্থাৎ সাম্রাজ্য লাভের জন্য
 ‘আদিদৈবতক ‘আদিত্য’ ও ‘বৈশ্বদেব’ নামক সাম দুইটি ক্রমে
 গান করিয়া থাকেন ॥ ১৮০ ॥ ১৮১ ॥ ১২ ॥ ১৩

অথ জুহোতি নম আদিত্যেভ্যশ্চ বিশ্বৈভ্যশ্চ দেবেভ্যো
 দিবিক্ক্ষিত্ত্যো লোকক্ক্ষিত্ত্যো লোকং মে যজমানায় বিন্দত,* এষ
 বৈ যজমানশ্চ লোক এতাস্মি ॥ ১৮২ ॥ ১৪

অত্র যজমানঃ পরস্তাদায়ুষঃ স্বাহাপহত পরিঘমি-
 ত্বুক্ত্যেভ্যান্তিষ্ঠতি ॥ ১৮৩ ॥ ১৫

অথ (অনস্তরং) জুহোতি [বক্ষ্যমাণমস্ত্রেণ যজমানঃ], দিবিক্ক্ষিত্ত্যো
 (অন্তরিক্কেভ্যো) লোকক্ক্ষিত্ত্যো (লোক বাসিভ্যো, অন্তরিক্কলোকবাসিভ্য ইত্যর্থঃ)
 আদিত্যেভ্যো চ বিশ্বৈকেভ্যো চ নমঃ । [হে দেবাঃ যুয়ং] যজমানায় মে

* “এষঃ” ইত্যাদ্যাংশঃ কচিৎ পুস্তকে পরশ্রুতৌ (পঞ্চদশসংখ্যক শ্রুতৌ) সন্নিবিষ্টৌ দৃশ্যতে ;
 তন্ন সমীচীনং মন্ততে, পঞ্চম-নবমশ্রুতোরতথাসন্নিবেশাৎ ।

(মহঃ) লোকঃ (স্বায়ত্তঃ) বিন্দত, (লভধবন্) । অত্র (অস্মিন্ লোকে) যজমানঃ (যজ্ঞকর্তা) এষঃ (অহম্) আয়ুধঃ পরস্তাৎ যজমানস্ত লোকে এতা (গস্তা) অস্মি (ভবামি) স্বাহা, [ইত্যেনে জুহোতি,] অপহত (যুগ্ নিবারয়ত) পরিঘম্, ইতি উক্তা উক্তিষ্ঠতি ।

অনন্তর বক্ষ্যমাণ মন্ত্রে হোম করিয়া থাকেন, ছালোকবাসী, আদিত্য ও বিশ্বদেবগণ উদ্দেশে নমস্কার । আমি যজমান ; [তোমরা] আমার নিমিত্ত [উপ-যুক্ত] লোক লাভকর । ইহলোকে যজমান এই আমি আয়ুর ক্ষয় হইলে পর যজমানের [গস্তব্য] লোকে যাইতেছি, স্বাহা ; [এই মন্ত্রে হোম করিবে] ; [শেবে, তোমরা] লোকদ্বারের অর্গল বিনষ্ট কর, এই বলিয়া উক্তি হইবেন ॥

শাক্তরভ্যাম্ । দিবিক্ষিত্ত্বা ইত্যেবমাদি সমানমন্ত্ৰং । বিন্দত অপহত ইতি বহুবচনমাত্রং বিশেষঃ । যাজমানং ত্বেতৎ । এতাস্মাত্র যজমান ইত্যাদি লিঙ্গাৎ ॥ ১৮২ ॥ ১৮৩ ॥ ১৪-১৫

আনন্দগিরিঃ । কিমিদং সামাদ্যাহিজ্যামাহো যাজমানিকমিতি বীক্ষ্যামাহ—যাজ-মানং ত্বিত্তি । আদিপদেন লোকঃ মে যজমানায়েতি নির্দেশো গৃহ্যতে ॥ ১৮২ ॥ ১৮৩ ॥ ১৪ ॥ ১৫

ভাষ্যানুবাদ । ‘দিবিক্ষিত্ত্বাঃ’ ইত্যাদির অর্থ পূর্বের অনুরূপ ; কেবল ‘বিন্দত’ ও ‘অপহত’ পদে বহুবচনমাত্র বিশেষ । ‘যজমান’ আমি যাইতেছি’, এইরূপ উক্তি থাকায় [বুঝিতে হইবে যে,] এই সামটি ‘যাজমান’ অর্থাৎ যজমানের পাঠ্য, (ঋহিক্গণের পাঠ্য নহে) ॥ ১৮২ ॥ ১৮৩ ॥ ১৪ ॥ ১৫

তস্মা আদিত্যাশ্চ বিশ্বে চ দেবাস্তৃতীয়সবনং সম্প্রযচ্ছ-ন্ত্যেয হ বৈ যজ্ঞস্য মাত্রাং বেদ, য এবং বেদ য এবং বেদ ॥ ১৮৪ ॥ ১৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশঃ খণ্ডঃ ॥ ২৪

ইতি ছান্দোগ্যপনিষদ্ব্রাহ্মণে দ্বিতীয়োহধ্যায়ঃ সমাপ্তঃ ॥ ২

আদিত্যাঃ ৫ বিশ্বদেবাঃ ৮ (অপি) তস্মৈ (যজমানায়) তৃতীয়সবনং সম্প্রযচ্ছন্তি । এষঃ হ বৈ (এব) যজ্ঞস্য মাত্রাং (যজ্ঞস্য তন্ত্রং) বেদ (বেত্তি), যঃ এবং (যথোক্ত প্রকারং) বেদ । দ্বিরভ্যাসঃ অধ্যায়সমাপ্তিসূচকঃ ।

আদিত্যগণ ও বিশ্বদেবগণ সেই যজমানের উদ্দেশে তৃতীয় সবন অর্থাৎ

তৎসম্পর্কিত লোক প্রদান করেন । যিনি এই প্রকার জানেন, প্রকৃতপক্ষে তিনিই যজ্ঞের ষথার্থ তত্ত্ব জানেন ॥

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশথণ্ডের ব্যাখ্যা ॥২॥২৪

শ্রীমচ্ছরভাষ্যম্ । এষ হ বৈ যজমান এবংবিৎ যথোক্তশ্চ সামাদের্বিদ্বান্ যজ্ঞশ্চ মাত্রাং যজ্ঞযাথাস্থ্যাং বেদ যথোক্তম্ । য এবং বেদেতি দ্বিরুক্তিরধ্যায়-সমাপ্ত্যর্থী ॥ ১৮৪॥১৬

ইতি চতুর্বিংশঃ খণ্ডঃ ॥২৪

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যশ্চ পরমহংসপরিব্রাজকাচার্য্যশ্চ

শ্রীমচ্ছরভগবতঃ কৃতৌ ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যে

দ্বিতীয়োহধ্যায়ঃ সমাপ্তঃ ॥২

আনন্দগিরিঃ । সামাদিবিজ্ঞানফলং কথয়তি—এষ হেতি । য এবং বেদেত্যশ্চ ব্যাখ্যা—যথোক্তশ্চেষতি । যথোক্তং সামাদীত্যেতৎ । এবমিত্যুক্তপ্রকারোক্তিঃ । তশ্চ যজ্ঞযাথাস্থ্যবিদস্তদনুষ্ঠানদ্বারা তৎফলং সম্ভবতীত্যর্থঃ ॥ ১৬

ইতি দ্বিতীয়াধ্যায়শ্চ চতুর্বিংশঃ খণ্ডঃ ।

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দপূজ্যপাদশিষ্য-ভগবদানন্দ-

জ্ঞানকৃতারাং ছান্দোগ্যোপনিষদ্ভাষ্যাটীকয়াং

দ্বিতীয়োহধ্যায়ঃ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ । এবংবিৎ অর্থাৎ যথোক্তপ্রকার সামাদির তত্ত্ববিৎ এই যজমানই যজ্ঞের মাত্রা অর্থাৎ যথোক্তপ্রকার যজ্ঞতত্ত্ব জানেন । ‘যিনি এইরূপ জানেন’ এইরূপ দ্বিরুক্তির উদ্দেশ্য অধ্যায়ের সমাপ্তি সূচনা করা ॥১৮৪॥১৬

ইতি দ্বিতীয়াধ্যায়ে চতুর্বিংশ খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥২॥২৪॥

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥২॥

তৃতীয়োঃধ্যায়ঃ ।



প্রথমঃ খণ্ডঃ ।

আভাসঃ—“অসৌ বা আদিত্যঃ” ইত্যাদ্যধ্যায়ান্তে সঙ্কঃ—অতীতানস্তরাধ্যায়ান্তে উক্তং “যজ্ঞশ্চ মাত্ৰাং বেদ” ইতি, যজ্ঞবিষয়ানি চ সামহোম-মন্ত্রোথানানি বিশিষ্টফলপ্রাপ্তয়ে যজ্ঞাজ্জুতানি উপদিষ্টানি। সৰ্বযজ্ঞানাঞ্চ কার্যনিবৃত্তিরূপঃ সবিতা মহত্যা শ্রিয়া দীপ্যতে; স এষ সৰ্বপ্রাণিকর্ষ-ফলভূতঃ প্রত্যক্ষং সৰ্বৈকরূপজীব্যতে; অতো যজ্ঞশ্চ ব্যপদেশানস্তরং তৎকার্যা-ভূত-সবিতৃবিষয়মুপাসনং সৰ্বপুরুষার্থেভ্যঃ শ্রেষ্ঠতনং ফলং বিধাশ্রামীত্যেবমারভতে শ্রুতিঃ—

অনুবাদঃ—[পূর্বাধ্যায়ের সহিত] তৃতীয় অধ্যায়ান্তের সঙ্ক এইরূপ—অব্যবহিত পূর্বাধ্যায়ের শেষে ‘যে লোক যজ্ঞের মাত্রা জানেন এই কথা উক্ত হইয়াছে; এবং [লোকত্রয়রূপ] বিশিষ্ট ফল প্রাপ্তির জন্ত যজ্ঞাজ্জুত সাম, হোম, মন্ত্র ও উথানও নিরূপিত হইয়াছে। সমস্ত যজ্ঞের পরিনিষ্পন্ন ফলস্বরূপ সূর্য্যদেব মহাদীপিতে শোভা পাইতেছেন; সৰ্বপ্রাণীর ফলস্বরূপ সেই এই সূর্য্যদেবকে সকলেই সাক্ষাৎ সঙ্ক উপভোগ করিয়া থাকে। অতএব যজ্ঞাজ-সঙ্ক উপাসনার উপদেশের পর; সৰ্বপ্রকার পুরুষার্থ অপেক্ষা উৎকৃষ্টতম ফলশ্রুদ সেই যজ্ঞেরই ফলভূত সবিতার উপাসনা বিধান করিব. মনে করিয়া শ্রুতি “অসৌ বৈ” ইত্যাদি বাক্যের আরম্ভ করিতেছেন—

অসৌ বা আদিত্যো দেবমধু, তস্য দ্যৌরেব তিরশ্চীন-
বংশোহস্তুরিক্কমপূপো মরীচয়ঃ পুত্রাঃ ॥১৮৫॥১

[যজ্ঞাজসঙ্কোপাসনা নিরূপণানস্তরং যজ্ঞফলীভূতশ্চ সবিতরূপাসনং বিধীয়তে]
—“অসৌ” ইত্যাদিনা। অসৌ (লোকদৃশঃ) আদিত্যঃ বৈ (এব) দেবমধু (দেবানাং বসুপ্রভৃतीনাং প্রমোদহেতুত্বাৎ মধুবৎ)। তশ্চ (আদিত্য-মধুনঃ) শ্চৌঃ (দ্বলোকঃ) এব (নিশ্চয়ে) তিরশ্চীনবংশঃ (বক্রীভূতবংশখণ্ডবৎ,

দ্যালোকো হি দূরতঃ ধনুরাকারেণ বক্রীভূত ইব লক্ষ্যতে ইতিভাবঃ), অন্ত-
রিক্ষম্ (নভস্তলম্) অপূপঃ (মধুচক্রং), মরীচয়ঃ (সূর্য্যকিরণাঃ) পুত্রাঃ
মধুমক্ষিকানাং অপত্যানীব) ॥

[ঋজ্ঞাঙ্গবিষয়ক উপাসনার পর যজ্ঞেরই ফলস্বরূপ আদিত্যের উপাসনা
বিহিত হইতেছে]—এই পরিদৃশ্যমান আদিত্যই দেবগণের মধু, অর্থাৎ মধুর
শ্রায় প্রীতিসম্পাদক; [ধনুর শ্রায় বক্রাকার] দ্যালোকই তাহার বক্রীভূত
বংশধর; অন্তরিক্ষই তাহার অপূপ অর্থাৎ মধুচক্র, এবং কিরণসমূহই
মক্ষিকাগণের পুত্র স্থানীয় ॥

শাকরভাব্যম্ । অসৌ বা আদিত্যো দেবমধিবত্যাতি । দেবানাং মোদনাৎ
মধিব মধু অসাবাদিত্যঃ । বস্বাদীনাঞ্চ মোদনহেতুত্বং বক্ষ্যতি সর্ব্বযজ্ঞফলরূপত্বাদা-
দিত্যশ্চ । কথং মধুত্বম্? ইত্যাহ—তশ্চ মধুনো জ্যোরেব ভ্রানরশ্চেব মধুনঃ
“তিরশ্চীনবংশঃ তিরশ্চীনশ্চাসৌ বংশশ্চেতি তিরশ্চীনবংশঃ । তির্য্যগ্গতেব হি
দ্যৌর্লক্ষ্যতে । অন্তরিক্ষঞ্চ মধবপূপো দ্যবংশে লগ্নঃ সন্ লম্বত ইব, অতো মধবপূপ-
সামাশ্রাদান্তরিক্ষং মধবপূপাঃ, মধুনঃ সবিতুরাশ্রয়ত্বাৎ । মরীচয়ো রশ্ময়ো রশ্মিস্থা
আপো ভৌমাঃ সবিত্রাকৃষ্টাঃ । “এতা বা আপঃ স্বরাজো যশ্মরীচয়ঃ” ইতি হি
দ্বিজায়ন্তে । তা অন্তরিক্ষমধবপূপশ্চরশ্মাস্তর্গতত্বাদ্ ভ্রানরবীজভূতাঃ পুত্রা ইব হিতা
লক্ষ্যন্তে, ইতি পুত্রা ইব পুত্রাঃ মধবপূপনাদ্যস্তর্গতা হি ভ্রানরপুত্রাঃ ॥ ১৮৫ ॥ ১

আনন্দগিরিঃ । কর্মাঙ্গাববন্ধং বিজ্ঞানং পরিসমাপ্য কর্মফলশ্চাদিত্যশ্চ স্বতন্বোপাস্তি-
বিদ্যার্থমধ্যান্তরমারমণ্যমাণঃ সধ্বকঃ প্রতিজ্ঞানীতে—অজাবিত্তি । পূর্ব্বোত্তরগ্রন্থয়োঃ সধ্বকঃ
প্রতিজ্ঞাতঃ প্রকটয়িত্বং বৃত্তং কীর্তয়তি—অস্তীতেতি । বিশিষ্টকলং পৃথিব্যাদিলোকত্রয়ম্ ।
সমনস্তরসূক্ষ্মভূতশ্চ তাৎপর্য্যং বক্তুং পাতনিকাং কেরোতি—সর্কেতি । তশ্চ প্রেক্ষিতত্বং সূচয়তি
—মহত্বেতি । কথং পুনরাদিত্যশ্চ সর্ব্বপ্রাণিকর্ম্মফলভূতত্বনিত্যাশঙ্ক্য সর্ব্বৈকরূপজীব্যোপলম্বা-
দিত্যাহ—স্ব এষ ইতি । পাতনিকাং কৃত্বোত্তরগ্রন্থমুখাপয়তি—অত্র ইতি । আদিত্যশ্চ
কর্ম্মফলত্বাদিত্যি যাবৎ । তদুপদেশে হেতুস্তরমাহ—সর্ব্বপুরুষার্থেভ্য ইতি । শ্রেষ্ঠতমং
ফলং ক্রমেণ মুক্তিলক্ষণমশাস্তীতি তথোক্তম্ । আদিত্যে কর্ম্মফলশব্দপ্রবৃ্ত্তিনিমিত্তমুক্তং
ব্যক্তীকর্ত্ত্বমাহ—বস্বাদীনাঞ্চোক্তি । চকারো বিদ্বৎসংগ্রহার্থঃ । বক্ষ্যত্যাদিত্যশ্চেতি সধ্বকঃ ।
তশ্চ সর্কেষাং বজ্ঞানাং ফলরূপত্বাদিত্যি হেতুঃ । বস্বাদয়শ্চ কর্ম্মফলভোক্তারস্তুৎফলমাদিত্যং
দৃষ্ট্বা ত্বপ্যস্তীতি যুক্তনিত্যর্থঃ । আদিত্যং মধুদৃষ্ট্যোপাসীত ইত্যুক্তং, তত্র প্রসিদ্ধমধুসাম্যমাদিত্যশ্চ
শ্রুত্ব্যক্তমাকীর্ণ্যপূর্ব্বকং দর্শয়তি—কথমিত্যাদিনা । দিবি তিরশ্চীনবংশদৃষ্টৌ নিমিত্তমাহ
—তির্য্যগ্গতেতি । অন্তরিক্ষনিবাসিভিরুপরি বিসারিতনয়নৈরিত্যি শেষঃ । অন্তরিক্ষে
মধবপূপদৃষ্টিং কথয়তি—অন্তরিক্ষমিত্তি । মধুন ইত্যুভয়ত্র সধ্বকঃ । মরীচয়ঃ পুত্রা ইতি
বাক্যং ব্যাচষ্টে—মরীচয় ইতি । আপো ভূমেরাকৃষ্টা রশ্মিস্থাঃ সস্তীত্যত্র প্রমাণমাহ—
এতা ইতি । স্বরাজঃ স্বতো ভাসমানশ্চ সবিতুরিত্যি যাবৎ । তাসাং পুত্রত্বং প্রকটয়তি—
তা ইতি । লোকে হি ভ্রানরবীজভূতাঃ পুত্রা মধবপূপচ্ছিত্রস্থা দৃশ্যন্তে । এতাশ্চাত্তোহন্তরিক্ষ-
লক্ষণমধবপূপাতর্গতরশ্মিস্থা ভবন্তি । ততশ্চৈতান্বঙ্গু ভ্রানরবীজদৃষ্টিঃ কর্ত্তব্যার্থঃ ॥ ১৮৫।১

ভাষ্যানুবাদ । “অসৌ বা আদিত্যো দেবমধু” ইত্যাদি । এই আদিত্য দেবগণের প্রীতিসম্পাদন করেন বলিয়া মধু, অর্থাৎ মধুর ন্যায় [প্রিয়] ; সর্বযজ্ঞের ফলস্বরূপ বলিয়া আদিত্য যে, বসু-প্রভৃতি দেবগণের প্রীতিসম্পাদক, ইহা পরেও বলিবেন । আদিত্যের মধু ক্রমে হয়, তাহা বলিতেছেন—ভ্রমরসম্বন্ধী মধুর ন্যায় সেই আদিত্য মধুরও দ্ব্যলোকই তিরশ্চীনবংশ, অর্থাৎ বক্রীভূত বংশখণ্ড ; কেন না, দ্ব্যলোক যেন বক্রীভূত বলিয়াই পরিলক্ষিত হয় । আর অন্তরিক্ষ লোকটি মধুপিষ্টক (মধুচক্র), তাহা যেন দ্ব্যলোকরূপবংশে সংলগ্ন থাকিয়া বলিতেছে ; অতএব মধুচক্রের সহিত সাদৃশ্য থাকায় এবং মধুস্বরূপ আদিত্যের আশ্রয় স্থান বলিয়াও অন্তরিক্ষ (নভস্তল) মধু-পিষ্টক (মধুচক্র) । মরীচি অর্থ—রশ্মিসমূহ, অর্থাৎ সূর্য্যকর্তৃক আকৃষ্ট রশ্মিগত পার্থিব জলরাশি ; কারণ, ‘এই যে স্বয়ংপ্রকাশমান কিরণ মণ্ডল, ইহারা নিশ্চয়ই জলস্বরূপ ; এই শ্রুতি হইতেই ইহা জানা যাইতেছে । অন্তরিক্ষরূপ মধুপিষ্টকের মধ্যগত রশ্মির অন্তর্গত বলিয়া সেই জলসমূহই ভ্রমরের বীজস্বরূপ (ভ্রমরের উৎপত্তিকারণ স্বরূপ) পুত্র বলিয়া লক্ষিত হইয়া থাকে ; অতএব, উহারাই পুত্র—পুত্রতুল্য ; কেন না, ভ্রমরের সমস্তানগণও ইহাদের ন্যায় মধুচক্রের নাড়ীসমূহের মধ্যে অবস্থিত থাকে ॥১৮৫॥১

তস্ম য়ে প্রাক্ষোঃ রশ্ময়স্তা এবাস্ম প্রাচ্যো মধুনাড্যঃ । ঋচ
এব মধুকৃতঃ ঋগ্বেদ এব পুষ্পং, তা অমৃতা আপ স্তা বা এতা-
ঋচঃ ॥ ১৮-৬ ॥ ২

তস্ম (আদিত্য-মধুনঃ) যে প্রাক্ষোঃ (পূর্বভাগস্থাঃ) রশ্ময়ঃ, তাঃ (বিদ্যেয়-প্রাধান্যং জীহ্বং, তে ইত্যর্থঃ) এব অস্ম (আদিত্য-মধুনঃ) প্রাচ্যোঃ (পূর্বঃ দিক্গতাঃ) ; মধুনাড্যোঃ (মধুবহুনাড়ীরাঃ) ঋচঃ (মুক্তাঃ) এব মধুকৃতঃ (মধুকরাঃ), ঋগ্বেদঃ এব পুষ্পং (মধুৎপত্তিস্থানং) ; তাঃ (যন্তিরে অথৌ প্রকিণ্ঠাঃ সোমাজ্যাদিরূপাঃ) অমৃতাঃ (অমৃতবৎ সুরসাঃ) আপঃ (জলানি

ভবন্তি), বৈ (যতঃ), এতঃ (উক্তাঃ ঋচঃ) তাঃ (আপঃ) (আহরন্তি, ততঃ মধুকরতুল্যা ইত্যর্থঃ) ॥

সেই আদিত্যরূপী মধুর যে, পূর্কদিগ্‌বর্তী রশ্মিসমূহ, সে সমস্তই ইহার পূর্কদিগ্‌বর্তী মধুনাড়ীসমূহ; ঋক্‌মন্ত্রসমূহই মধুকর, এবং ঋগ্‌বেদই তাহার পুষ্প। [আর যজ্ঞের অগ্নিতে যে সমস্ত সোম-স্বতাদি পদার্থ প্রক্ষিপ্ত হয়,] সেই সমস্ত পদার্থই অমৃতময় [জলরূপে পরিণত হয়], ঋক্‌সমূহ সেই অমৃত [আহরণ করেন করে, বলিয়া মধুকরস্থানীয় ॥

শাকুর-ভাব্যম্ । তশ্চ সবিতুর্নধ্বাশ্রয়শ্চ মধুনো যে প্রাঞ্চঃ প্রাচ্যাং দিশি গতা রশ্ময়স্তা এবাশ্চ প্রাঞ্চঃ প্রাগঞ্চনান্নধুনো নাড্যো মধুনাড্য ইব মধ্বাধার-চ্ছিদ্রাণীত্যর্থঃ । তত্র ঋচ এব মধুকৃতো লোহিতরূপং সবিত্রাশ্রয়ং মধু কুর্কন্তীতি মধুকৃতো ভ্রমরাঃ, যতো রসানাদায় মধু কুর্কন্তি ; তৎপুষ্পমিব পুষ্পমৃগ্‌বেদ এব । তত্র ঋগ্‌ব্রাহ্মণসমুদায়শ্চ ঋগ্‌বেদাধ্যাত্মশব্দমাত্রাচ্ছতোগারূপরশ্মিন্‌প্রাবাসস্তবাৎ । ঋগ্‌বেদশব্দেনাত্র ঋগ্‌বেদবিহিতং কর্ষণ, ততো হি কর্ষণফলভূতমধুরশ্মিন্‌প্রাবাসস্তবাৎ । মধুকরৈরিব পুষ্পস্থানীয়াদৃগ্‌বেদবিহিতাৎ কর্ষণ আপ আনায় ঋগ্‌ভির্নধু নির্কর্ত্যতে । কাস্তা আপঃ ? ইত্যাহ—তাঃ কর্ষণি প্রযুক্তাঃ সোমাজ্যপয়োক্রুপাঃ অগ্নৌ প্রক্ষিপ্তাস্তৎপাকাভিনির্ভূতাঃ অমৃতার্থত্বাদতাস্তুরসবত্য আপো ভবন্তি । তত্রসানাদায় তা বা এতা ঋচঃ পুষ্পেভ্যো রসমাদদানা ইব ভ্রমরা ঋচঃ ॥ ১৮৬ ॥ ২

আনন্দগিরিঃ । প্রাচীদিগ্‌গতেষা দিত্যরশ্মিষু প্রাচীনমধুনাড়ীদৃষ্টিবিধেয়েত্যাহ—
ভ্রমরো ভ্রমতি । মধ্বাশ্রয়স্য লোহিতাদিরূপং মধু বক্ষ্যমাণং তদাধারস্যেত্যর্থঃ । ঋক্‌ মন্ত্ররূপাসু ভ্রমরদৃষ্টিমারোপয়তি—ভ্রমতি । একৃতং মধু সপ্তমার্থঃ । তাসাং মধুকৃত্বঃ সাধয়তি—
লোহিতভ্রমতি । ঋগ্‌বেদবিহিতে কর্ষণি পুষ্পদৃষ্টিং সম্পাদয়তি—যত্র ইতি । ঋচো মধুকৃত ইতি মন্ত্রাণাং পৃথক্ কৃতত্বাদ্ ঋগ্‌বেদঃ পুষ্পম্ ইতি ঋগ্‌বেদশব্দেন ব্রাহ্মণসমুদায়শ্চ বক্তব্যত্বাৎ কথঞ্চিদৃগ্‌বেদবিহিতে কর্ষণি তচ্ছব্দেন লক্ষিতে পুষ্পদৃষ্ট্যাধ্যাসেহপি কুতস্ততো মধুনির্ভূত-
রিত্যাশঙ্ক্যাহ—ভ্রমো হীতি । তদেবোপপাদয়তি—মধুকরৈরিতি । লোকে তাবদপঃ পুষ্পাশ্রয়াঃ সমাদায় মধুকরৈর্মধু নির্কর্ত্যতে, তথেষাপি মধুকরস্থানীয়েষু মন্ত্রৈস্তদবেদবিহি-
তাং পুষ্পস্থানীয়াৎ কর্ষণঃ সকাশাদপো গৃহীত্বা মধু নিষ্পাদ্যতে । তস্মাৎ কর্ষণঃ স্বফলভূতমধু-
নিষ্পত্তেরূপপত্তেষু পুষ্পদৃষ্টিরিত্যর্থঃ । তা অমৃত আপ ইতি বাক্যং প্রথমপূর্বকং ব্যাচষ্টে—কাস্তা ইত্যাদিনা । কর্ষণি প্রযুক্তমভিনয়তি—অপ্নাবিত্তি । অগ্নিপাকাভি-
নির্কৃত্বমপূর্বকমভঃ পরস্পরয়া মুক্তার্থত্বমমৃতার্থত্বম্ । যদ্বা রোহিতরূপাসুতনির্কর্তকত্বং তদর্থ-
বদম্ । উৎকৃষ্টফলবদমত্যস্তুরসবদম্ । তা বা এতা ইত্যাদি ব্যাচষ্টে—ভ্রমরানিতি ।
যথাহি পুষ্পেভ্যো ভ্রমরা রসানাদদানাত্তাস্তভিতপন্তি তথৈতে মন্ত্রান্তগ্নিন্ কর্ষণি স্থিতান্ অম্বরান
রসানাদায় মধু নির্কর্ত্যন্তো যথেষ্টং কর্ষণমিতং সমালোচয়ন্তি স্তেত্যর্থঃ । ২

ভাষ্যানুবাদ । মধুর আশ্রয়ভূত মধুরূপী সেই সবিতার যে পূর্বদিগ্বর্তী (প্রাঞ্চঃ) রশ্মিসমূহ, সেই সমস্ত প্রথমে আগমন করে (দৃষ্ট হয়) বলিয়া 'প্রাচী' (পূর্বদিগ্গত) মধুর নাড়ী—মধুনাড়ীর সদৃশ, অর্থাৎ মধুর আধারভূত ছিদ্ররাশিস্বরূপ । ঋকসমূহই (মন্ত্ররাশিই) মধুকর ; সূর্য্যস্থ লোহিতবর্ণরূপ মধু সম্পাদন করে বলিয়া [ঋকসমূহই] মধুকর—ভ্রমর সদৃশ । যাহা হইতে মধু আহরণ করা হয়, ঋগ্বেদই সেই পুষ্প অর্থাৎ পুষ্পসদৃশ । ঋকসংহিতা (মন্ত্রভাগ) ও ব্রাহ্মণ, এতৎ সমুদায়েরই নাম ঋগ্বেদ ; আর কেবলই শব্দময় ঋগ্বেদ হইতে ভোগ্যভূত রস-নিঃসরণও সম্ভবপর হয় না, অতএব এখানে 'ঋগ্বেদ' শব্দে ঋগ্বেদ-বিহিত কৰ্ম্মই বুঝিতে হইবে ; কেন না, কৰ্ম্ম হইতেই তৎফলস্বরূপ মধুরসের নিঃসরণ সম্ভব হয় ; ঋকসমূহ মধুকরের ন্যায় পুষ্পস্থানীয় ঋগ্বেদোক্ত কৰ্ম্ম হইতে জল (সোমাদি রস) সংগ্রহ করিয়া ঐ মধু নিষ্পাদন করিয়া থাকে । সেই জল কাহার ? তদুত্তরে বলিতেছেন—যজ্ঞাদি কৰ্ম্মে ব্যবহৃত, অগ্নিপ্রক্ষিপ্ত এবং তাহারই পরিপাকে অবস্থান্তরিত সোম, আজা ও জলাদিরূপ অমৃতসমূহ ; অমৃত সম্পাদনই (*) উহাদের উদ্দেশ্য বলিয়া অতিশয় রসযুক্ত জলরূপে পরিণত হইয়া থাকে । পুষ্প হইতে রসগ্রাহী ভ্রমরের ন্যায় সেই এই ঋকসমূহও সেই এই রসসমূহ আহরণ করে বলিয়া ভ্রমরের সাদৃশ্য লাভ করে ॥১৮৬॥২

এতম্ ঋগ্বেদমভ্যতং পঞ্চস্তম্ভাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং
বীৰ্য্যমন্নাগুৎ রসোহজায়ত ॥ ১৮৭ ॥ ৩

[কৰ্ম্মণি প্রযুক্তাঃ ঋচঃ] এতম্ (উক্তলক্ষণম্) ঋগ্বেদং অভ্যতপন্ (অভিতাপং কৃতবত্য ইব) ; অভিতপ্তস্য তস্য (ঋগ্বেদস্য, অভিতপ্তীং ঋগ্বেদাদিত্যর্থঃ) যশঃ (কীর্ত্তিঃ লোকপ্রতিষ্ঠা) তেজঃ (দেহগতা দীপ্তিঃ),

* তৎপৰ্য্য—এখানে 'অমৃত' অর্থ—উৎকৃষ্ট কল । তাহাও আবার দুই প্রকারে বুঝা যাইতে পারে, এক—পরম্পরা সম্বন্ধে কৰ্ম্ম সমূহও মুক্তিরূপ অমৃতত্বের সাধন হয় । আর কৰ্ম্ম দ্বারা সূর্য্যের লোহিত বর্ণটি নিষ্পন্ন হয়, এই কৰ্ম্ম তাহাকেও অমৃত বলা যাইতে পারে ।

ইন্দ্রিয়ং (ইন্দ্রিয়সামর্থ্যং) বীর্যম্ (দামর্থ্যম্) অন্নাত্মং (অন্নং চ তৎ আত্মং
—ভক্ষণীয়ং চ—অন্নাত্মং) ; [এতদাত্মকঃ] রসঃ অজায়ত (উৎপন্নঃ বভূব) ।

কর্মে বিনিযুক্ত মন্ত্রসমূহ এই ঋগ্বেদকে যেন সর্বতোভাবে উত্তাপিতই
করিয়াছিল ; অভিতপ্ত সেই ঋগ্বেদ হইতে যশঃ (কীর্তি) তেজঃ (শরীরশোভা)
ইন্দ্রিয়পটুতা, সামর্থ্য এবং ভক্ষণীয় অন্নরূপ রস উৎপন্ন হইয়াছিল ॥

শাক্তরভ্যাম্ । এতমৃগ্বেদম্ ঋগ্বেদবিহিতং কর্ম্ম পুষ্পস্থানীয়মভ্যতপন্
অভিতাপং কৃতবত্য ইব এতা ঋচঃ কর্ম্মণি প্রযুক্তাঃ । ঋগ্ভিহি মন্ত্রৈঃ শস্ত্রাত্ম-
ভাবমুপগতৈঃ ক্রিয়মাণং কর্ম্ম মধুনির্কর্তকং রসং মুঞ্চতীত্যুপপত্ততে, পুষ্পাণীব
ভ্রমরৈরাচুষ্যমাণানি । তদ্ব্যতদাহ—তশ্চ ঋগ্বেদশ্চ অভিতপ্তশ্চ ; কোহসৌ রসঃ, য
ঋগ্ভুকরাভিতাপনিঃসৃত ইতি উচ্যতে—যশো' বিশ্বতত্ত্বং, তেজো দেহগতা
দীপ্তিঃ, ইন্দ্রিয়ং সামর্থ্যোপেঠৈরিন্দ্রিয়ৈরবৈকল্যং, বীর্যং সামর্থ্যং বলমিত্যর্থঃ ।
অন্নাত্মম্ অন্নঞ্চ তদাত্মঞ্চ, যেনোপযুজ্যমানেন অহংহনি দেবানাং স্থিতিঃ শ্রাৎ,
তদন্নাত্মম্ ; এষ রসোহজায়ত যাগাদিনক্ষণাৎ কর্ম্মণঃ ॥ ১৮৭ ॥ ৩

স্মানহৃদগিরিঃ । কথং পুনর্মজ্জাণাং ভ্রমরস্থানীয়ানাং পুষ্পস্থানীয়মৃগ্বেদবিহিতং
কর্মাভিতপ্তবতাং ফলবৎসমিত্যাশঙ্ক্যাহ—এতা ঋচ ইতি । তাসাং কর্ম্মণি প্রযুক্তহেহপি
কিমায়াতং তদাহ—ঋগ্ভিরিত্তি । অভিতপ্তশ্চ রসোহজায়তেতি সম্বন্ধঃ । তং প্রম্পূর্ককং
'বিশদয়তি—ক্লেশংসাবিত্তি ॥ ১৮৭ ॥ ৩

ভাষ্যানুবাদ । যজ্ঞাদি কর্ম্মে নিযুক্ত এই ঋক্‌সমূহ (মন্ত্রসমূহ)
পুষ্পস্থানীয় এই ঋগ্বেদকে অর্থাৎ ঋগ্বেদবিহিত কর্ম্মকে যেন অভিতপ্তই
করিয়াছিল ; কর্ম্মাঙ্গ 'শস্ত্রাদি'ভাবাপন্ন ঋক্-মন্ত্রসমূহ দ্বারা নিষ্পাদিত
'কর্ম্ম' যে, ভ্রমরচুষিত পুষ্পরাশির গ্ৰায় মধুসম্পাদক রস মোচন
করে, 'ইহা সঙ্গতই বটে । তাহাই এই বলিতেছেন যে, সেই মন্ত্রময়
মধুকরের অভিতাপে নিঃসৃত বলিয়া যাহাকে বলা হইতেছে, সেই
রসটি কি ? এই তাহা কথিত হইতেছে—যশঃ—লোক-বিশ্রুতত্ত্ব অর্থাৎ
সর্বত্র প্রসিদ্ধি ; তেজঃ—দৈহিক দীপ্তি ; ইন্দ্রিয়—ইন্দ্রিয়সামর্থ্যরহিত
না হওয়া, বীর্য—সামর্থ্য, অর্থাৎ বল, অন্নাত্ম অর্থ—ভক্ষণীয় অন্ন,
অর্থাৎ দেবগণ প্রত্যহু যাহা উপভোগ করিয়া স্থিতিলাভ করেন,
তাহাই অন্নাত্ম ; যাগাদিরূপ কর্ম্ম হইতে উক্ত প্রকার রস উৎপন্ন হইয়া
ছিল ॥ ১৮৭ ॥ ৩

তদ্ব্যক্ষরভদাদিত্যমভিতোইশ্রয়ৎ ; তদ্বা এতদ্ যদেতদাদি-
ত্যস্ত রোহিতং রূপম্ ॥ ১৮৮ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ১

তৎ (যশআদি) ব্যক্ষরৎ (গলিতম্ অভবৎ), [ততশ্চ] আদিত্যম্
(সূর্য্যম্) অভিতঃ (পার্শ্বে—পূর্বভাগে) অশ্রয়ৎ (আশ্রিতবৎ) । আদিত্যস্য
যৎ এতৎ (দৃশ্যমানঃ) রোহিতং (লোহিতং) রূপং (বর্ণঃ), এতৎ বৈ
(এব) তৎ (ক্ষরিতযশআদি ইত্যর্থঃ) ।

সেই কক্ষোৎপন্ন যশঃ প্রভৃতি ক্ষরিত হইল, তাহার সূর্য্যের পূর্বভাগ আশ্রয়
করিল ; আদিত্যের যে লোহিত বর্ণ, ইহাই তাহা ॥

শাক্ষরভাব্যম্ । যশ আত্মনাগুপর্য্যন্তং তদ্ ব্যক্ষরৎ বিশেষণাক্ষরদগমৎ । গাছা
চ তৎ আদিত্যমভিতঃ পার্শ্বতঃ পূর্বভাগং সবিতুরশ্রয়দাশ্রিতবদিত্যর্থঃ ।
'অমুষ্ণিন্ আদিত্যে সঞ্চিতং কৰ্ম্মফলাখাং মধু ভোক্ষ্যামহে' ইত্যেবং হি যশ-
আদিলক্ষণফলপ্রাপ্তয়ে কৰ্ম্মাণি ক্রিয়ন্তে মনুষ্যৈঃ—কেদারনিষ্পাদনমিব কৰ্ম্মটকৈঃ ।
তৎ প্রত্যক্ষং প্রদর্শ্যতে শ্রদ্ধাহেতোঃ, তদ্বা এতৎ । কিং তৎ যদেতদাদিত্যস্তো-
দ্বতো দৃশ্যতে রোহিতং রূপম্ ॥ ১৮৮ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য প্রথমখণ্ডভাব্যম্ ॥ ৩ ॥ ১

আনন্দগিরিঃ । তচ্ছদার্থমাহ—যশ আদীতি । অথানুষ্ঠিতকৰ্ম্মজনিতং ফলং
কথমাদিত্যমাশ্রয়তীত্যশঙ্ক্যাহ—অমুষ্ণিন্ । দৃষ্টান্তে ভোক্ষ্যামহে ব্রীহাদিজনিতং
ফলমিত্যভিপ্রায়েণ ব্রীহাদিঃ । প্ত্যর্থমিতি শেষঃ । কিং তৎকৰ্ম্মফলং যদাদিঅমাশ্রিত্য
তিষ্ঠতীত্যশঙ্ক্যাহ—তৎ প্রত্যক্ষমিতি । কৰ্ম্মফলে প্রত্যক্ষে তৎসাধনে কৰ্ম্মাণি কৰ্ম্মাণাং
শ্রদ্ধাসিদ্ধার্থমিতি বাবৎ । তদেব ফলং প্রাপ্তপূর্বকং বিশদয়তি—কিমিত্যাদিনা ॥ ৫

ইতি তৃতীয়াধ্যায়স্য প্রথমঃ খণ্ডঃ ॥ ২

ভাষ্যানুবাদ । যশ হইতে অন্ন পর্য্যন্ত সেই রস বিশেষরূপে
ক্ষরিত হইয়াছিল, অর্থাৎ গমন করিয়াছিল, তাহা গমন করিয়া
আদিত্যের পার্শ্বদেশ অর্থাৎ সূর্য্যের পূর্বভাগ আশ্রয় করিয়াছিল ।
কৰ্ম্মকণ্ডা যেরূপ [ফলভোগার্থ] শস্যক্ষেত্র প্রস্তুত করে, তদ্রূপ
মনুষ্যগণও 'এই আদিত্যে সঞ্চিত কৰ্ম্মফলনামক মধু ভোগ করিব.'
এইরূপ সংকল্প করিয়া যশঃ প্রভৃতি ফললাভের নিমিত্ত কৰ্ম্মানুষ্ঠান

করিয়া থাকে । [লোকের] শ্রদ্ধা সমুৎপাদনার্থ তাহাই প্রত্যক্ষভাবে
 প্রদর্শিত হইতেছে—তাহাই ইহা অর্থাৎ সেই রসই এই দৃষ্টি হইয়া
 থাকে ; তাহা কি ? উদয়কালীন আদিত্যের যে, এই লোহিত রূপ দৃষ্টি
 হইয়া থাকে, [ইহাই তাহা] ॥১৮৮॥৪

ইতি তৃতীয়াধ্যায়ের প্রথম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩ ॥ ১

— — —

তৃতীয়ধ্যায়ঃ . .
দ্বিতীয়ঃ খণ্ডঃ ।

অথ যেহস্ম দক্ষিণা রশ্ময়স্তা এবাস্ম দক্ষিণা মধুনাড্যো
যজুংষ্যেব মধুকৃতো যজুর্বেদ এব পুষ্পং, তা অমৃতা
আপঃ ॥ ১৮৯ ॥ ১

অর্থ (প্রকারান্তরাস্তে) অস্ম (আদিত্যস্ম) যে দক্ষিণাঃ (দক্ষিণদিগ্-
বন্তিনঃ) রশ্ময়ঃ (কিরণাঃ), তাঃ (তে রশ্ময়ঃ) এব (নিশ্চয়ে) অস্ম
(আদিত্যরূপ মধুচক্রস্ম) দক্ষিণাঃ মধুনাড্যঃ (মধুবহাঃ নাড্যঃ); যজুংষি
(যজুর্মন্ত্রাঃ) এব মধুকৃতঃ (মধুনিষ্পাদকাঃ মধুকরস্থানীয়াঃ), যজুর্বেদ এব
পুষ্পং (মধুপাত্রং), তাঃ (কৰ্ম্মণি অগ্নৌ প্রক্ষিপ্তাঃ) আপঃ (সোমাজ্যাদি-
রূপাঃ) অমৃতাঃ (অমৃতবৎ প্রীতিকরা ইত্যর্থঃ ॥

প্রকান্তরে বলিতেছেন—এই আদিত্যের যে, দক্ষিণদিকস্থিত রশ্মিসমূহ,
উহারাই আদিত্যরূপ মধুচক্রের দক্ষিণদিকবর্তী মধুবহা নাড়ীসমূহ; যজুর্বেদোক্ত
মন্ত্রসমূহই মধুকরসমূহ; যজুর্বেদই পুষ্প, এবং যজ্ঞাগ্নিতে প্রক্ষিপ্ত সেই
সোমাদি রসসমূহই অমৃতস্বরূপ ॥

শাক্তরভাষ্যম্ । অথ যেহস্ম দক্ষিণা রশ্ময় ইত্যাদি সমানম্ । যজুংষ্যেব
মধুকৃতো যজুর্বেদবিহিতে কৰ্ম্মণি প্রযুক্তানি, পূৰ্ব্ববৎ মধুকৃত ইব । যজুর্বেদ-
বিহিতং কৰ্ম্ম পুষ্পস্থানীয়ং পুষ্পমিত্যুচ্যতে । তা এব সোমাণা অমৃতা
আপঃ ॥ ১৮৯ ॥ ২

আনন্দপিরিঃ । মধুস্বরঃ দর্শয়তি—অথেন্তি । বক্তব্যবিশেষঃ কথয়তি—যজুংষীতি ।
কথং তেষাং মধুকৃতং, তদাহ—পূৰ্ব্ববদিত্তি । যজুর্মন্ত্রাণামৃগবেদবিহিতে কৰ্ম্মণি প্রযুক্তানাং
যথা পূৰ্ব্বং মধুকরসমূহং, তথা যজুৰ্বাসমপীত্যর্থঃ । যজুর্বেদবিহিতে কৰ্ম্মণি পুষ্পদৃষ্টিমাচষ্টে—
যজুর্বেদেদিত্তি । তা অমৃতা আপ ইত্যস্ম পূৰ্ব্ববৎ ব্যাখ্যানমিত্যাহ—তা এবেন্তি ॥ ১৮৯ ॥

ভাষ্যানুবাদ । “অথ যে অস্ম” ইত্যাদির অর্থ পূৰ্ব্বের
অনুরূপ । যজুঃসমূহই অর্থাৎ যজুর্বেদোক্ত কৰ্ম্মে প্রযুক্ত যজুঃসকল,
মধুকরসমূহ । “মধুকৃতঃ” অর্থ পূৰ্ব্ববৎ—মধুকরের সদৃশ । যজুর্বেদ-
বিহিত কৰ্ম্মই পুষ্পস্থানীয়, এইজন্য পুষ্প বলিয়া কথিত হইতেছে ।
আপ সেই সোমাদি রসই অমৃতস্বরূপ ॥ ১৮৯ ॥ ১

তানি বা এতানি যজুংষ্যেতং যজুর্বেদমভ্যতপন্থস্তস্মাভি-
তপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীৰ্য্যমন্নাত্ম রসোহজায়ত ॥ ১৯০ ॥ ২

তদ্ব্যক্ষরভদাদিত্যমভিতোহশ্রয়ৎ, তদ্বা এতদ্ যদেতদাদি-
ত্যস্ত শুক্রং রূপম্ ॥ ১৯১ ॥ ৩

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥৩॥২

তানি বৈ (প্রসিদ্ধানি) এতানি যজুংষি (যজুর্মন্ত্রাঃ) এতং (প্রাপ্তকং
পুষ্পস্থানীয়ং) যজুর্বেদং অভ্যতপন্থ; অভিতপ্তস্য তস্য (অভিতপ্তাৎ
তস্মাৎ যজুর্বেদবিহিতাৎ কৰ্ম্মণ ইত্যর্থঃ) যশঃ, তেজঃ, ইন্দ্রিয়ং, বীৰ্য্যম্, অন্নাত্ম
[এতানি কৃতব্যখ্যানি], [এতদাত্মকঃ] রসঃ অজায়ত (উৎপন্নোহভূৎ) ।
তৎ (যশঃপ্রভৃতি) ব্যক্ষরৎ, [ততচ্চ] তৎ আদিত্যম্ অভিতঃ (আদিত্যস্য
'পার্শ্বঃ) অশ্রয়ৎ । আদিত্যস্য যৎ এতৎ শুক্রং রূপং, এতৎ বৈ (এব) তৎ
(যশঃপ্রভৃতি) ।

প্রসিদ্ধ সেই এই যজুঃসমূহ (মন্ত্রসমূহ) যজুর্বেদকে সর্বতোভাবে
অভিতপ্ত করিয়াছিলেন; অভিতপ্ত সেই যজুর্বেদ হইতে যশঃ, তেজঃ, ইন্দ্রিয়,
বীৰ্য্য ও অন্নাত্মরূপ রস উৎপন্ন হইয়াছিল । তাহা আবার ক্ষরিত হইয়াছিল;
তাহা আদিত্যের পার্শ্বভাগ আশ্রয় করিয়াছিল, আদিত্যের এই যে, শুক্ররূপ
দৃষ্ট হয়, তাহাই সেই যশঃপ্রভৃতি রস ॥

শাক্ষরভাব্যম্ । তানি বা এতানি যজুংষ্যেতং যজুর্বেদমভ্যতপন্থ, ইত্যেবং
সর্বং সমানম্ । মধু এতদাদিত্যস্য দৃশ্যতে শুক্রং রূপম্ ॥ ১৯০ ॥ ১৯১ ॥ ২—৩

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বিতীয়-খণ্ড-ভাব্যম্ ॥ ২

আনন্দগিরিঃ । যজুর্বেদাদিত্যসম্বন্ধি মধু প্রত্যক্ষং দর্শয়তি—এতদিত্তি ॥১৯০॥১৯১॥২॥৩

ইতি তৃতীয়াধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ২

ভাষ্যানুবাদ । “তানি বৈ এতানি যজুংষি” ইত্যাদি সমস্তই
পূর্বব শ্রুতির অনুরূপ । এই আদিত্যের যে, শুক্ররূপ দৃষ্ট হয়, তাহাই
মধু ॥ ১৯০ ॥ ১৯১ ॥২—৩

ইতি তৃতীয়াধ্যায়ের দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩ ॥ ২

তৃতীয়াধ্যায়ে

তৃতীয়ঃ খণ্ডঃ ।

অথ যেহস্য প্রত্যক্ষো রশ্ময়স্তা এবাস্য প্রতীচ্যো মধুনাড্যঃ,
সামান্যেব মধুকৃতঃ সামবেদ এব পুষ্পং, তা অমৃত্য
আপঃ ॥ ১৯২ ॥ ১

অথ (প্রকারান্তরকথনে) অস্য (আদিত্যস্য) যে প্রত্যক্ষঃ (পশ্চিম-
ভাগস্থাঃ) রশ্ময়ঃ, তাঃ (তে রশ্ময়ঃ) এব অস্য (আদিত্য-মধুনঃ) প্রতীচ্যঃ
(পশ্চিমভাগস্থাঃ) মধুনাড্যঃ (মধুবহাঃ নাড্যঃ), সামানি (সামোক্তাঃ মন্ত্রাঃ)
এব মধুকৃতঃ (মধুকরাঃ), সামবেদঃ (সামবেদোক্তানি কৰ্ম্মাণি) এব পুষ্পং
(পুষ্পবৎ মধ্বাধারঃ), তাঃ (সোমাজ্যাদিরূপাঃ) আপঃ (জলানি) এব অমৃত্যঃ
(অমৃতবৎ প্রিয়াঃ) ।

এই আদিত্যের পশ্চিমদিগ্‌বর্তী যে সমস্ত রশ্মি, তৎসমস্তই ইহার
পশ্চিমদিগ্‌বর্তী মধুবহা নাড়ী সমূহ ; সাম-মন্ত্রসমূহই মধুকর, সামবেদই পুষ্প এবং
যজ্ঞের জলই অমৃতস্বরূপ ॥ ১৯২ ॥ ১]

তানি বা এতানি সামান্যেতৎসামবেদমভ্যতপৎস্ত-
স্যাভিতপ্তস্য যশস্তেজ ইন্দ্রিয়ং বীর্যমন্নাত্তৎ রসোহ-
জায়ত ॥ ১৯৩ ॥ ২.

তদ্ব্যক্ষরভেদাদিত্যমভিতোহশ্রয়ৎ, তদ্বা এতদ্বদেতদাদিত্যস্য
কৃষৎ রূপম্ ॥ ১৯৪ ॥ ৩

ইতি তৃতীয়াধ্যায়ে তৃতীয়ঃ খণ্ডঃ ॥৩॥৩॥

তানি বৈ এতানি সামানি এতৎ সামবেদং অভ্যতপন্; অভিতপ্তস্য
তস্য (আদিত্যস্য) যশঃ, তেজঃ, ইন্দ্রিয়ং, বীর্যং, অন্নাত্তৎ, [এতদাস্মকঃ]
রসঃ অজায়ত । [ব্যাখ্যা তু পূর্ববৎ] । তৎ (যশঃপ্রভৃতি) ব্যক্ষরৎ,
[ক্রিয়ত্বা চ] আদিত্যং অভিতঃ (আদিত্যস্য পার্শ্বং) অশ্রয়ৎ ; আদিত্যস্য যৎ
এতৎ কৃষৎ রূপং, তৎ বৈ এতৎ (যশঃ প্রভৃতি) । [অত্রৎ সামানম্] ।

সেই এই সামোক্তমন্ত্রসমূহ সামবেদকে অভিতপ্ত করিলেন; অভিতপ্ত সেই সামবেদ হইতে যশ, তেজঃ, ইন্দ্রিয় সামর্থ্য, বীর্য ও অন্নাত্মরূপ রস উৎপন্ন হইল। সেই এই যশঃপ্রভৃতি রস বিশেষরূপে ক্ষরিত হইল, ক্ষরিত হইয়া আদিত্যের পার্শ্বভাগ আশ্রয় করিল; আদিত্যের যে এই কৃষ্ণ রূপ দৃষ্ট হইতেছে, তাহাই এই যশঃ প্রভৃতি রস ॥

শাক্তরভাষ্যম্। অথ যেহস্য প্রত্যক্ষো রশ্ময় ইত্যাদি সমানম্। তথা সান্নাং মধু, এতদাদিত্যস্য কৃষ্ণং রূপম্ ॥ ১৯২—১৯৪ ॥ ১—৩

ইতি তৃতীয়াধ্যায়স্য তৃতীয়-খণ্ড-ভাষ্যম্ ॥ ৩

০ আনন্দগিরিঃ। তৃতীয়ঃ মধু কথয়তি—অথৈতি। ষচাং বজ্রবাং চ মধু বথা কথিতং, তথৈতি যাবৎ। তস্য শাক্তপ্রত্যক্ষং দর্শয়তি—এতদিত্তি ॥ ১—৩

ইতি তৃতীয়াধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ।

০ ভাষ্যানুবাদ। “অথ যে অস্য প্রত্যক্ষঃ” ইত্যাদির অর্থ পূর্বেবর সমান। পূর্বেবর শ্রায় এই যে আদিত্যের কৃষ্ণরূপ, ইহাই সামসমূহের মধু ॥ ১৯২—১৯৪ ॥ ১—৩ ॥

ইতি তৃতীয়াধ্যায়ের তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩ ॥ ৩ ॥

তৃতীয়াধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ ।

অথ যেহশ্চোদক্ষেণা রশ্ময়স্তা এবাশ্চোদীচ্যো মধু-
নাড্যোহথর্ক্বাজিরস এব মধুকৃত ইতিহাসপুরাণং পুষ্পং, তা
অমৃত্য আপঃ ॥ ১৯৫ ॥ ১

অণ অশ্চ (আদিত্যশ্চ) যে উদকঃ (উত্তরদিগ্‌বর্ত্তিনঃ) রশ্ময়ঃ, তাঃ
এব অশ্চ (আদিত্যশ্চ) উদীচ্যঃ (উত্তরভাগস্থাঃ) মধুনাড্যঃ ; অথর্ক্বাজিরসঃ
(অথর্ক্বণা অজিরসা চ মুনিনা দৃষ্টা মজ্জাঃ) এব মধুকৃতঃ (মধুকরণঃ),
ইতিহাস-পুরাণং (ইতিহাসঃ চ পুরাণং চ আশ্বমেধীয়ে কাণ্ডে যজ্ঞাক্ষেণে প্রসিদ্ধং)
পুষ্পং, তাঃ আপঃ অমৃত্যঃ । অশ্চৎ পূর্ক্বানুরূপম্ ।

আদিত্যের উত্তরভাগস্থ যে রশ্মিসমূহ, সে সমুদয়ই ইহার উত্তরদিগ্‌বর্ত্তী
মধুবহা নাড়ী সমূহ ; অথর্ক্ব ও অজিরা ঋষিদৃষ্ট—মজ্জাসমূহট মধুকর, ইতিহাস ও
পুরাণই ইহার পুষ্প, এবং সেই যজ্ঞের সোমাদিরসই অমৃতস্বরূপ ॥

শৃঙ্করভাষ্যম্ । অথ যেহশ্চপ্রত্যক্ষেণা রশ্ময় ইত্যাদি সমানম্ । অথর্ক্বাজি-
রসঃ—অথর্ক্বণা অজিরসা চ দৃষ্টা মজ্জা অথর্ক্বাজিরসঃ, কর্মণি প্রযুক্তা মধুকৃতঃ ।
ইতিহাসপুরাণং পুষ্পম্ । তয়োশ্চৈতিহাস-পুরাণয়োরাশ্বমেধে পারিপ্লবাস্তু স্নাত্তিষু
কর্মাঙ্ক্বেন বিনিয়োগঃ সিদ্ধঃ ॥ ১৯৫ ॥ ১

আনন্দগিরিঃ । চতুর্থঃ মধু নিদর্শয়তি—অশ্চৈতি । কিং তৎ কর্ম, ইত্যা-
শক্যাহ—ইতিহাসেনৈতি । তন্নি অথর্ক্বণনামাজিরসানাং চ প্রসিদ্ধং ব্রাহ্মণং, তদ্বিহিতং
কর্ম পুষ্পং পুষ্পস্থানীয়মিত্যর্থঃ । যদা প্রসিদ্ধয়োরিতিহাস-পুরাণয়োরাপাদানং, তদপি ন
দূষণমিত্যাহ—তয়োশ্চৈতি । অশ্বমেধকর্মাণি জামিতাপরিহারার্থং পারিপ্লবো নানাবিধোপা-
খ্যানসমুদায়ঃ—যত্র তৎ পারিপ্লবমাচক্ষীতেতি বিধিবশাৎ প্রযজ্যতে, তাস্থ স্নাত্তিষু তন্তৈব
কর্মাণোহঙ্ক্বেন মনুর্বেব বসতো রাজ্যেত্যেবংপ্রকারয়োরিতিহাস-পুরাণয়োবিনিয়োগস্ত পূর্ক্ব-
তয়ে পারিপ্লবার্থাধিকরণেনৈব সিদ্ধস্যৎ তৎসম্বন্ধি কর্ম পুষ্পমিত্যর্থঃ । অস্তাপি মধুনঃ শাস্ত্র-
প্রত্যক্ষতামাহ—অশ্চৈতি ॥ ১৯৫ ॥ ১

ভাষ্যানুবাদ । “অথ যে অশ্চ উদকঃ রশ্ময়ঃ” ইত্যাদির অর্থ
পূর্ক্বের স্থায় । অথর্ক্বাজিরস অর্থ—অথর্ক্বা ও অজিরা নামক ঋষি-

কর্তৃক দৃষ্ট মন্ত্র সমূহ; কশ্মে^১ বিনিযুক্ত অথর্ক্বাঙ্গিরস সমূহই মধুকর ; ইতিহাস ও পুরাণই (১) পুষ্পস্বরূপ ; অশ্বমেধযজ্ঞে পারিপ্লবসংক্রমক রাত্রিতে সেই ইতিহাস ও পুরাণের বিনিয়োগ প্রসিদ্ধ আছে ॥১৯৫॥১॥

তে বা এতেহথর্ক্বাঙ্গিরস এতদিতিহাসপুরাণমভ্যতপত্শস্ত্রা-
ভিতপ্তশ্র যশস্তেজ ইন্দ্রিয়ং বীৰ্য্যম্নাগং রসোহজায়ত ॥১৯৬॥২

তদ্যক্ষরভদাদিত্যমভিতোহশ্রয়ৎ, তদ্বা এতদ্যদেতদাদিত্যশ্র
পরং কৃষ্ণং রূপম্ ॥ ১৯৭ ॥ ৩

ইতি তৃতীয়াধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ ॥ ৩ ॥ ৪ ॥

তে এতে বৈ অথর্ক্বাঙ্গিরসঃ এতৎ ইতিহাস-পুরাণং অভ্যতপন্ ; অভিতপ্তশ্র
তশ্র (অথর্ক্বাঙ্গিরসঃ) যশঃ, তেজঃ, ইন্দ্রিয়ং, বীৰ্য্যং, অন্নাত্মং—রসঃ অজায়ত ।
তৎ (যশঃ প্রভৃতি) বাক্ষরৎ, [ততশ্চ] আদিত্যং অভিতঃ অশ্রয়ৎ ; এতৎ বৈ
স্তৎ—যৎ আদিত্যশ্র পবং (অতিশয়েন) কৃষ্ণং রূপম্ ॥

সেই এই অথর্ক্বাঙ্গিরস মন্ত্র সমূহ এই ইতিহাস ও পুরাণরূপ [পুষ্পকে] অভি-
তপ্ত করিয়াছিলেন ; অভিতপ্ত সেই ইতিহাস ও পুরাণ হইতে যশঃ, তেজঃ, ইন্দ্রিয়,
'বীৰ্য্য ও অন্নাত্মরূপ রস উৎপন্ন হইল ; তাহাও আবার বিশেষরূপে ক্ষরিত হইল,
[ক্ষরিত হইয়া] আদিত্যের পার্শ্বদেশ আশ্রয় করিল ; আদিত্যের যে এই গাঢ়
কৃষ্ণ বর্ণ, ইহাই সেই [গলিত রস] ॥

শাক্ষরভাষ্যম্ । মধু এতদাদিত্যশ্র পরং কৃষ্ণং রূপম্ অতিশয়েন কৃষ্ণ-
মিত্যর্থঃ ॥ ১৯৬--১৯৭ ॥ ২—৩

ইতি তৃতীয়াধ্যায়শ্চ চতুর্থ-খণ্ড-ভাষ্যম্ ॥ ৩ ॥

ভাষ্যানুবাদ । এই আদিত্যের যে, পরম কৃষ্ণরূপ অর্থাৎ অতি-
শয় কৃষ্ণ বর্ণ, তাহাই মধুস্বরূপ ॥১৯৬-১৯৭॥২—৩

ইতি তৃতীয়াধ্যায়ের চতুর্থখণ্ডের ভাষ্যানুবাদ ॥৩৪॥

(১) তাৎপর্য্য—অশ্বমেধনামক যজ্ঞটি বহুদিন-সাধ্য; যজ্ঞকর্তা চূপ করিয়া বসিয়া থাকিলে পাছে তাহার আলশ উপস্থিত হয়, এই ভয়ে শ্রুতি নিজেই রাত্রিতে ইতিহাস ও পুরাণ শ্রবণের বিধান করিয়াছেন । বিবিধ উপাখ্যানাদি সমষ্টিকে 'পরিপ্লব' কহে; যে সমস্ত রাত্রিতে তাহার শ্রবণবিধি আছে; সেই রাত্রিগুলিকে 'পরিপ্লব রাত্রি' বলে । বিশেষ বিবরণ টীকান্তে দ্রষ্টব্য ।

তৃতীয়াধ্যায়ে

পঞ্চমঃ খণ্ডঃ ।

অথ যেহস্রোক্তা রশ্ময়স্তা এবাস্রোক্তা মধুনাভ্যো গুহা
এবাদেরা মধুকৃতো ব্রহ্মৈব পুষ্পং, তা অমৃতা আপঃ ॥ ১৯৬ ॥ ১

অথ, অস্র যে উক্তাঃ (উক্তদেশস্থাঃ) রশ্ময়ঃ, তাঃ এব অস্র উক্তাঃ মধুনাভ্যঃ,
গুহাঃ (গোপনীয়ঃ) আদেশাঃ (উপদেশাঃ) এব মধুকৃতঃ ; ব্রহ্ম এব পুষ্পং, তাঃ
আপঃ অমৃতাঃ ; [ব্যাখ্যা তু পূর্ববৎ] ॥

এই আদিত্যের যে উক্তদেশস্থিত রশ্মি সমূহ, সে সমুদয়ই ইহার উপরি-
ভাগস্থ মধুনাভী সমূহ ; রহস্যময় উপদেশ সমূহই মধুকর, ব্রহ্মই পুষ্প ; এবং সেই
জলসমূহই অমৃতস্বরূপ ॥

• শাক্তরভাষ্যম্ । অথ যেহস্রোক্তা ইত্যাদি পূর্ববৎ । গুহা গোপ্যা রহস্য
এবাদেরা লোকদ্বারীয়াদিবিধয়ঃ । উপাসনানি চ কৰ্ম্মাজবিষয়ানি মধুকৃতঃ ; ব্রহ্মৈব
শব্দাধিকারাৎ প্রণবাধ্যং পুষ্পম্ । সমানমন্ত্ৰং ॥ ১৯৮ ॥ ১

আনন্দগিরিঃ । পঞ্চমঃ মধু দর্শয়তি—অথেতি । লোকদ্বারীয়াদিবিধয়ঃ—
লোকদ্বারমপার্বণ পশ্চম ভা বয়মিত্যাদয়ঃ । ব্রহ্মশব্দার্থমাহ—শব্দাধিকারাদিত্তি ।
গাঙ্গাদিশব্দানাং প্রকৃত্বাদিত্যর্থঃ ॥ ১৯৮ ॥ ১ ॥

ভাষ্যানুবাদ । “অথ যে অস্র” ইত্যাদির অর্থ পূর্ববৎ । গুহ
অর্থ—গোপনীয়—রহস্যময় আদেশ সমূহই অর্থাৎ (লোকদ্বারম্ অপা-
ৰ্বণু ইত্যাদি) লোকদ্বারীয় বিধি সমূহ এবং কৰ্ম্মাজবিষয়ক উপাসনা
সমুদয়ই মধুকর ; শব্দ প্রসঙ্গে পঠিত বলিয়া এখানে ব্রহ্ম অর্থ—
প্রণব ; সেই প্রণবই পুষ্প স্থানীয় । অপর সমস্ত পূর্বের
সমান ॥ ১৯৮ ॥ ১ ॥

তে বা এতে গুহা আদেশা এতদব্রহ্মাত্যতপংস্তস্মাতি-
তপ্তস্য যশ ইন্দ্রিয়ং বীর্যমন্নাগুৎ রসোহজায়ত ॥ ১৯৯ ॥ ২

তদ্ব্যকরভদাদিত্যমভিতোহশ্রয়ৎ, তদ্বা এতদ্ যাদেতদাদি-
ত্যস্ম মধ্যে ক্ষেভত ইব ॥ ২০০ ॥ ৩

তে এতে বৈ গুহাঃ আদেশাঃ এতৎ ব্রহ্ম (প্রণবং) অভ্যতগন্ ; অভিতপ্তস্ত
 তস্ত (প্রণবস্ত) যশঃ, তেজঃ, ইন্দ্রিয়ং, বীৰ্যং, অন্নাত্মং—রস অন্নাৎ ॥ তৎ
 ব্যক্ৰবৎ, [ততশ্চ] আদিত্যং অভিতঃ অশ্রয়ং । আদিত্যস্ত মধ্যে বৎ এতৎ
 ক্লেভতে (স্পন্দতে) ইব (বস্ততস্ত নৈব ক্লেভতে,) এতৎ (ক্লেভনং) বৈ তৎ
 (যশঃপ্রভৃতি) ॥

সেই এই গুহা আদেশ সমূহই এই প্রণবাধা ব্রহ্মকে অভিতপ্ত করিয়াছিলেন ;
 অভিতপ্ত সেই প্রণবের যশঃ, তেজ, ইন্দ্রিয়, বীৰ্য ও অন্নাত্মরূপ রস উৎপন্ন হইল ।
 তাহা আবার ক্রুরিত হইল, [ক্রুরিত হইয়া] আদিত্যের পার্শ্বদেশ আশ্রয় করিল ;
 আদিত্যের মধ্যে এই যে চাঞ্চল্যভাবে মত প্রতীতি হইতেছে, ইহাই সেই
 রস ॥

শাক্তরভাষ্যম্ । মধেবতদাদিত্যস্ত মধ্যে ক্লেভত ইব সমাহিতদৃষ্টেদৃশ্রুতে
 সঞ্চলন্তীয ॥ ১৯৯—২০০ ॥ ২—৩

আনন্দগিরিঃ । অস্তাপি মধুঃ শাস্ত্রবশাৎ প্রত্যক্‌তামাহ—মধেবতদিত্তি ।
 সমাহিতদৃষ্টেঃ শাস্ত্রার্থে সমাহিতচিত্তস্তেত্যর্থঃ ॥ ১৯৯—২০০ ॥ ২—৩ ॥

ভাষ্যানুবাদ । এই আদিত্যের মধ্যে যেন কিছু ক্রুরিত হইতেছে,
 অর্থাৎ যেন পরিস্পন্দমানই হইতেছে ; ইহাই মধু ॥ ১৯৯—২০০ ॥ ২—৩ ॥

তে বা এতে রসানাং রসাঃ, বেদা হি রসাস্তেষামেতে
 রসাঃ, তানি বা এতান্মৃতানামমৃতানি, বেদা হ্মৃতাস্তেষামে-
 তান্মৃতানি ॥ ২০১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য পঞ্চমঃ খণ্ডঃ ॥ ৩ ॥ ৫

তে এতে (রোহিতাদিরূপবিশেষাঃ) বৈ (এব) রসানাং রসাঃ (সারভাগাঃ)
 [কেযাম্ রসানাম্ ? ইত্যাহ—] বেদাঃ (ঋগাদয়ঃ) হি (নিশ্চয়ে) রসাঃ, তেষাং এতে
 রোহিতাদিভাবাঃ) রসাঃ (সারভূতাঃ), তানি এতানি (রোহিতাদীনি) বৈ (এব)
 অমৃতানাং (নিত্যস্বরূপবেদানাং) অমৃতানি ; হি (যস্মাৎ) বেদাঃ অমৃতাঃ (নিত্য-
 রূপাঃ), এতানি (রোহিতাদীনি) তেষাং (বেদানাং) অমৃতানি ॥

সেই এই রোহিতাদি রূপই সমস্ত রসের রস অর্থাৎ সারভূত ; ঋক্ প্রভৃতি
 বেদ সমূহই রস ; এই রোহিতাদি রূপ সমূহই আবার তাহারও রসস্বরূপ ;

সেই এই লোহিতাদি রূপসমূহ অমৃতেরও অমৃতস্বরূপ ; কেন না, বেদ সমূহই অমৃত (নিত্য), এই লোহিতাদি রূপ সমূহ আবার তাহাদেরও অমৃতস্বরূপ ॥

শাক্তরভাষ্যম্ । তে বা এতে যথোক্তা রোহিতাদিরূপবিশেষা রসানাং রসাঃ । কেষাং রসানাং ? ইত্যাহ—বেদা হি যস্মাল্লোকনিবান্দহাং সারাঃ ইতি রসাঃ, তেষাং রসানাং কৰ্ম্মভাবাপন্নানামপি এতে রোহিতাদিবিশেষা রসাঃ—অত্যন্ত-সারভূতা ইত্যর্থঃ । তথা অমৃতানামমৃতানি ; বেদা হি অমৃতাঃ, নিত্যহাং ; তেষাম্ এতানি রোহিতাদীনি রূপাণ্যমৃতানি রসানাং রসা ইত্যাদি কৰ্ম্মস্বত্বিরেঘ— যন্তৈবং বিশিষ্টানি অমৃতানি ফলমিতি ॥ ২০১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্ত পঞ্চমখণ্ডভাষ্যম্ ॥ ৩ ॥ ৫ ॥

আনন্দগিরিঃ । পঞ্চ মধুনি ব্যাপ্যায় তেষাং সর্কেবাং ধোরত্বসিদ্ধার্থং স্তুতিং প্রকুরতে— তে বা এত ইতি । তস্মাৎ তেষামিতি সম্বন্ধঃ, কৰ্ম্মণি বিনিযুক্তত্বেন তদঙ্গত্বাৎ তদ্বাবাপত্তিঃ । বেদানাং কাব্যাদেহপি প্রসঙ্গপূৰ্ব্বকত্বাবান্নিত্যত্বম্ । যা মধুনি স্তুতিঃ, সা কৰ্ম্মস্বত্বিরিত্যাহ—রসানাংমিতি । কৰ্ম্মস্বত্বিনভিনয়তি—যন্তৈবমিতি । রসানাং রসা অমৃতানাংমৃতানীত্যেবংবিশিষ্টান্যমৃতানি যন্ত ফলং কৰ্ম্মণঃ, তন্ত মহাভাগ্যং কিং বক্তব্যমিতি তদ্ব্যুত্বে কৰ্ম্মেত্যর্থঃ ॥ ২০১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্ত পঞ্চমঃ খণ্ডঃ । ৫

ভাষ্যানুবাদ । সেই এই লোহিতাদি বিশেষ বিশেষ রূপসমূহই রসসমূহেরও রসস্বরূপ ; কোন রস সমূহের ? এই আঁকা-জকায় বলিতেছেন—যে হেতু লোক-নিষ্পন্দ বলিয়া বেদ সমূহই সারভূত, অতএব (বেদ সমূহই) রসস্বরূপ । কৰ্ম্মভাবাপন্ন [অর্থাৎ কৰ্ম্মে বিনিযুক্ত] সেই বেদময় রসসমূহেরও অবার এই লোহিতাদি রূপবিশেষেই রস অর্থাৎ অত্যন্ত সারভূত । সেইরূপ, [উক্ত রূপসমূহই] অমৃতেরও অমৃতস্বরূপ ; কারণ, নিত্যতা নিবন্ধন বেদসমূহই অমৃত, এই লোহিতাদি রূপসমূহ আবার তাহাদেরও (২) অমৃত স্বরূপ । ‘রসের ও রস’ ইত্যাদি কথা কেবল কৰ্ম্মের স্তুতি প্রকাশক মাত্র, অর্থাৎ এরূপ বিশেষ অমৃতস্বরূপ লাভ যে কৰ্ম্মের ফল । সেইকৰ্ম্ম অবশ্যই অমুর্থেয়] ॥ ২০১ ॥ ৪ ॥

ইতি তৃতীয়াধ্যায়ের পঞ্চমখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৫ ॥

(২) তাৎপর্য—বেদের নিত্যত্ব অবিসংবাদিত ; কিন্তু এখানে ‘বেদ’শব্দে বেদোক্ত কৰ্ম্ম গ্রহণ করা হইয়াছে । কৰ্ম্ম অনিত্য—দীর্ঘকালস্থায়ী না হইলেও তাহার ফল দীর্ঘকাল স্থায়ী হইয়া থাকে, এই স্তুতি কৰ্ম্মস্বত্ব লোহিতাদি রূপকে কৰ্ম্মাপেক্ষাও ‘অমৃত’ বলা হইয়াছে ।

তৃতীয়াধ্যায়ে ষষ্ঠঃ খণ্ডঃ ।

তদযৎ প্রথমমমৃতং তদ্বসব উপজীবন্ত্যাগ্নিনা মুখেণ, ন বৈ
দেবা অগ্নস্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্ৱা তৃপ্যন্তি ॥ ২০২ ॥ ১

‘ তৎ (তত্র) যৎ প্রথমম্ (লোহিতরূপম্) অমৃতং, বসবঃ (তদাখ্যাঃ
দেবাঃ) অগ্নিনা মুখেণ (অগ্নিরূপমুখেণেত্যর্থঃ) উপজীবন্তি (উপভুক্ততে) ;
[বস্ততস্ত] দেবাঃ (বস্বাত্তাঃ) ন বৈ (নৈব) অগ্নস্তি, ন চ পিবন্তি, [কিন্তু]
এতৎ (লোহিতরূপম্) অমৃতং দৃষ্ট্ৱা (বিলোক্য) তৃপ্যন্তি (তৃপ্তা ভবন্তি) ॥

‘ সেই যে প্রথম অমৃত (লোহিতরূপ), বসুগণ অগ্নিরূপ মুখ দ্বারা তাহা
উপভোগ করেন ; [প্রকৃত পক্ষে কিন্তু] দেবতাগণ ভোজনও করেন না, এবং
পানও করেন না ; কেবল এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তিলাভ করেন ॥

‘ শাক্তর-ভাষ্যম্ । তৎ তত্র যৎ প্রথমমমৃতং রোহিতরূপলক্ষণং, তৎ বসবঃ
প্রাতঃসবনেশানা উপজীবন্তি অগ্নিনা মুখেণ অগ্নিনা প্রধানভূতেনাগ্নিপ্রধানাঃ সন্ত
উপজীবন্তীত্যর্থঃ । ‘অন্নাত্তং রসোহজায়ত’ ইতি বচনাৎ কবলগ্রাহমগ্নস্তীতি প্রাপ্তম্,
‘তৎ প্রতিষিধ্যতে—ন বৈ দেবা অগ্নস্তি ন পিবন্তীতি । কথং তহি উপজীবন্তীতি ?
উচ্যতে—এতদেব হি যথোক্তমমৃতং রোহিতরূপং দৃষ্ট্ৱা উপলভ্য সৰ্ব্বকরণৈরমৃতম্
তৃপ্যন্তি ; দৃশেঃ সৰ্ব্বকরণহারোপলক্ষ্যার্থত্বাৎ । ননু রোহিতং রূপং দৃষ্ট্ৱে ত্যক্তম্ ;
কুথমস্তেত্রিয়বিষয়ত্বং রূপস্ত ?—ইতি ; ন, যশ আদীনাং শ্রোত্রাদিগম্যত্বাৎ । শ্রোত্র-
গ্রাহং যশঃ । তেজোরূপং চাক্ষুশম্ । ইন্দ্রিয়ং বিষয়গ্রহণ-কার্য্যানুমেয়ং করণসামর্থ্যম্ ।
বীৰ্য্যং বলং দেহগত উৎসাহঃ প্রাণবত্তা । অন্নাত্তং প্রত্যহমুপজীব্যমানং
শরীরস্থিতিকরং যন্তবতি । রসো হেবমাত্মকঃ সৰ্ব্বঃ ; যৎ দৃষ্ট্ৱা তৃপ্যন্তি সৰ্ব্বে ।
দেবা দৃষ্ট্ৱা তৃপ্যন্তীতি এতৎ সৰ্ব্বং স্বকরণৈরমৃতম্ তৃপ্যন্তীত্যর্থঃ । আদিত্যসংশ্রয়াঃ
সন্তো বৈগম্যাদিদেহকরণদোষরহিতাশ্চ ॥ ২০২ ॥ ১

‘ আনন্দগিরিঃ । অমৃতানি ধোয়ামৃতম্ । তদুপজীবিনো দেবতাগণাননুচিন্তনীরামুপদিশন্তি—
ভুক্তত্রেস্তি । কবলগ্রাহং কবলং গৃহীত্বা যথা লোকোহগ্নীতি তদ্বদিত্যেতৎ । ন্যশনপানা-
ভাবে ন যুক্তমুপজীবন-বচনমিত্যাশঙ্ক্য পরিহরতি—কথমিত্যাদিনা । চক্ষুবেতি বক্তব্যে
কথং সৰ্ব্বকরণৈরিত্যাধিকমুচ্যতে ? তত্রাহ—দৃশেস্তি । চক্ষুবেব রূপগ্রহণমিতি নিয়মমাত্রিত্য
শব্দভে—নস্তি । কৰ্মকলভূতস্ত রসস্ত লোহিতামৃতাম্বকস্ত নাস্তি চক্ষুর্নাত্রগ্রাহ্যমিতি

পরিহরতি—নেত্র্যাদিনা । কিমেতাবতা রসস্থায়াতঃ, তদাহ—রসো হীতি । ইতি তস্মাপি শ্রোত্রাদিগ্রাহতেতিশেষঃ । এতদেবেত্যাদি বাক্যমুপসংহরতি—দেবা ইতি । কিং তেষাং স্বতন্ত্রাণাং তৃপ্তিনে'গ্রাহ—আদিত্যোক্তি । বৈগন্ধ্যাং দৌর্গন্ধ্যাম্ । আদিপদেন সম্ভাবিতাঃ সর্বেহপি দেহ-করণদোষা গৃহ্যন্তে ॥ ২০২।১

অনুবাদ । তন্মধ্যে যাহা প্রথম অমৃত—লোহিত রূপ, প্রাতঃ সবনাধিপতি বসুগণ অগ্নিরূপ মুখ দ্বারা—প্রধানভূত অগ্নি দ্বারা—তাহা উপভোগ করেন, অর্থাৎ [আশনাদের মধ্যে] অগ্নিকেই প্রধান করিয়া উপভোগ করেন * । পূর্বে কথিত হইয়াছে যে, অন্নাত্ত অর্থাৎ ভক্ষণীয় অন্নস্বরূপ রস উৎপন্ন হইল ; সুতরাং দেবগণ কবলিত করিয়া ভক্ষণ করেন, এইরূপ অর্থই প্রাপ্ত হওয়া যাইতেছে ; তৎপ্রতিষেধার্থ বলিতেছেন,—দেবতারা ভক্ষণ করেন না, এবং পানও করেন না । তবে কি প্রকারে উপভোগ করেন ? বলা হইতেছে—এই পূর্বেবাক্ত অমৃত-স্বরূপ লোহিত রূপ দর্শন করিয়া—উপলব্ধি করিয়া অর্থাৎ সমস্ত ইন্দ্রিয় দ্বারা অনুভব করিয়া তৃপ্তিলাভ করেন ; কারণ, সমস্ত ইন্দ্রিয় দ্বারা উপলব্ধি করাই 'দৃশ্' ধাতুর ('দৃষ্টা' কথার) অর্থ ।

ভাল, [শ্রুতিতে কেবল] 'লোহিত রূপ দর্শন করিয়া' এই কথামাত্র উক্ত হইয়াছে ; [একমাত্র চক্ষুর গ্রাহ] রূপ অপর ইন্দ্রিয়ের গ্রহণীয় হয় কিরূপে ? না—এ আপত্তি হইতে পারে না ; কারণ যশঃপ্রভৃতিই ত শ্রোত্রাদি ইন্দ্রিয়ের গ্রাহ ; [তন্মধ্যে] যশঃ শ্রোত্রেন্দ্রিয়-গ্রাহ ; রূপ চক্ষু-রিন্দ্রিয়-গ্রাহ । ইন্দ্রিয় অর্থ—বিষয় গ্রহণরূপ কার্য দ্বারা অনুমেয় ইন্দ্রিয়-সামর্থ্য ; বীৰ্য্য অর্থ—বল, দেহগত উৎসাহ বা উত্তম অর্থাৎ প্রাণবক্তা ; অন্নাত্ত অর্থ—প্রত্যহ উপভুক্ত হইয়া যাহা শরীরকে রক্ষা করে ; এবং বিধ পদার্থ সমুদয়ই রসপদবাচ্য, যাহা দেখিয়া সকলে তৃপ্তি লাভ করিয়া থাকে । দেবগণ দর্শন করিয়া তৃপ্ত হন, এ কথার অর্থ এই যে, তাঁহারা নিজ নিজ ইন্দ্রিয় দ্বারা এ সমস্ত রস অনুভব করিয়া তৃপ্তি-

* তাৎপৰ্য্য—এখানে মুখ অর্থ প্রধান ; বসুগণের মধ্যে অগ্নিই প্রধান, এই ভক্ত অগ্নিকে মুখ বলিয়া নির্দেশ করা হইয়াছে । এইরূপ পরেও নিজ নিজ গণের মধ্যে প্রধানকেই মুখ বলিয়া নির্দেশ করা হইয়াছে, বুঝিতে হইবে ।

লাভ করেন ; অধিকন্তু, আদিত্যের আশ্রয়ে থাকিয়া দেহেন্দ্রিয়াদি-
গত দুর্গন্ধাদি দোষ রহিতও হন ॥২০২॥১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥২০৩॥২

তে (দেবাঃ) এতৎ (যথোকৃতম্) এব রূপম্ (লোহিতলক্ষণম্) অভি-
(লক্ষণীকৃত্য) সংবিশন্তি (ভোগে উদাসীনাঃ ভবন্তি) ; যদ্বা, এতৎ এব
লক্ষণীকৃত্য সংবিশন্তি ভোগং কুর্বন্তীত্যর্থঃ । [ভূয়শ্চ] এতস্মাৎ রূপাৎ (এতদ্
রূপমুদ্दिश) উদ্যন্তি (উত্তমং কুর্বন্তি), যদা অমৃতভোগযোগ্যতা ভবতি,
তদা তদর্থং চেষ্টন্তে, যদা পুনঃ যোগ্যতাবসরো নিবর্ততে, তদা তু তে নিরুত্তমা
অবতিষ্ঠন্তে ইতি ভাবঃ ॥

তাঁহারা এই লোহিত রূপকে লক্ষ্য করিয়াই উদাসীন নিশ্চেষ্ট ভাবে থাকেন,
আবার এই রূপের নিমিত্তই [উপযুক্ত সময়ে] চেষ্টাবান্ হইয়া থাকেন (কন্দ
করিয়া থাকেন) ॥

শাক্তরভ্যায়ম্ । কিং তে নিরুত্তমা অমৃতমুপজীবন্তি ? ন ; কথং তর্হি ?
এতদেব রূপমভিলক্ষ্য অধুনা ভোগাবসরো নাম্মাকমিতি বুদ্ধা অভিসংবিশন্তি
উদাসতে । যদা বৈ তস্মামৃতশ্চ ভোগাবসরো ভবেৎ, তদা তস্মাদমৃতাত্ এতদমৃত-
ভোগনিমিত্তমিত্যর্থঃ ; উদ্যন্তি উৎসাহবন্তো ভবন্তীত্যর্থঃ । ন হনুৎ-
সাহবতামনুতিষ্ঠতাম্ অলসানাং ভোগপ্রাপ্তিলোকে দৃষ্টা ॥ ২০৩ ॥ ২ ॥

স্মানন্দগিরিঃ । এতস্মাদ্রূপাদিতি ব্যাখ্যাতস্মানুবাদমাত্রম্ । উৎসাহবতাং দেবানাং
যথোক্তামৃতোপজীবিত্বমিত্যজ লোকপ্রসিদ্ধিমনুকূলয়তি—ন হীতি ॥ ২০৩ ॥

ভাষ্যানুবাদ । তাঁহারা কি উত্তমহীন হইয়া উপভোগ করেন ?

না—তাহা নহে ; তবে কিরূপে ? [উত্তর]—এই রূপকেই (লোহিত
রূপকেই) লক্ষ্য করিয়া—‘এখন আমাদের ভোগের অবসর নাই’, এই
মনে করিয়া উদাসীন (নিশ্চেষ্ট) থাকেন । যখন আবার সেই অমৃত
ভোগের উপযুক্ত সময় উপস্থিত হয়, তখন এই অমৃতের জন্ম, অর্থাৎ
অমৃত-ভোগের নিমিত্ত উক্ত রূপ হইতেই উত্তমসম্পন্ন অর্থাৎ উৎসাহ-
বান্, হইয়া থাকেন । কারণ, অনুৎসাহসম্পন্ন ও অনুষ্ঠানরহিত অলস-
দিগের ভোগপ্রাপ্তি জগতে দেখা যায় না ॥২০৩॥২॥

স য এতদেবমমৃতং বেদ বসুনা মৈবৈকো ভূত্বা অগ্নিনেব
মুখে নৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি ; স এতদেব রূপমভিসংবিশ-
ত্যেতস্মাদ্রূপাদুদেতি ॥ ২০৪ ॥ ৩

সঃ যঃ (কশ্চিৎ) এবম্ (যথোক্তপ্রকারম্) এতৎ অমৃতং বেদ (জানাতি),
সঃ (বিদ্বান্) বসু নাম্ এব একঃ (স্তম্ভতমঃ) ভূত্বা অগ্নিনা এদ মুখে ন (অগ্নি-
মুখে ন) এতৎ এব অমৃতং দৃষ্ট্বা (অনুভূয়) তৃপ্যতি ; সঃ (বিদ্বান্) এতৎ এব
রূপম্ (লোহিতাত্মকম্) অভিলক্ষ্য সংবিশতি, এতস্মাৎ রূপাৎ উদেতি
(উত্তমং চ কৰোতি) ।

যে লোক উক্ত প্রকারে এই অমৃতকে অবগত হন, সেই লোক বসুদিগের
মধ্যেই একজন হইয়া এই অগ্নিমুখ দ্বারা এই অমৃত দর্শন করিয়া তৃপ্তিলাভ
করেন, এবং সেই লোক এইরূপকেই লক্ষ্য করিয়া নিরুত্তমভাবে অবস্থান করেন,
আবার এই রূপের নিমিত্তই উত্তমও করিয়া থাকেন ॥

শাক্করভাব্যম্ । স যঃ কশ্চিদেতদেবঃ যথোদিতম্ ঋত্বধুকরতাপরস-সঙ্ক-
রণম্ ঋগ্বেদবিহিতকর্ম্ম-পুষ্পাৎ, তস্মৈ চাদিত্যসংশ্রয়ণং, যোহিতরূপত্বঞ্চ
অমৃতস্য প্রাচাদিগ্গতরশ্মিনাডীসংস্থতাং বসু-দেবভোগাতাম্, তদ্বিদশ্চ বসুভিঃ
সহৈকতাং গত্বা অগ্নিনা মুখেনোপজীবনং—দর্শনমাত্রেণ তৃপ্তিঞ্চ স্বেভোগাবসরে
উত্তমনং তৎকালাপায়ে চ সংবেশনং বেদ, সোহপি বসুবৎ সর্বং তথৈবানু-
ভবতি ॥ ২০৪ ॥ ৩

আনন্দগিরিঃ । পাঠক্রমেণোক্তং ধোয়ধুরূপমনুদ্য সাধিকারং ধ্যানবিধিং দর্শয়তি—
স য ইতি । বসুদেবভোগাতাং বসুভিঃ সহৈকতাং উপজীবনমিতি যাবৎ । এতদিত্যস্মাকং
মধু নিদর্শয়তি । এবং শাক্কার্থং বিশদয়তি—যথোদিতমিতি । তথৈব স্তত্রোক্তক্রমেণৈবে-
ত্যর্থঃ ॥ ২০৪ ॥ ৩

ভাষ্যানুবাদ । সেই যে কোনও লোক যথোক্তপ্রকারে ইহা
—ঋকরূপ মধুকর কৃত তাপে ঋগ্বেদ-বিহিত কর্ম্মের পুষ্প হইতে রস
ক্ষরণ, তাহার আবার, আদিত্যমণ্ডলে আশ্রয় গ্রহণ এবং লোহিতরূপত্ব,
[ভোগ্যভূত] অমৃতের পূর্বাঙ্গ-বর্তী রশ্মিরূপ নাড়ীতে অবস্থিতি ও
বসু নামক দেবতাদিগের ভোগ্যতা, এবং এই তত্ত্ববিৎ ব্যক্তির যে
বসুগণের সহিত একত্বপ্রাপ্তিপূর্বক অগ্নি-মুখ দ্বারা উপজীবন
(অমৃত ভোগ), অর্থাৎ কেবল দর্শনমাত্রেই তৃপ্তিলাভ, এবং নিজের

ভোগোপযুক্ত সময়ে উত্তম (সর্চেষ্টতা) আবার সেই ফলোপভোগ-
শেষে নিশ্চেষ্ট ভাব,—এই সমস্ত জানেন, বসুগণের গায় সেই লোকও
ঠিক সেইরূপই অনুভব করিয়া থাকেন ॥২০৪॥৩

স যাবদাদিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা বসূনামেব
তাবদাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥ ২০৫ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥৩॥৬

সঃ (বিদ্বান্) আদিত্যঃ (সূর্য্যঃ) যাবৎ (যাবন্তং কালং) পুরস্তাৎ
(পূর্ব্বস্তাৎ দিশি) উদেতা (উল্লমনশীলঃ ভবতি), পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি চ)
অস্তম্ (অদর্শনম্) এতা (অস্তমিতঃ ভবতা), তাবৎ (তাবৎকালপর্য্যন্তং)
বসূনাম্ এব আধিপত্যং (বসূনাং দ্বাদশম্ আধিপত্যং, তাদশমাধিপত্যমিত্যর্থঃ)
স্বারাজ্যং (স্বরাড্ভাবং স্বাতন্ত্র্যং চ) পর্যেতা (প্রাপ্তো ভবেদিত্যর্থঃ) ॥

যত কাল সূর্য্যদেব পূর্ব্বদিকে উদিত হন, এবং পশ্চিমদিকে অস্তমিত হন,
সেই বিদ্বান্ পুরুষ ততকাল বসুগণের অনুরূপ আধিপত্য এবং স্বাধীনতা
লাভ করেন ॥

শাক্তরভাষ্যম্ । কিয়ন্তং কালং বিদ্বান্ তদমৃতমুপজীবতীত্যাচ্যতে—সঃ বিদ্বান্
যাবৎ আদিত্যঃ পুরস্তাৎ প্রাচ্যাং দিশি উদেতা, পশ্চাৎ প্রতীচ্যাম্ অস্তম্ এতা ;
তাবদ্ বসূনাং ভোগকালঃ, তাবন্তমেব কালং বসূনামাধিপত্যং স্বারাজ্যং পর্যেতা
পরিভো গস্তা ভবতীত্যর্থঃ । ন যথা চন্দ্রমণ্ডলস্থঃ কেবলকর্মা পরতস্তো দেবানামন্ন-
ভূতঃ ; কিং তর্হি ? অন্নমাধিপত্যং স্বারাজ্যং স্বরাড্ভাবঞ্চ অধিগচ্ছতি ॥ ২০৫ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য ষষ্ঠ-খণ্ড-ভাষ্যম্ ॥৩॥৬

আনন্দগিরিঃ । ভোগকালপরিমাণং প্রথপূর্ব্বকং নির্দ্ধারয়তি—কিয়ন্তমিতি ।
আধিপত্যং স্বারাজ্যমিতি বিশেষণয়োস্তাৎপর্য্যমাহ—ন যথেষতি ॥২০৫॥৪

ইতি তৃতীয়াধ্যায়স্য ষষ্ঠঃ খণ্ডঃ ॥ ৬

ভাষ্যানুবাদ । সেই বিদ্বান্ লোক কত কাল অমৃত উপভোগ
করেন, তাহা কথিত হইতেছে—আদিত্য যত কাল পুরস্তাৎ অর্থাৎ
পূর্ব্বদিকে উদিত হন, এবং পশ্চাৎ অর্থাৎ পশ্চিম দিকে অস্তমিত হন,

বসুগণের ভোগ কালও সেই পরিমাণ ; তিনিও সেই পরিমাণ কালই বসুগণের আধিপত্য ও স্বরাজ্য অর্থাৎ সর্বতোভাবে স্বাধীনতা প্রাপ্ত হন । চন্দ্রমণ্ডলস্থ কেবল-কর্মা পুরুষ (যে লোক জ্ঞানরহিত কর্মানুষ্ঠান করে সেই লোক), যেরূপ পরাধীনভাবে দেবগণের অন্ন (ভক্ষ্য) হইয়া থাকে, তিনি সেরূপ হন না ; তবে কি ?—এই লোকে আধিপত্য (প্রভুত্ব) ও স্বরাজ্য অর্থাৎ স্বরাজের ধর্ম্যও (স্বাতন্ত্র্যও) প্রাপ্ত হন * ॥ ২০৫ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়ের ষষ্ঠ-খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩১৬

* তাৎপর্য—যাহারা কেবল শাস্ত্রোক্ত কর্মের অনুষ্ঠান মাত্র করে, কিন্তু তৎসংক্রান্ত দেবতাদির হস্ত চিন্তা করে না ; সেই সকল কর্মী পুরুষ মৃত্যুর পর চল্ললোকে গমন করে, এবং তথায় পরাধীনভাবে বাস করে ; অধিকন্তু দেবতাগণ তাহাদিগকে উপভোগ করেন । কিন্তু, যাহারা উক্তপ্রকার বিদ্যা অধিগত হইয়া আদিত্যমণ্ডলে গমন করেন, তাহারা সেখানে বিশেষ বিশেষ অধিকার লাভ করিয়া থাকেন, আর দেবগণও তাহাদিগকে উপভোগ করিতে সমর্থ হন না । অতএব সকলেরই এতদ্বিষয়ক জ্ঞান লাভ করা উচিত ।

তৃতীয়াদধ্যায়ে

সপ্তমঃ খণ্ডঃ ।

অথ যদ্বিতীয়মমৃতং, তদ্ রুদ্রা উপজীবন্তীন্দ্রেণ মুখেণ ; ন
বৈ দেবা অশস্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥ ২০৬॥১
ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্ রূপাতুদন্তি ॥২০৭॥২
স য এতদেবমমৃতং বেদ রুদ্রাণামেবৈকো ভূত্বেন্দ্রেণৈব
মুখেণৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি, স এতদেব রূপমভিসং-
বিশন্ত্যেতস্মাদ্ রূপাতুদেতি ॥ ২০৮॥৩

‘অথ (প্রকারান্তরকথনে) যৎ দ্বিতীয়ম্ অমৃতং (শুক্লরূপং), রুদ্রাঃ (রুদ্রাখ্যা
দেবাঃ) ইন্দ্রেণ মুখেণ ইন্দ্রমেব প্রধানত্বেন (স্বীকৃত্য) তৎ (অমৃতম্) উপজীবন্তি ।
[বস্তুতস্ত] দেবাঃ ন বৈ (নৈব) অশস্তি ন চ পিবন্তি ; এতৎ (শুক্লরূপলক্ষণম্)
অমৃতং দৃষ্ট্বা (অনুভূয়) তৃপ্যন্তি (তৃপ্তা ভবন্তি) । [অত্র চ যेषাং মধ্যে যঃ প্রধানঃ,
স তেষাং মুখমুচ্যতে] ॥

তে (রুদ্রাঃ) এতৎ এব রূপম্ (শুক্ললক্ষণম্) অতি (অভিলক্ষ্য) সংবিশন্তি
এতস্মাৎ [এব] রূপাৎ (এতন্নিমিত্তং) উদ্যন্তি উত্তমঞ্চ কুর্কন্তি ॥

[ইদানীং বিদ্যাফলমুচ্যতে—“স যঃ” ইত্যাদি ।]—যঃ (কশিচৎ) এবং (যথোক্ত
প্রকারম্) এতৎ (দ্বিতীয়ম্) অমৃতং বেদ (বিজানাতি), সঃ (বিদ্বান্) রুদ্রাণাম্
এব একঃ (অত্তমঃ) ভূত্বা ইন্দ্রেণ এব মুখেণ এতৎ এব অমৃতং দৃষ্ট্বা (অনু-
ভূয়) তৃপ্যতি ; সঃ (বিদ্বান্) এতৎ এব রূপম্ (শুক্লম্) অতি (লক্ষ্যীকৃত্য)
সংবিশতি (উপভূঙ্কতে), এতস্মাৎ [এব] রূপাৎ (এতদ্রপার্থম্) উদেতি
(কন্ম অনুতিষ্ঠতি) ॥

[আদিত্যের] যে, দ্বিতীয় অর্থাৎ শুক্লরূপ, রুদ্রগণ ইন্দ্র-মুখ দ্বারা তাহা উপ-
ভোগ করেন । [প্রকৃত পক্ষে] দেবতারা ভোজন করেন না, কিংবা পানও
করেন না, কেবল এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তি লাভ করেন ॥

তাহারা এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ করেন, এবং এই রূপের নিমিত্তই
উত্তম করেন ॥

যে লোক যথোক্রমকারে এই 'দ্বিতীয়' 'অমৃত' অবগত হন, তিনি রুদ্রদিগের মধ্যেই একজন হইয়া ইন্দ্ররূপ মুখ দ্বারা এই অমৃত দর্শন করিয়া তৃপ্ত হন। সেই বিদ্বান্ এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ করিয়া থাকেন, এবং এই রূপের নিমিত্তই কৰ্ম্মানুষ্ঠান করেন ॥

শাক্তরভাষ্যম্ । অথ যদ্বিতীয়মমৃতং তদ্রুদ্রা উপজীবন্তীত্যাদি সমানম্ ॥ ২০৬—২০৮ ॥ ১ ॥ ২ ॥ ৩

আনন্দগিরিঃ । প্রথমম্ অমৃতমধিকৃত্য চিন্তনীয়মুক্ত্য দ্বিতীয়মমৃতমাশ্রিত্য তদর্শয়তি—
অথেতি ॥ ২০৬—২০৮ ॥ ১ ॥ ২ ॥ ৩

ভাষ্যানুবাদ । “অথ যৎ দ্বিতীয়মমৃতম্” ইত্যাদির অর্থ পূর্বেই
অনুরূপ ॥ ২০৬—২০৮ ॥ ১-২-৩

স যাবদাদিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা দ্বিস্তাবদ্
দক্ষিণত উদেতোভরতোহস্তমেতা ; রুদ্রাণামেব তাবদাধিপত্যং
স্বারাজ্যং পর্যেতা ॥ ২০৯ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭

[বিহ্বঃ ভোগকালমাহ—“সঃ” ইত্যাদিনা ।]—আদিত্যঃ যাবৎ (যাবৎকাল-
পূর্যাস্তং) পুরস্তাৎ উদেতা, (উদগমিষ্যতি), পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি চ)
অস্তম্ এতা (অস্তমিতো ভবিতা), সঃ (বিদ্বান্) তাবৎ (তাবস্তং কালং)
দ্বিঃ (দ্বৌ বারৌ) দক্ষিণতঃ (দক্ষিণশ্চাং দিশি) উদেতা, উত্তরতঃ (উত্তরশ্চাং চ
দিশি) অস্তম্ এতা (অস্তং গমিষ্যতি) ; তাবৎ রুদ্রাণাম্ এব আধিপত্যং (তস্ত্বাং
প্রভৃত্বং) স্বারাজ্যং (স্বাধীনত্বং চ) পর্যেতা (সৰ্ব্বতঃ গমিষ্যতীত্যর্থঃ) ॥

আদিত্য ষতকাল পূর্কদিকে উদিত হন, এবং পশ্চিম দিকে অস্তমিত হন,
সেই বিদ্বান্ ততকাল দুইবার দক্ষিণ দিকে উদিত ও উত্তর দিকে অস্তমিত হন ;
এবং তাবৎকাল রুদ্রগণের সমান আধিপত্য ও স্বারাজ্য (স্বাতন্ত্র্য) পশ্চ হন ॥

শাক্তরভাষ্যম্ । স যাবদাদিত্যঃ পুরস্তাদুদেতা পশ্চাদস্তমেতা, দ্বিস্তাবৎ ততো
দ্বিগুণং কালং দক্ষিণত উদেতা উত্তরতোহস্তমেতা ; রুদ্রাণাং তাবদ্বোগ-
কালঃ ॥ ২০৯ ॥ ৪

• ইতি তৃতীয়াধ্যায়স্য সপ্তমখণ্ডভাষ্যম্ ॥ ৩ ॥ ৭ ॥

আনন্দগিরিঃ। যিদ্ভ্যাকলং রুদ্রাণি--ত্বা ঘা'বদিত্তি। যাবৎ বহুনাং ভোগকালঃ, ততো দ্বিগুণো রুদ্রাণাং ভোগকালঃ। যথা প্রথমায়ুতথ্যায়িনাং বহুভিস্তুল্যো ভোগকালঃ তথা দ্বিতীয়ায়ুতথ্যায়িনামপি রুদ্রৈস্তুল্যো ভোগকাল ইত্যর্থঃ ॥ ২০২।৪

ইতি তৃতীয়াধ্যায়স্ত সপ্তমঃ খণ্ডঃ ॥ ৭

ভাষ্যানুবাদ। সূর্য্য যাবৎ কাল পূর্বদিকে উদিত ও পশ্চিম দিকে অস্তমিত হইবেন, সেই বিদ্বান্ পুরুষ দুইবার তাবৎ কাল অর্থাৎ তাহার দ্বিগুণ সময় দক্ষিণে উদিত ও উত্তরে অস্তমিত হইবেন ; কারণ, সেই পরিমাণই রুদ্রদিগের ভোগ কাল ॥ ২০২।৪

• • ইতি তৃতীয়াধ্যায়ের সপ্তম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩ ॥ ৭ ॥

—

তৃতীয়াধ্যায়ে—
অষ্টমঃ খণ্ডঃ ।

অথ যৎ তৃতীয়মমৃতং, তদাদিত্যা উপজীবন্তি বরুণেন মুখেণ ; ন বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১০॥১

অথ (প্রকারান্তরান্তে) যৎ তৃতীয়ম্ অমৃতম্, আদিত্যাঃ বরুণেন মুখেণ তৎ উপজীবন্তি ; [বস্তুতস্ত] দেবাঃ ন বৈ (নৈব) অশ্নন্তি, ন চ পিবন্তি ; [অপিতু] এতৎ (তৃতীয়লক্ষণম্) এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে তৃতীয় অমৃত, আদিত্যগণ বরুণ মুখ দ্বারা তাহা উপভোগ করেন ; [প্রকৃতপক্ষে] দেবতারা ভোজনও করেন না, এবং পানও করেন না ; [পরন্তু] এই অমৃত দর্শন করিয়াই তৃপ্তি লাভ করেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১০ ॥ ১

আনন্দগিরিঃ । ২১০ ॥ ১

ভাষ্যানুবাদ । ২১০ ॥ ১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুত্থন্তি ॥২১১॥২

ত্বে (আদিত্যাঃ) এতৎ (পূর্বোক্তম্) এব রূপম্ (কৃষ্ণং বর্ণম্) অভি (অভিলক্ষ্য) সংবিশন্তি ; এতস্মাৎ [এব] রূপাঃ (এতন্নিমিত্তম্ এব) উত্থন্তি (চেষ্টন্তে) ॥

তাহারা এই তৃতীয় রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং এই রূপের নিমিত্তই কন্ম করিয়া থাকেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১১ ॥ ২

আনন্দগিরিঃ । ২১১ ॥ ২

ভাষ্যানুবাদ । ২১১ ॥ ২

স য এতদেবমমৃতং রেদাদিত্যানামেবৈকৌ ভূত্বা, বরুণেনৈব মুখেণৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি ; স এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্ রূপাদুদেতি ॥ ২১২ ॥ ৩

যঃ (কশিৎ) এবম্ (যথোক্তপ্রকারেণ) এতৎ (তৃতীয়ম্) অমৃতং বেদ,

সঃ (বিদ্বান্) আদিত্যানাম্ এব ঐর্কঃ (অন্যতমঃ) ভূহা বরুণেন এব মুখেণ
(তৎপ্রধানাঃ সন্তঃ) এতৎ (তৃতীয়ম্) এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি । সঃ (বিদ্বান্)
এতৎ এব রূপম্ অতি (লক্ষ্যকৃত্য) সংবিশন্তি, এতস্মাৎ [এব] রূপাৎ (এতক্রপ-
নির্মিতম্ এব) উদেতি (উত্তমং কৰোতি) ॥

যে লোক যথোক্ত প্রকারে এই তৃতীয় অমৃতকে জানেন, তিনি আদিত্যগণের
মধ্যেই একজন হইয়া বরুণরূপ মুখ দ্বারা এই অমৃতই দর্শন করিয়া তৃপ্ত হন ;
তিনি এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ ও উদ্যান করিয়া থাকেন ॥

শাকরভাষ্যম্ । ২১২ ॥ ৩

আনন্দগিরিঃ । ২:২ ॥ ৩

ভাষ্যানুবাদ । ২১২ ॥ ৩

স যাবদাদিত্যো দক্ষিণত উদেতোত্তরতোহস্তুমেতা দ্বিস্তা-
বৎ পশ্চাদুদেতা পুরস্তাদস্তুমেতাদিত্যানামেব তাবদাধিপত্যং
স্বারাজ্যং পর্যেতা ॥ ২১৩ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য অষ্টমঃ খণ্ডঃ ॥ ৩ ॥ ৮

আদিত্যঃ যাবৎ দক্ষিণতঃ (দক্ষিণশ্চাং দিশি) উদেতা, উত্তরতঃ (উত্তরশ্চাং
দিশি চ) অস্তুম্ এতা (অস্তুমিতঃ ভবিষ্যতি), সঃ (বিদ্বান্) দ্বিঃ তাবৎ (তদ্বিগুণি-
তেন কালেন) পশ্চাৎ (পশ্চিমাশ্চাং দিশি) উদেতা, পুরস্তাৎ (পূর্বশ্চাং দিশি চ)
অস্তুমেতা (অস্তুংগস্তা) । তাবৎ (তাবস্তং কালং) আদিত্যানাম্ এব আধিপত্যং
স্বারাজ্যং (স্বাতন্ত্র্যং চ) পর্যেতা (পরিতঃ অনুভবিতা ভবেদিত্যর্থঃ) ॥

আদিত্য যতকাল দক্ষিণদিকে উদিত হইবেন, এবং উত্তরদিকে অস্তুমিত হইবেন,
তাহার দ্বিগুণ পরিমাণকাল সে লোক পশ্চিমদিকে উদিত হয়, আর পূর্বদিকে
অস্তুমিত হয় । সে লোক আদিত্যগণেরই তুল্য আধিপত্য ও স্বাতন্ত্র্য লাভ
করিয়া থাকে ॥

শাকরভাষ্যম্ । তথা পশ্চাদুত্তরত উদেতুদেতা বিপদ্যেগাস্তুমেতা ।
পূর্বশ্চাৎ পূর্বশ্চাদ্ দ্বিগুণোত্তরোত্তরেণ কালেনেত্যপৌরাণঃ দর্শনম্ । সবিতুশ্চতু-
দিশিমিক্রমবরুণসোমপূরীষু উদয়ান্তময়কালশ্চ তুল্যত্বং হি পৌরাণিকৈরুক্তম্ ।
মানসোত্তরশ্চ মূর্দ্ধনি মেরোঃ প্রদক্ষিণাবৃত্তেস্তুলাত্বাদিতি । অত্রোক্তঃ পরিহার
আচার্য্যোঃ—অমরাবত্যাदीनां पूरीणां द्विगुणोत्तरोत्तरेण कालेनोद्वासः श्चात् ।
उदयश्च नाम सबितुस्तन्निवासिनाः प्राणिनां चक्षुर्गोचरापत्तिस्तदत्यरश्चास्तमनं न

परमार्थत उदयास्तमने सः । तन्निवासिनां प्राणिनामभावे तान् प्रति तेनैव मार्गेण गच्छन्पि नैवोदेता नास्तमेतेति ; चक्रुर्गोचरापत्तेस्तदत्ययश्च चात्वात् । तथा, अमरावत्याः सकाशाद्विष्णुं कालं संवमिनी पुरी वसति अतस्तन्निवासिनः प्राणिनः प्रति दक्षिणत इव उदेत्यान्तरतोहस्तमेतीत्याद्येते, अस्तद्वृद्धिष्ठापेक्ष्य । तथोत्तरास्यपि पुरीव योजना । सर्वेषां मेरुकुत्रो भवति । यदा अमरावत्याः मध्याह्नगतः सविता, तदा संवमिन्नामुत्तुन् दृष्टते ; तत्र मध्याह्नगते, वारुणामुत्तुन् दृष्टते । तथोत्तरास्यम्, प्रदक्षिणावृत्तेस्तत्यात् । इलावृत्तवासिनां सर्वतः पर्वत-प्राकारनिवारितादित्यारम्भीनां सविता उर्ध्व इवोदेता अर्कागस्तमेता दृष्टते । पर्वतोर्ध्वच्छिद्रप्रवेशात् सवितु प्रकाशश्च । तथा ऋगाद्युतोपजीविनाममृतानां द्विष्णोत्तरोत्तरवीर्यावस्त्वनुमीयते भोगकालद्वेषुणालिङ्गेन । उद्यमन संवेशनादि देवानां रुद्रादीनां विद्वषश्च समानम् ॥ २१०-११३ ॥ १-४ ॥

इति तृतीयाध्यास्य अष्टमखण्डभाष्यम् ॥ ७ ॥ ८ ॥

आनन्दगिरिः । इतरामृतध्यायिनां फलानि निदिशति—तथेति । विपर्ययेषु पुरस्तादक्षिणतोहस्तमेतेत्यर्थः । यथा पुरस्ताद्देता पश्चाच्छास्तमेता ततो दक्षिणतो द्विष्णुनेन कालेनोदेतोत्तरतश्चास्तमेतेत्युक्तम् । तथा ततो द्विष्णुनेन कालेन पश्चाद्देता पुरस्ताच्छास्तमेता तावानादित्यानां भोगकालः । तृतीयाध्यायिनामपि तावानेव भोगकालः । ततो द्विष्णुनेन कालेन यावदादित्या उत्तरत उदेता दक्षिणतोहस्तमेता तावान्मरुतां भोगकालः । चतुर्थाध्यायिनामपि तावानेव भोगकालः । ततो द्विष्णुनेन कालेन उर्ध्वमुदेताहस्तमेता तावान् साध्यानां भोगकालः । पञ्चमामृतचिन्तकानामपि तावानेवेत्यर्थः । यद् पूर्वपूर्वोदयास्तमयकालापेक्षया द्विष्णुनेन कालेनोत्तरोदयास्तमयावित्युक्तं तत्पुराणविरुद्धमिति शङ्कते—पूर्वस्यात् पूर्वस्यादिति । कथं श्रुत्यात्तार्थश्च पुराणविरुद्धतेत्याशङ्क्याह—अविद्विषति । उक्तमेव संक्षिपति—मानसोत्तरमेत्येति । महागिरेमेरोः प्राकारवत् परितः स्थितश्च मुद्गानि संलग्नरथक्रावश्च सवितुमेरोः प्रदक्षिणावृत्तेस्तत्यात् कालाधिक्ये कारणभावात् चतुर्थपि पुरीमूदयास्तमयकालश्च तुल्यम् । उक्तं हि निष्पुराणे—

'शक्रादीनां पुरे तिष्ठन् स्पृशत्येव पुरत्रयम् ।

विकर्णे षो विकर्णशस्त्रीन् कोणान् षे पुरे तथा ॥" इति ।

लैङ्गे चोक्तम्—

"मानसोपरि माहेन्द्री प्राच्यां मेरोः स्थिता पुरी । दक्षिणे भानुपुत्रश्च वरुणश्च तु वारुणे ॥
सौम्ये सोमश्च विष्णुला तान् दिग्देवताः स्थिताः । अमरावती संवमिनी स्या चैव विभा क्रमात् ॥
लोकपालोपरिष्ठात् सर्वतो दक्षिणायने । काष्ठाः गतश्च सूर्याश्च गतिर्वा तां निबोधत ।
दक्षिणां प्रक्रमेद् भानुः क्षिप्तेषु रिब धावति । पुरास्तगो यदा भानुः शक्रश्च भवति प्रभुः ॥
सर्वैः सांघमनैः सौर्यो ह्यदयो दृष्टते द्विजाः । स एवं सुखवत्यां तु निशास्तुत्तं प्रदृष्टते ॥
अस्तमेति यदा सूर्यो विभायां विषदृग् विभुः । मया प्रोक्तोऽमरावत्यां यथासौ वारितस्वरः ॥
तथा संवमिनीं प्राप्य स्यात् चैव विभां खगः । यदाऽपराह्णस्वाग्नेय्यां पूर्वार्धे नैर्धते द्विजाः ।
तदा उपरराजश्च वायुतागे सुदारुणः । त्रिशास्तां पूर्वराजश्च गतिरेवाश्च सर्वतः ॥" इति
तथा चोपरिष्ठादमरावत्यास्तुष्ठमध्याह्नं तत्रेशकोणस्थानां तृतीयवाममाग्नेयकोणस्थानामाद्यावामं
संवमिन्नामुदयं च करोति सविता । एवं यदा वामे मध्याह्ने तिष्ठति तदैल्लेहस्तमयः ।

आग्नेरे तृतीययामः । निष्कृतिकोणे प्रथमो यामः । वारुण उदयः । यदा च वारुणे मध्याह्नस्तदा यामोऽहस्तमयः । नैष्कते कोणे तृतीयोयामः वायव्ये प्रथमयामः सौम्य उदयः । यदा च सौम्ये मध्याह्नस्तदा वारुणेऽहस्तमयः । वायव्ये तृतीययामः । अशानकोणे प्रथमो यामः । अशान उदयः । तथाग्नेरकोणे वर्धमानस्तत्रत्यानां मध्यन्दिनं यमेत्तुपुष्योराद्या-तृतीययामो निष्कृती- शानकोणोरोरुदयास्तमयो च करोति । एवं सर्वाश्च दिक्कु विदिक्कुचेति पौराणिके दर्शने तद्विकल्पमिदं श्रुत्योक्तमित्यर्थः ।

यद्यपि प्रतिविरोधे श्रुतिप्रमाणं तथापि यथा कथञ्चि विरोधपरिहारं ऋषिडा- नाद्योक्तमुपपादयति—अत्रेति । यदाहमरावती शृत्वा स्थां तदा हि तां प्रति पुरस्ताद्दे- शेति प्रयोगशुभाह्वाद् वदनां भोगास्तः । एवमुत्तराणां पुरीणां विनाशे द्विगुणकालेन रुद्रादीनां भोगास्तः । अत इमां वचनव्यक्तिमाश्रित्य तमेव परिहारमाह—अमरावत्या- दीनामिति । तथापि कथं विरोधसमाधिस्तत्राह - उदयश्चेति । [तदुक्तम्]

“यै यत्र दृश्यते भास्वान् स तेषामुदयः श्रुतः । तिरोभावश्च यत्रैति तदेवास्तमनं रवेः ॥

नैवास्तमनमर्कश्च नोदयः सर्वतः सतः । उदयास्तमने नाम दर्शनादर्शने रवेः ॥” इति

अमरावत्यादि पुरीषु पूर्वपूर्वापेक्षयोरुत्तरोत्तरद्वैतकालद्वैतगुण्य मस्तु । स्थां च दर्शनादर्शने सवितुरुदयास्तमयो । स वा एष न कदाचनान्तमेति नोदेतीति श्रुतेर्वस्तुतो नोदयास्तमयो- ष्टः तथाच पुरीषु तुल्याहेन गच्छतः सवितुरुदयास्तमयकालवैयम्यनवृत्तमित्याशक्याह—तन्निवासि- नाश्चेति । भोगकालद्वैतगुण्यं न सवितृगतैराधिक्यापेक्षया श्रुत्योच्यते येन पुराणविरोधः किञ्च अमरावत्यादीनां पुरीणां दैत्यापहतानां पूर्वपूर्वापेक्षयोरुत्तरोत्तरपुरीणां द्विगुणेन कालेनेद्विवासात् तदपेक्षयोरुत्तरोत्तरस्थानेषु भोगकाले द्वैतगुण्यं श्रुत्योक्तमितिभावः ।

अथोद्वासकालाधिक्याद् भोगास्तिकालाधिक्यां न भोगकालाधिक्यमत आह—तत्रेति । यथोद्वासकालद्वैतगुण्यमुक्तं तद्वदिति यावत् । अमरावतीनिवासिप्राणिवर्गापेक्षया संयमिनी- निवासिनः प्राणिनः प्रति द्विगुणेन कालेन सवितुरुदयास्तमयाविति युक्तञ्च वक्तुम् । दर्शना- दर्शनयोर्द्विगुणकालताविद्यात् । न च तन्निवासिदृष्ट्यापेक्षया दक्षिणोत्तरयोरुदयास्तमयो । तत्र- दृष्ट्या पूर्वपरिष्कारेणैव तद्भावात् । अस्मद्वृत्तिमपेक्ष्य तु दक्षिणत उदेत्युत्तरतश्चास्तमेतीत्या- च्यते । इवशक्यस्तयोस्तन्निवासिजनापेक्षया दक्षिणोत्तरस्थयोरसङ्घः द्योतयतीत्यर्थः । यथाहमरा- वत्यापेक्षया संयमिण्यामुद्वासकालाधिक्यामुक्तं तथा तदपेक्षया वारुण्यां तदपेक्षया च विभायां कालाधिक्यमवधेयमितिआह—तत्रेति । संयमिनीं चास्तुर्भाव्यं बहवचनम् ।

इतश्चास्मद्वृत्तिमपेक्ष्य दक्षिणगत्यादिनास्तमनमित्याह—अवेर्षाश्चेति । उदयास्तमादित्यं- ष्टोऽहवलोकयतां वामभागे स्थितहान्येरः नवेर्षामेवोत्तरतो भवति । तथाच उदया- स्तमयाभ्यां पूर्वपरिदिग्-विभागान् तत्पुरवासिदृष्ट्यापेक्षया दक्षिणत इत्यादि वचनं किञ्चन- दृष्ट्यापेक्षयैवेत्यर्थः । उद्वासकालद्वैतगुण्यापेक्षया भोगकालद्वैतगुण्यमित्युक्तम् । सप्रति सवितृगत्याधिक्यापेक्षयैव भोगकालाधिक्यां किं न स्था दत्याशक्यं पुराणविरोधसमाधाना- संभवात् नैवमित्याह—यदेत्यादिना । यथा संयमिण्यां मध्याह्नगो वारुण्यामुदान् भवति तथा तस्मात् मध्याह्नगो विभायामुदान् दृश्यत इत्याह—तत्रेति । उक्तञ्च वायुश्रोत्रे—

मध्यगुणमरावत्यां यावदभवति भास्वरः । वैवस्वते संयमन उदयंस्तत्र दृश्यते ।

सुखयामर्कुरात्रश्च विभायामस्तमेति च । इति ।

कथं पुनः स यावदादित्य उत्तरत उदेता दक्षिणतोऽहस्तमेता द्विगुणवदुर्द्ध उदेताहर्षात्- स्तमेतेत्याच्यते । नहि तत्रोद्वासकालश्च बाधिकत्वमस्ति येनोदयास्तमयकालाधिक्याद् भोग- कालाधिक्यां श्रादत आह—इत्याह्वयेति । . मेरोश्चतुर्दिशमिवावृतं नाम वरुणं असिद्धम् । तन्निवासिनां प्राणिनामुत्तरतः पर्वताभ्यां मानसोत्तरहमेरुभ्यां प्राकारं स्थानीयाभ्यामुत्तरोर्द्ध- स्थितमहाक्षेण विनिवारितादित्यरश्मीनामुर्द्धमुदेताहर्षात्स्तमेता च सविता दृश्यते । इव शक- यं उदयास्तमय-रा वस्तुतोऽसक्योत्तरार्थ इत्यर्थः । कथं सवितोर्द्धः सन्मुदेत्यर्षात्स्तमेति तत्राह—

পৰ্বতেতি । সৰ্ব্বাবৃতপ্রকাশস্ত পৰ্বতজ্যোতিঃপরিভাসে । হিঁদ্রে 'প্রবেশাদধোবর্তিনাঃ প্রাণি-
নামুপরি সারিতনেত্রাণাং সাবিত্রং প্রকাশং পথ্যতাং তত্রোদ্যানিব সবিতোপলভ্যতে প্রদেশা-
স্তরে চ দৃশ্যমানোহবস্তাদিবাস্তমেতি । যথোপরিষ্টাদত্রৈত্যরূপলভ্যমানো মেঘস্ততো দূরাদ্ধশো
ভূতললগ্নঃশেতে্যাবসীয়তে তথেষাপীত্যর্থঃ ।

ভোগকালশ্রাবিরোধেনাধিক্যমাপাদ্য তেনেব লিঙ্গেনাতিশয়বস্তুমমৃতাদেৱপি কথয়তি—
তথেষতি । ভোগকালাদিক্যে সতীতি যাবৎ । অনুমীয়তে কল্পাতে । যত্র ভোগকালমাকলয্য
উদ্যমনং তদভাবং জ্ঞাত্বোপরমণমগ্নাদিমুগ্ধং দৃষ্টিমাত্রেন তৃপ্তিমত্বং তৎসকলং বিদুমোহপি
কল্পাতে দেবৈঃ সমমিত্যাহ—উদ্যমেনেতি ॥ ২১০—২১৩ ॥ ১—৪

ইতি তৃতীয়াধ্যায়শ্চ অষ্টমঃ খণ্ডঃ ।

ভাষ্যানুবাদ । সেইরূপ, পশ্চাৎ অর্থাৎ উত্তর দিক হইতে উর্দ্ধ-
গামী আর তাহার বিপরীতক্রমে অস্তগামী । পূর্ব পূর্ব অপেক্ষা উত্ত-
রোত্তর যে, দ্বিগুণ কাল বলা হইয়াছে, ইহা পুরাণ-সম্মত নহে; কেন না,
পৌরাণিকগণ, তাহার চতুষ্পার্শ্ববর্তী ইন্দ্র, যম, বরুণ ও সোম লৌকে,
সূর্যের একই প্রকার গতি নির্দেশ করিয়াছেন । মানস-সুরোবদের
উত্তর-ভাগস্থ সুরের-শিখরে যে, সূর্যের প্রদক্ষিণক্রমে পরিভ্রমণ, তাহা
সকলের পক্ষেই সমান । আচার্যগণ (দ্রবিড়াচার্য্য প্রভৃতি) * এ বিষয়ে
এইরূপ পরিহার বলিয়া গিয়াছেন—অমরাবতী (ইন্দ্রপুরী) প্রভৃতি
পুরাণুলির স্থায়িত্বকাল পূর্ব পূর্ব পুরীর স্থায়িত্বকাল অপেক্ষা
দ্বিগুণ-পরিমিত ; সূর্যের উদয় অর্থ—সেই সেই লোকবাসী প্রাণিগণের
দৃষ্টিগোচর হওয়া, এবং তাহার অভাবই সূর্যের অস্তগমন ; বাস্তবিক
পক্ষে সূর্যের উদয়ও নাই, অস্তগমনও নাই । [অতএব] সেই
লোকে যে সমস্ত প্রাণী বাস করে, তাহাদের অভাব হইলে সূর্য্য সেই

* এখানে আচার্য্য পদে দ্রবিড়াচার্যের কথা বলা হইয়াছে । তিনি বলিয়াছেন—
বদিও সূর্যের উদয়াস্তময় কাল সর্বত্র সমান হউক, তথাপি এখানে তারতম্য নির্দেশের
অভিপ্রায় এই যে, ঐ সমস্ত লোকে যাহারা বাস করে, তাহাদের স্থিতিকাল সমান নহে ;
পূর্ববর্তী লোকে যাহারা যত কাল বাস করে, পরবর্তী লোকবাসিগণ তাহাদের দ্বিগুণ কাল
অবস্থান করে ; এই অবস্থতির দ্বৈগুণ্যানুসারেই পরবর্তী-লোকবাসিদিগের সম্বন্ধে পূর্বাপেক্ষা
দ্বিগুণ পরিমাণ উদয়াস্তকাল গ্রহণ করা হইয়াছে । আর পূর্বদিগবর্তী লোকবাসীর অভাব
সময়ও দক্ষিণ দিগবর্তী লোকবাসী প্রাণী বিদ্যমান থাকে ; এই কারণে সে সময় সূর্যের
পূর্বদিকে উদয় দর্শন করিবার কোন লোক না থাকায়, প্রথমে দক্ষিণদিগবর্তী লোকবাসীরাই
দক্ষিণদিকে সূর্যকে উদীয়মান দেখিতে পায়, এইজন্ত দক্ষিণদিকে সূর্যের উদয় কথিত
হইয়াছে । প্রকৃত পক্ষে সূর্যের উদয়ও নাই অস্তও নাই ; কেবল লোকদিগের দর্শনানুসারে
এরূপ ব্যবহার হয় মাত্র । বিশেষ কথা টীকাতে দ্রষ্টব্য ।

পথে গমন করিলেও তাহাদের পক্ষে উদয়াস্তময় রহিতই বটে ; কারণ, তখন চক্ষুর বিষয়তা ও অবিষয়তা, উভয়েরই অভাব হইয়া পড়ে । সেইরূপ অমরাবতী অপেক্ষা আবার সংযমনী পুরী (যমালয়) দ্বিগুণ-পরিমিত কালস্থায়ী ; অতএব, সেই পুরীবাসী প্রাণিগণের পক্ষে যেন 'দক্ষিণেই উদয় হয়, আর উত্তরেই যেন অস্তমিত হয়' এই কথা উক্ত হইয়াছে । বিশেষতঃ আমাদের প্রতীতিও ঐরূপ উক্তির অপর কারণ ; [কেন না,] যমালয় আমাদের স্থান হইতে দক্ষিণ-দিগ্‌বর্তী ; সুতরাং সেখানে উদীয়মান সূর্য্যকে আমরা যেন দক্ষিণ দিকে উদীয়মান বলিয়া মনে করিয়া থাকি] । সেইরূপ অন্যান্য পুরী সম্বন্ধেও এইরূপই সিদ্ধান্ত যোজনা [করিতে হইবে] ।

সূর্য্যের সকলেরই উত্তর দিকে অবস্থিত ; সূর্য্য যখন অমরাবতী-পুরীতে মধ্যাহ্নগত হন, তখন সংযমনী পুরীতে [যমালয়] উদীয়মান বলিয়া প্রতীত হন ; আবার সেখানে যখন মধ্যাহ্নগত হন, তখন বরুণালয়ে উদীয়মান বলিয়া প্রতীত হন ; উত্তরদিকেও [সোম-পুরীতেও] এতদনুরূপ [যোজনা] । কারণ, প্রদক্ষিণক্রমে যে পরিভ্রমণ, তাহা [সকলের পক্ষেই] সমান । চতুর্দিকস্থিত পর্ব্বত-প্রাচীরে যাহাদের নিকট আদিত্য রশ্মি নিরুদ্ধ রহিয়াছে, ইলাবৃত-বর্ষবাসী সেই সমস্ত লোকদিগের নিকট চিরদিনই সূর্য্যদেব কেবল উর্দ্ধদিকেই উর্দিত হইতেছেন, আর অধোদিকেই অস্তমিত হইতেছেন বলিয়া অনুভূত হইয়া থাকেন ; কেন না, [প্রাচীর তুল্য] সেই পর্ব্বতের কেবল উর্দ্ধ ছিদ্র দ্বারাই সূর্য্যরশ্মি সেখানে প্রবেশ লাভ করিয়া থাকে । ভোগকালের দ্বৈগুণ্যরূপ হেতু দৃষ্টি ঋক্‌প্রভৃতি অমৃতো-পজীবী অমৃতগণের [দেবগণের] বীর্ঘ্যবহু বা সামর্থ্যও উত্তরোত্তর দ্বিগুণ বলিয়া অনুমিত হয় । রুদ্রাদি দেবগণের ও বিদ্বান্‌গণের পক্ষে উদয় ও অস্তগমন সমান ॥ ২১০—২১৩ ॥ ১—৪

অষ্টম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৮

তৃতীয়াধ্যায়ে—
নবমঃ খণ্ডঃ ।

অথ যচ্চতুর্থমমৃতং তন্মরুত উপজীবন্তি সোমেন মুখেণ,
ন বৈ দেবা অশান্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৪॥১

অংগ, যৎ চতুর্থম্ অমৃতম্, মরুতঃ (বায়বঃ) সোমেন মুখেণ (সোমগ্রথানাঃ
সন্তঃ) তৎ (চতুর্থমমৃতং) উপজীবন্তি ; [বস্তুতন্ত্র] দেবাঃ :ন বৈ (নৈব),
অশান্তি, ন বা পিবন্তি ; [অপিতু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে চতুর্থ অমৃত, মরুৎগণ সোমমুখে তাহা উপভোগ করেন ; [প্রকৃত
পক্ষে] দেবতারা ভক্ষণও করেন না, এবং পানও করেন না ; পরন্তু, এই
অমৃত দর্শন করিয়াই তৃপ্তি লাভ করেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১৪ ॥ ১

আনন্দগিরিঃ । ২১৪ ॥ ১

ভাষ্যানুবাদ । ২১৪ ॥ ১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্‌রূপাদ্‌দৃষ্ট্বা ॥২১৫॥২

তে (মরুতঃ) এতৎ (চতুর্থমমৃতলক্ষণং) রূপমেব অভি (লক্ষ্যীকৃত্য)
সংবিশন্তি (ভূঞ্জতে), এতস্মাৎ রূপাৎ (এতদর্থমেবেতার্থঃ) উদন্তি (উত্তমং
কুর্ন্তি) ॥

তাহারা (মরুৎগণ) এই রূপকেই লক্ষ্য করিয়া ভোগ করেন, এবং এই
রূপের জন্মই চেষ্টা করিয়া থাকেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১৫ ॥ ২

আনন্দগিরিঃ । ২১৫ ॥ ২

ভাষ্যানুবাদ । ২১৫ ॥ ২

স য এতদেবমমৃতং বেদ, মরুতামেবৈকো ভূত্বা সোমেনৈব
মুখেনৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি ; স এতদেব রূপমভিসংবিশ-
ন্ত্যেতস্মাদ্‌রূপাদ্‌দেতি ॥ ২১৬ ॥ ৩

*[ইদানীং বিজ্ঞানফলমাহ—“স যঃ” ইত্যাদিনা ।]—যঃ (কনঃ) এবং (যথোক্ত-

প্রকারেণ) এতৎ অমৃতং বেদ, 'সঃ (বিদ্বান্) মরুতাম্ এব একঃ (অন্ততমঃ)
ভূত্বা সোমেন এব মুখেণ এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপাতি, সঃ এতৎ এব অমৃতম্
অভিসংবিশতি, এতন্মাং রূপাং [এব] উদেতি (উদ্বমং চ কৰোতি) ॥

যে লোক উক্ত প্রকার এই অমৃতরহস্য অবগত হয়, সেই লোক মরুদগণের
নধোই একজন হইয়া সোম-মুখে এই অমৃত দর্শন করিয়া তৃপ্তি লাভ করেন ;
সেই বিদ্বান্ লোক এই রূপকেই লক্ষ্য করিয়া সংবেশন ও উদ্যম করিয়া
থাকে নু ॥

শাক্তরভাব্যম্ । ২১৬ ॥ ৩

আনন্দগিরিঃ । ২১৬ ॥ ৩

ভাষ্যানুবাদ । ২১৬ ॥ ৩

স যাবদাদিত্যঃ পশ্চাদুদেতা পুরস্তাদন্তমেতা দ্বিস্তাবতুত্তরত
উদেতা দক্ষিণতোহস্তমেতা মরুতামেব তাবদাধিপত্যং
স্বারাজ্যং পর্যেতা ॥ ২১৭ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ভাস্যম্ ॥ ৯

[তস্য ভোগফলমাহ]—“স যাবৎ” ইত্যাদিনা । আদিত্যঃ যাবৎ (যাবন্তঃ
কালং) পশ্চাৎ (পশ্চিমায়াং দিশি) উদেতা, পুরস্তাং (পূর্বশ্চাংচ দিশি)
অস্তম্ এতা, সঃ (বিদ্বান্) দ্বিঃ তাবৎ (তদ্বৈশ্বেণ্যেন কালেন) উত্তরতঃ (উত্তরশ্চাং
দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণশ্চাং চ দিশি) অস্তম্ এতা ; তাবৎ (তাবন্তঃ
কালং) মরুতাম্ আধিপত্যং (মরুতাম্ আধিপত্যতুল্যম্ আধিপত্যম্) স্বারাজ্যং
পর্যেতা (লক্ষ্য ভবেদিত্যর্থঃ) ॥

সূর্য্য যে পরিমাণ কালে পশ্চিম দিকে উদিত হন, এবং পূর্বদিকে অস্তমিত
হন, তাহার দ্বিগুণ সময় সেই বিদ্বান্ উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত
হন, এবং তাবৎকালই মরুদগণের তুল্য অধিকার ও স্বাভিক্য লাভ করিয়া থাকেন ॥

শাক্তরভাব্যম্ । ২১৭ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ভাস্যম্ ॥

আনন্দগিরিঃ । ২১৭ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য নবমঃ খণ্ডঃ ॥ ৯

ভাষ্যানুবাদ । ২১৭ ॥ ৪

ইতি নবম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৩১৯ ॥

তৃতীয়াধ্যায়ে

দশমঃ খণ্ডঃ ।

অথ যৎপঞ্চমমমৃতং তৎসাধ্যা উপজীবন্তি ব্রহ্মণা মুখে ন
বৈ দেবা অশ্নন্তি ন পিবন্ত্যেতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥২১৮॥১

অথ যৎ পঞ্চমম্ অমৃতং, সাধ্যাঃ (দেবযোনিবিশেষ্যুঃ) ব্রহ্মণা মুখে (ব্রহ্ম-
প্রধানাঃ সন্তুঃ) তৎ উপজীবন্তি ; দেবাঃ [পুনঃ] ন বৈ (নৈব) অশ্নন্তি, ন বা
পিবন্তি, [পরন্তু] এতৎ এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যন্তি ॥

আর যে পঞ্চম অমৃত, সাধ্যানাংক দেবযোনি বিশেষেরা ব্রহ্ম মুখে তাহা
উপভোগ করেন ; [প্রকৃতপক্ষে] দেবতাগণ ভোজনও করেন না, পানও করেন
না ; পরন্তু এই অমৃত দর্শন করিরাই তৃপ্তিলাভ করিয়া থাকেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১৮ ॥ ১

আনন্দগিরিঃ । ২১৮ ॥ ১

ভাষ্যানুবাদ । ২১৮ ॥ ১

ত এতদেব রূপমভিসংবিশন্ত্যেতস্মাদ্রূপাদুদ্যন্তি ॥ ২১৯ ॥ ২

—তে (সাধ্যাঃ) এতৎ (পঞ্চমং) এব রূপম্ (অমৃতাত্ম্যং) অভিসংবিশন্তি,
এতস্মাৎ [এব] রূপাৎ (এতদর্থং) উদ্যন্তি (উদ্যমং চ কুর্কন্তি) ॥

সেই সাধ্যগণ এই রূপকে লক্ষ্য করিরাই ভোগ করেন, এবং এই রূপের
অন্তর্ভুক্তই কর্ম করেন ॥

শাক্তরভাষ্যম্ । ২১৯ ॥ ২

আনন্দগিরিঃ । ২১৯ ॥ ২

ভাষ্যানুবাদ । ২১৯ ॥ ২

স য এতদেবমমৃতং বেদ সাধ্যানাংমৈবৈকো ভূত্বা ব্রহ্মণৈব
মুখে নৈতদেবামৃতং দৃষ্ট্বা তৃপ্যতি স এতদেব রূপমভিসংবিশন্ত্যে-
তস্মাদ্রূপাদুদেতি ॥ ২২০ ॥ ৩

[ইদানীং বিজ্ঞানমুচ্যতে “সঃ” ইত্যাদি]—সঃ (জনঃ) এতৎ (পঞ্চমং)

অমৃতম্ এবং (যথোক্ত প্রকারেণ) বেদ, সঃ (বিদ্বান্) সাধ্যানাং এব একঃ (অন্ততমঃ) ভূহা ব্রহ্মণা (চতুশ্চুধেণ) এব মুখেণ এতৎ (পঞ্চমং) এব অমৃতং দৃষ্ট্বা তৃপ্যতি ; সঃ (বিদ্বান্) এতৎ এব রূপম্ (অমৃতম্) অভিসংবিশতি, এতন্নাৎ [এব] রূপাৎ (এতদ্রূপার্থম্) উদেতি (কস্ম চ করোতি) ॥

যে লোক যথোক্ত প্রকার এই পঞ্চম অমৃতকে জানেন, সেই বিদ্বান্ লোক সাধ্যগণের মধ্যেই একজন হইয়া ব্রহ্মরূপ মুখদ্বারা উক্ত অমৃতকেই দর্শন করিয়া তৃপ্তিলাভ করিয়া থাকেন ; উক্ত রূপকে লক্ষ্য করিয়াই ভোগ করেন, এবং কস্ম করিয়া থাকেন ॥

শাক্তরভাষ্যম্ । ২২০ ॥ ৩

আনন্দগিরিঃ । ২২২ ॥ ৩

ভাষ্যানুবাদ । ২২০ ॥ ৩

স যাবদাদিত্য উত্তরত উদেতা দক্ষিণতোহস্তমেতা দ্বিস্তাব-
দূর্দ্ধং উদেতার্কাগস্তমেতা সাধ্যানাং এব তাবদাধিপত্যং
স্বারাজ্যং পর্যেতা ॥ ২২১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ ॥ ১০

আদিত্যঃ যাবৎ উত্তরতঃ (উত্তরস্থাং দিশি) উদেতা, দক্ষিণতঃ (দক্ষিণস্থাং দিশি) অস্তম্ এতা ; স দ্বিঃ তাবৎ (তদ্বিগুণিতেন কালেন) উর্দ্ধম্ উদেতা, অর্কাৎ (অধশ্চ) অস্তম্ এতা (অস্তমিতঃ ভবতি), তাবৎ সাধ্যানাং এব আধিপত্যং স্বারাজ্যং পর্যেতা ॥

আদিত্য যে পরিমাণ কালে উত্তরে উদিত হন, এবং দক্ষিণে অস্তমিত হন, সেইবিদ্বান্ পুরুষ তাহার দ্বিগুণ কাল উর্দ্ধে উদিত হন, এবং নীচের দিকে অস্তমিত হন, তিনি সাধ্যগণের তুল্য অধিকার ও স্বাধীনতা প্রাপ্ত হন ॥

শাক্তরভাষ্যম্ । ২২১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমখণ্ডভাষ্যম্ ॥

আনন্দগিরিঃ । ২২১ ॥ ৪

ইতি তৃতীয়াধ্যায়স্য দশমঃ খণ্ডঃ । ১০

ভাষ্যানুবাদ । ২২১ ॥ ৪

ইতি দশম খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ২২১ ॥ ৪

তৃতীয়াধ্যায়ে

একাদশঃ খণ্ডঃ ।

অথ তত উর্দ্ধ উদেত্য নৈবোদেতা নাস্তমেতৈকলএব মध्ये
স্থাতা ; তদেষ শ্লোকঃ ॥ ২২২ ॥ ১

[অথ (কথাস্তরারম্ভে) ততঃ (তস্মাৎ—প্রাণিনাং কৰ্ম্মফলভোগকৰ্ম্মাৎ
পরং) উর্দ্ধঃ (প্রাণানুগ্রহাৎ সমুত্তীর্ণঃ সন্) নৈব উদেতা (উদিতঃ ভবিতা),
ন চ অন্তম্ (অদর্শনম্) এতা (গস্তা), [কিন্তু] একলঃ (একাকী লোহি-
তাচ্ছবরহিতঃ) এব সন্ মধ্যে স্থাতা (স্থাস্তি, নতু প্রাচ্য দিদিক্ষু ইত্যর্থঃ) ।
তৎ (তস্মিন্ বিষয়ে) এষঃ (বক্ষ্যমাণঃ) শ্লোকঃ (সংক্ষিপ্তার্থকঃ মন্তঃ) [অস্তি
ইতি শেষঃ] ।

• তাহার পর, সূর্য্যদেব প্রাণিগণের প্রতি ভোগপ্রদান কার্য্য হইতে সমুত্তীর্ণ
হইয়া আর উদিত হইবেন না, এবং অন্তমিতও হইবেন না; একাকীই
মধ্যস্থানে অবস্থান করিবেন, এবিষয়ে এইরূপ একটি সংক্ষিপ্তার্থক মন্ত
আছে—॥২২২॥১

শাক্তরভাষ্যম্ । কৃত্বৈবমুদয়াস্তমেনে প্রাণিনাং স্বকৰ্ম্মফলভোগনিমিত্ত-
মনুগ্রহঃ তৎকৰ্ম্মফলোপভোগকৰ্ম্মে তানি প্রাণিজাতাত্মানি সংহত্য, অথ
ততস্তস্মাদনন্তরং প্রাণানুগ্রহকালাদূর্দ্ধঃ স্নাত্মন্যুদেত্য উদগম্য যান্ প্রত্যুদেতি,
তেষাং প্রাণিনামভাবাৎ স্বাত্মনঃ নৈবোদেতা নাস্তমেতা একলোহিতীয়োহনর্ধরবো-
মধ্যে স্বাত্মনোব স্থাতা । তত্র কশ্চিদ্বিধান্ বস্বাদিসমানচরণো রোহিতাত্মমৃত-
ভোগভাগী যথোক্তক্রমেণ স্বাত্মানং সবিতারমাত্মনোপেত্য সমাহিতঃ সন্ এতৎ
মন্তঃ দৃষ্ট্য়া উখিতোহন্যৈ পৃষ্ঠবতে জগাদ—বতস্বম্ আগতো ব্রহ্মলোকাৎ, কিং
তত্রাপ্যাহোরাত্রাভ্যাং পরিবর্তমানঃ সবিতা প্রাণিনামায়ুঃ ক্ষপয়তি, যথেষ অস্মাকম্,
ইত্যেবং পৃষ্ঠঃ প্রত্যাহ—তৎ তত্র যথাপৃষ্ঠে যথোক্তে চার্থে এষঃ শ্লোকো ভবতি,
ভেনোক্তো যোগিনা, ইতি ক্রতেৰ্বচনমিদম্ ॥ ২২২ ॥ ১ ॥

আমনস্কপিনিঃ । পঞ্চভিঃ পৃথগায়ৈমধুবিদ্যা যথাবহুজ্ঞা । ক্রমেণ মুক্তিকলপর্য্যবসায়িত্বং
তস্য দর্শয়িত্বমনন্তরবাক্যমবরুধ্যাহ—স্বক্ৰেত্যাদিনা । তস্মাৎ প্রাণানুগ্রহকালাদনন্তরমিতি
তচ্ছকার্থঃ । উর্দ্ধঃসন্ ব্রহ্মীভূতো বর্তমান ইতি যাবৎ । আত্মন্যুদেত্য স্বমহিন্তি প্রকাশং
লক্ণেতেত্যৎ । •স্থাতেতি প্রয়োগাৎ ক্রমমুক্তিরত্র বিবক্ষিতা । তত্র বিদ্বদনুভবং প্রমাণয়তি—
তত্রৈতি । ক্রমমুক্তিঃ সপ্তমার্থঃ । যথোক্তক্রমেণাসৌ বা আদিত্যো দেবমধিত্যাদিনা

পকামৃতস্বেন স্থিতামিতীর্থঃ । স্বনাস্তানং বেদ্যতয়া বিষদাস্তসস্তৃতনিত্যর্থঃ । আশ্বকেনো-
পেত্যাংগ্রহেণ গৃহীহেত্যেতৎ । কথং গ্রহঃ, ইত্যাকাঙ্কায়ামাহ—যত্র ইতি । লক-
ব্রহ্মোপদেশো ব্রহ্মবিদ্যোক্তাবস্থায়ঃ ব্রহ্মণো বিযুক্তাবস্থায়ঃ কেনচিৎ পৃষ্টঃ প্রত্যুবাচেত্যর্থঃ ।
কথং প্রত্যুক্তিরিতি—তত্ত্বত্রেতি ॥ ১

• ভাষ্যানুবাদ । [সূর্য্যদেব] উক্তপ্রকার উদয় ও অস্তগমন
দ্বারা প্রাণিগণের নিজ নিজ কর্মফল ভোগার্থ অনুগ্রহ করিয়া সেই
কর্মফল ভোগ সমাপ্ত হইলে পর সেই সমস্ত প্রাণিবর্গকে আপনাতে
সমাহিত করিয়া, তাহার পর প্রাণিগণের প্রতি অনুগ্রহ-প্রকাশের
নির্দিষ্ট কালের পর উর্দ্ধগত হইয়া অর্থাৎ যে সমস্ত প্রাণির জন্য উদিত
হইয়া থাকেন, সেই সকল প্রাণী না থাকায় আপনাতেই আপনি
অবস্থিত থাকেন । তন্মধ্যেও, বসুপ্রভৃতি দেবতার সমানাধিকার-
সম্পন্ন এবং লোহিতাদি-অমৃতভোগী কোনও বিদ্বান্ আপনাকেই
বিজ্ঞেয়-সবিত্বরূপে গ্রহণপূর্বক সমাহিত হইয়া এবং উক্ত মন্ত্র দর্শন
করিয়া উস্থিত হইয়া অপরকর্তৃক জিজ্ঞাসিত হইয়া এইরূপ বলিয়াছেন,
অর্থাৎ তুমি যে ব্রহ্মলোক হইতে আগমন করিয়াছ, [জিজ্ঞাসা করি,]
• সূর্য্যদেব এখানে যেমন উদয়াস্ত দ্বারা আনাদের আয়ুঃ ক্ষয় করিতেছেন,
• তেমনি সেখানেও কি দিবারাত্র পরিভ্রমণ করতঃ তত্রত্য প্রাণিগণের
আয়ুঃ ক্ষয় করিয়া থাকেন ? এইপ্রকার জিজ্ঞাসিত হইয়া প্রত্যুত্তরে
বলিয়াছেন যে, তদ্বিষয়ে অর্থাৎ উক্ত প্রকারে জিজ্ঞাসিত বিষয়ে এইরূপ
শ্লোক আছে : অর্থাৎ সেই যোগী পুরুষ এইরূপ একটি শ্লোক
বলিয়াছেন ; ইহা শ্রুতির উক্তি ॥ ২২২ ॥ ১

ন বৈ তত্র ন নিল্লোচ নোদিয়ায় কদাচন ।

দেবাস্তেনাহং সত্যেন মা বিরাদিষি ব্রহ্মণেতি ॥ ২২৩ ॥ ২

• [তদুক্তঃ শ্লোকোহয়মুচ্যতে “ন বৈ” ইতি ।] ন বৈ (অথবা যৎ উদয়াস্তময়ৌ
পৃষ্ঠৌ, তৌ নৈব স্ত ইত্যর্থঃ) । তত্র (ব্রহ্মলোকে) কদাচন (কদাচিদপি)
[সবিতা] ন নিল্লোচ (অস্তম্ অগমৎ), ন উদিয়ায় (উদিতশ্চ ন অভূৎ) । হে
দেবাঃ [যুয়ং সাক্ষিভূর্তাঃ শৃণুত—] তেন সত্যেন (এতদ্বিষয়কসত্যবচনেন)
অহং ব্রহ্মণা মা বিরাদিষি (বিরুদ্ধঃ ন ভবেয়ম্), এবং সত্যবচনেন মম ব্রহ্মপ্রাপ্তি
বিরুদ্ধা মাতৃদিত্যর্থঃ) । (ইতি শব্দঃ শ্লোকসমাপ্তৌ) ॥

[সেই শ্লোক কথিত হইতেছে]—[তোমরা যাহা জিজ্ঞাসা করিতেছ সেখানে তাহা] নিশ্চয়ই নাই ; সেখানে সূর্য্যদেব কখনও অস্তমিত হন নাই, এবং উদিতও হন নাই । হে দেবগণ, [তোমরা সাক্ষী হইয়া আমার কথা শ্রবণ কর ;] আমি এই সত্যবচনের ফলে ব্রহ্মের সহিত বিরুদ্ধ হইব না, অর্থাৎ আমি যখন সত্য কথা বলিতেছি, তখন আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোন বাধা ঘটবে না ॥ ২২৩ ॥]

শাক্ত-ভাষ্যম্ । ন বৈ তত্র—যতোহহং ব্রহ্মলোকাদাগতঃ তস্মিন্ ন বৈ তত্রৈতদ্ব্যস্তি বৎ পৃচ্ছসি । ন হি তত্র নিম্নোচ অস্তমগমৎ সবিতা, ন চোদিয়ায় উদগতঃ কুর্ভাশ্চৎ কদাচন কস্মিন্শ্চিদপি কালে ইতি । উদয়াস্তময়বর্জিতো ব্রহ্মলোক ইত্যরূপপন্নম্ ইত্যুক্তঃ শপথমিব প্রতিপেদে—হে দেবঃ সাক্ষিণো যুয়ং শৃণুত, যথ্য ময়োঃ সত্যং বচঃ তেন সত্যেনাহং ব্রহ্মণা ব্রহ্মস্বরূপেণ মা বিরোধিষি মা বিরোধোন্নম্, অপ্রাপ্তিব্রহ্মণো মম মা ভূদিত্যর্থঃ ॥ ১২৩ ॥ ২ ॥

আনন্দগিরিঃ । শ্লোকমুপাদায় ব্যাকরোতি—ন বৈ তত্রৈতাদ্যাদিনা । নিম্নোচেত্যশ্মিরর্থে নিম্নোচেতি চ্ছান্দসঃ প্রয়োগঃ । ইতিশব্দঃ পূর্বাঙ্গ-ব্যাখ্যাসমাপ্ত্যর্থঃ । উত্তরাঙ্গ-মুখাপরতি—উদয়াস্তময়েতি । লোকত্বাবিশেষাদিতরলোকবদব্রহ্মলোকোহপি নোদয়স্তিমর-বর্জিত ইত্যুক্তো বিদ্বান্ উত্তরাঙ্গেন শপথং কুর্ক্বন্ পরিহরতীত্যর্থঃ ২২৩ ॥ ২ ॥

ভাষ্যানুবাদ । সেখানে নিশ্চয়ই নাই ; অর্থাৎ আমি যে ব্রহ্মলোক হইতে আসিয়াছি, তুমি যাহা জিজ্ঞাসা করিতেছ, সেখানে তাহা [দিবারাত্র] নাই । কারণ, সেখানে সবিতা কখনও অস্তমিত হন নাই, এবং কোনও স্থান হইতে কোন সময়ই উদিতও হন নাই । ভাল, ব্রহ্মলোক যে, উদয়াস্তময়বর্জিত, ইহা ত সঙ্গত হয় না ; এইরূপ কথা শুনিয়া তিনি যেন শপথ গ্রহণ করিয়াই বলিলেন—হে দেবগণ তোমরা সাক্ষী হইয়া শ্রবণ কর, আমি যে প্রকার সত্যবাক্য বলিয়াছি, সেই সত্য বাক্যের বলেই আমি ব্রহ্মের সহিত অর্থাৎ ব্রহ্ম-স্বরূপে বিরুদ্ধ হইব না ; অর্থাৎ আমার ব্রহ্মপ্রাপ্তিতে কোনও বাধা হইবে না ॥ ২২৩ ॥ ২

ন হ বা অস্মা উদেতি ন নিম্নোচতি স্কৃদ্বিবা হৈবাস্মৈ ভবতি, য এতামেবং ব্রহ্মোপনিষদং বেদ ॥ ২২৪ ॥ ৩

[এতদ্বিষ্ণুফলমাহ—“ন হ” ইত্যাদিনা ।]—যঃ (জনঃ) এতাং (যথোক্তাং) ব্রহ্মোপনিষদং (ব্রহ্মবিষ্ণুং) বেদ (জানাতি), অস্মৈ (বিদুষে) ন বৈ (নৈব) হ (প্রসিকৌ) উদেতি, ন চ নিম্নোচতি (অস্তমিতো ভবতি) [সবিতা

ইতি শেষঃ] । [পরস্তু ; অশ্বৈঃ সক্রুৎ দিবা (‘সদৈব দিবা, প্রকাশ ইত্যর্থঃ) ভবতি ।

— উক্ত বিচার ফল কথিত হইতেছে—যে লোক এই গৃহ ব্রহ্মবিদ্যা অবগত হন, তাঁহার সম্বন্ধেও [সূর্য্যদেব] নিশ্চয়ই উদিত হন না, এবং অস্তমিতও হন না ; সর্বদাই দিবা হয় অর্থাৎ সর্বকালই প্রকাশময় হয় ॥২২:॥৩ স্যদগী

শাক্তরভাষ্যম্ । সত্যং তেনোক্তমিত্যাহ শ্রুতিঃ—ন হ বা অশ্বৈঃ যথোক্ত-
ব্রহ্মবিদে নোদেতি, ন নিশ্চোচতি নাস্তমেতি ; কিন্তু ব্রহ্মবিদেহৈশ্ব সক্রুৎদিবা হৈব
সদৈবাহর্ভবতি, স্বয়ংজ্যোতিষ্ঠাৎ ; য এতাঃ যথোক্তাঃ ব্রহ্মোপনিষদং বেদগৃহং বেদ ।

• এবং তজ্জ্ঞেণ বংশাদিত্রয়ং প্রত্যমৃতসম্বন্ধঞ্চ যচ্চান্বেদবোচাম, এবং জানাতীত্যর্থঃ ।
বিদ্বান্ উদয়াস্তময়কালাপরিচ্ছেদং নিত্যমজং ব্রহ্ম ভবতীত্যর্থঃ ॥ ১২৪ ॥ ৩ ॥

আনন্দগিরিঃ । এবং মন্ত্রদৃক্ শপথদ্বারা নির্ণীতেহর্থে ন হেত্যায়া কিমর্থা শ্রুতিঃ,
ইত্যর্শঙ্ক্যাহ—অভ্যামিতি । ন হেত্যায়াঃ শ্রুতিমাদায় ব্যাচষ্টে—যথোক্তোক্তি । ব্রহ্মোপ-
নিষদমিত্যস্যার্থমাহ—বেদগৃহ্যমিতি । এবং শব্দমাদায় ব্যাকরোতি—এবমিত্যাদিনা ।
বংশাদিত্রয়ং ‘তিরশ্চীনবংশো মধুপুপো মধুনাড্যশ্চ’ইত্যেবংরূপমিত্যর্থঃ । প্রত্যমৃতসম্বন্ধং চ
লোহিতাদ্যমৃতেধৈকবন্ধাদীনাং সম্বন্ধমিত্যর্থঃ । অহুদিত্যদ্যমন-সংবেশনাদি গৃহুতে । উক্ত-
বিদ্যাফলমুপসংহরতি—বিদ্বানিতি ॥৩

ভাষ্যানুবাদ । যে লোক এই যথোক্ত ব্রহ্মোপনিষৎ অর্থাৎ বেদের
গৃহতত্ত্ব জানেন, এবং [পূর্বেব্রহ্ম তিরশ্চীন বংশ, মধুচক্র ও মধুনাড়ী
এই] বংশত্রয় ও প্রত্যেক অমৃতের সহিত বস্তুপ্রভৃতি দেবগণের সম্বন্ধ
কারাদেব বিনিগ্রহসিদ্ধিরিত্যাহ—এবশব্দশ্চেষ্টেতি । গার্হস্থ্যার্থিনস্তব কর্ম্মানুষ্ঠানার্থমিদং
ধনং তিষ্ঠতামিতি চেত্তেত্যাহ—ন মমেতি । শূদ্রশব্দেন জনশ্রুতিঃ সম্বোধনমুচিতমিতি
• চোদয়তি—নশ্চিত্তি । তস্তাশূদ্রে হেতুস্তরমাহ—বিদ্যাগ্রহণাদেয়েতি । তস্ত শ্রুতিদ্বারা
বিদ্যাপ্রিকারো নাস্তীত্যপশূত্রাধিকরণে নির্ধারিতমিত্যাশয়েনাহ—শূদ্রস্য 'চেতি ।
জানশ্রুতে; পতি কত্রিরহে শূদ্রসম্বোধনমযোগ্যমিত্যুপসংহরতি—কথমিতি । ন জাতি-

শূদ্রো জানশ্রুতিঃ ; কিন্তু কত্রিয়ঃ অগ্নিন্ গোণঃ শূদ্রশব্দ ইত্যেকায়মতোপস্তাসেন পরিহরতি—তত্রৈতি । শুগাবিষ্টেনাসৌ জানশ্রুতিঃ শুচা হেতুনা রৈকমাত্রবতীতি শূদ্রঃ, শ্রদ্ধা বা হংসবাক্যং রৈকমাত্রবতীতি নৈমিত্তিকং তত্র শূদ্রপদমিত্যর্থঃ । তথাপি কিমিতি শূদ্রপদেন রাজানমৃষিঃ সম্বোধয়তীত্যংশক্যাহ—ঋষিরিতি । উক্তপ্রকারদ্বয়সমাগ্ণাবিতিশব্দঃ । প্রকারান্তরেণ জানশ্রুতেঃ শূদ্রত্বং গোণং ব্যুৎপাদয়তি—শূদ্রবদবেতি । ন চ শুক্রবরা তেন শূদ্রইতি শেষঃ । মুখ্যং শূদ্রত্বং ক্রতুসম্বন্ধেন ব্যাবর্তয়তি—ন ত্রিতি । কত্রিয়ে জানশ্রুতৌ শূদ্রশব্দপ্রবৃত্তৌ নিমিত্তান্তরমাহ—অপরে পুনরিত্তি । তত্র গমকং দর্শয়তি—লিঙ্গং চেতি । যদ্বেদমতমধিকধনার্থিত্বমিতি যাবৎ । অধিকং ষট্শতেভ্যঃ সকাশাদিতি শেষঃ ॥২৫০॥৩

ভাষ্যানুবাদ । জানশ্রুতি এই প্রকার বলিলে পর, পর অর্থাৎ রৈক তাহাকে বলিলেন, 'সেই এই হারেহা—হারক—রথচালক অর্থাৎ বাহনের সহিত যুক্ত ইহা—গমনশীল ক্ষুদ্র শকটটি গোসমূহের সহিত তোমারই থাকুক । অভিপ্রায় এই যে, এই অপরিপূর্ণ ধনে আমার প্রয়োজন নাই । 'উহ'শব্দটি অন্যত্র নিগ্রহার্থক হইলেও এখানে নিরর্থক ; কারণ, পৃথক্ 'এব' শব্দের প্রয়োগ রহিয়াছে । "হে শূদ্র" ইতি—পূর্বে কথিত হইয়াছে যে, 'তিনি সারথি প্রেরণ করিলেন,' এইরূপে সারথি প্রেরণের উল্লেখ থাকায় এবং বিদ্যাগ্রহণের উদ্দেশ্যে ব্রাহ্মণসমীপে গমন করায় অথচ শূদ্রজাতির বিদ্যা-গ্রহণে অধিকার না থাকায় [বুঝা যাইতেছে যে,] এই জানশ্রুতি জাতিতে কত্রিয় ; অতএব রৈক তাহাকে কেন এইরূপ অসঙ্গতভাবে শূদ্রশব্দে সম্বোধন করিলেন ?

তদন্তরে আচার্য্যগণ বলিয়া থাকেন—হংস-বচনশ্রবণে ইহার হৃদয়ে শোক প্রবেশ করিয়াছিল ; অথবা হংসোক্ত রৈকমহিমা শ্রবণে তিনি শোকে দ্রবীভূত হইতেছেন ; এইজন্য ঋষি (রৈক) আপনার পরোক্ষাভিজ্ঞতা জ্ঞাপনার্থ 'শূদ্র' বলিয়া সম্বোধন করিয়াছেন । অথবা, এই জানশ্রুতি শূদ্রের ন্যায় কেবল ধনদ্বারাই বিদ্যাগ্রহণের জন্য ইহার নিকট গমন করিয়াছিলেন, কিন্তু শুক্রবা দ্বারা নহে ; [এই কারণেও তাঁহাকে শূদ্র বলিয়াছেন,] বস্তুতঃ তিনি জাতিতে শূদ্র নহেন ।

আবার অপর আচার্য্যগণ বলেন—জানশ্রুতি অল্প ধন আনিয়াছিলেন ; এইজন্য ক্রোধবশতই ইহাকে 'শূদ্র' বলিয়াছেন ; আর 'ধন' শব্দের উল্লেখই বহু ধন আহরণের লিঙ্গ বা জ্ঞাপক । ঋষির সেই

অভিপ্রায় অবগত হইয়া পৌত্রায়ণঃ জানশ্রুতি পুনর্বার পূর্বাপেক্ষা
অধিক সহস্রসংখ্যক গো, এবং ঋষির অভিপ্রেত ভাষ্যার্থ আপনার
কণ্ঠাকে লইয়া গমন করিলেন ॥২৫০॥৩

তৎ হাভ্যবাদ রৈকেদৎ সহস্রং গবাময়ং নিকোহ্মশ্ব-
তরীরথ ইয়ং জায়ায়ং গ্রামো যস্মিন্ আসেসহস্বেব মা ভগবঃ
শাধীতি ॥ ২৫১ ॥৪

[পৌত্রায়ণঃ জানশ্রুতিঃ] তং (রৈকং) হ (ঐতিহ্যে) অভ্যবাদ (উক্ত-
বান্) —হে রৈক, ইদং (পুরোবর্তি) গবাং সহস্রং, অয়ং নিকঃ, অয়ম্ অশ্বতরী-
রথঃ, ইয়ং জায়া, যস্মিন্ (গ্রামে) আসেসে (ত্বং নিবসসি), [সঃ] অয়ং গ্রামঃ
[ত্বদর্থঃ ময়া কল্পিতঃ] । ভগবঃ (হে পূজ্য, [ত্বম্ এতং সর্বং গৃহীষ্য] মা (মাঃ)
অনুশাধি (উপশিক্ষয়) এব (নিশ্চয়ে) ।

[জানশ্রুতি] তাঁহাকে বলিলেন—হে রৈক এই সহস্র গো, এই রত্নহার, এই
এই অশ্বতরীযুক্ত রথ, এই ভাষ্যা (আমার কণ্ঠা) এবং আপনি যেখানে বাস
করেন, সেই গ্রাম, এই সমস্ত আপনার নিমিত্ত মনে মনে কল্পিত করিয়া
রাখিয়াছি, [আপনি গ্রহণ করিয়া] আমাকে বিদ্যা উপদেশ করুন ॥

শাক্তরভ্যায়ম্ । রৈক ইদং গবাং সহস্রম্ অয়ং নিকঃ অয়ম্ অশ্বতরীরথঃ ইয়ং
জায়া জায়ার্থং মম হিতা আনীতা, অয়ঞ্চ গ্রামঃ যস্মিন্ আসেসে তিষ্ঠসি, স চ ত্বদর্থ
ময়া কল্পিতঃ ; তদেতং সর্বমাদায় অনুশাধ্যোব মা মাং হে ভগবঃ, ইত্যুক্তঃ ॥২৫১॥৪

হে রৈক, এই সহস্র গো, এই রত্নহার, এই অশ্বতরীরথ, এই
জায়া, অর্থাৎ আপনার ভাষ্যরূপে গ্রহণার্থ আনীত আমার এই কণ্ঠা,
এবং এই গ্রাম—যেখানে আপনি বাস করিতেছেন, আমি আপনার
উদ্দেশে এ সমস্ত দ্রব্য সঙ্কল্পিত করিয়া রাখিয়াছি ; হে ভগবান্ !
আপনি এ সমস্ত দ্রব্য গ্রহণ করিয়া আমাকে অবশ্য উপদেশ প্রদান
করুন । রৈক এই রূপ অভিহিত হইয়া—॥২৫১॥৪

তস্মা হ মুখমুপোদগ্ধ্বম্ বাচাজহারেমাঃ শূদ্র, অনেনৈব
মুখেনানাপ্রিয়ম্বা ইতি । তে হৈতে রৈকপর্ণঃ নাম মহাব্রহ্মণে
যত্রোম্মা উবাস স তস্মৈ হোবাচ ॥ ২৫২ ॥৫

ইতি চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥৪॥২ ॥

তস্তাঃ (জ্ঞানার্থং পরিকল্পিতাঃ : রাজহৃদিতুঃ) মুখম্ উপোদগ্হুন্ (বিজ্ঞা-
 গ্রহণকারং জানন্), যদ্বা—মুখম্ উপোদগ্হুন্ (উখাপ্য ধারয়ন্)] উবাচ
 (উক্তবান্)—হে শূদ্র, [যৎ] ইমাঃ (গাঃ) আজহার (আহতবান্), [তৎ ভদ্রং
 কৃতবান্], [যদ্বা, আজহার—আহর উপানয়, ইতি বিভক্তিব্যত্যয়ঃ] । অনেন
 (গবাদিসম্প্রদানলক্ষণেন) এব (নিশ্চয়ে) মুখেন (উপায়েন) আলাপরিষাধাঃ
 (নাম্ আলাপয়সি) ইতি । তে (প্রসিদ্ধাঃ) এতে (জ্ঞানশ্রুতি প্রদাতাঃ গ্রামাঃ)
 মহাবৃষে (তদাখ্য প্রদেশেষু) হ রৈকপর্ণাঃ (রৈকপর্ণনামা বিখ্যাতাঃ), যত্র
 (যেষু গ্রামেষু) উবাস (বসতিং কৃতবান্) [রৈক ইতি শেষঃ] । [তান্ গ্রামান্]
 অশ্নৈ (রৈকায়) [প্রাদাৎ রাজা] ; [অনস্তরং] সঃ (রৈকঃ) তশ্নৈ (রাজে)
 হ উবাচ (বিজ্ঞাম্ উক্তবান্) ।

সেই রাজকন্টার মুখকেই বিজ্ঞাগ্রহণের উপযুক্ত উপায় মনে করিয়া,
 অথবা সেই রাজকন্টার মুখটি উঠাইয়া ধরিয়া রাজাকে বলিলেন,—হে শূদ্র !
 তুমি যে, এই সমস্ত গা আনয়ন করিয়াছ, এই উপায়েই তুমি আমাকে কথা
 ললাইতেছ । যে সমস্ত গ্রামে রৈক বাস করিতেন, এই সমস্ত গ্রামে মহাবৃষ
 প্রদেশে “রৈকপর্ণ” নামে প্রসিদ্ধ ; জ্ঞানশ্রুতি সেই গ্রামসমূহ রৈককে দান
 করিলেন, [তাহার পর] রৈক তাহাকে (জ্ঞানশ্রুতিকে) বিজ্ঞার উপদেশ
 করিলেন ॥

শাক্তরভাষ্যম্ । তস্তা জ্ঞানার্থমানীতয়া রাজো হৃদিতুর্হ এব মুখং ধারং
 বিজ্ঞান দানে তীর্থম্ উপোদগ্হুন্ জানন্নিত্যর্থঃ ।

“ব্রহ্মচারী ধনদারী মেধাবী শ্রোত্রিয়ঃ প্রিয়ঃ ।

বিজ্ঞান বা বিদ্যাং প্রাহ তানি তীর্থানি যগ্নম ॥”

ইতি বিজ্ঞান বচনং বিজ্ঞায়তে হি । এবং জানন্নুপোদগ্হুন্ উবাচ উক্তবান্—
 আজহার আহতবান্ ভবান্ যৎ দিমা গাঃ যচ্চান্ত্রধনং, তৎ সাধিবতি বাক্যশেষঃ ।
 শূদ্রেতি পূর্বোক্তানুকৃতিমাত্রম্, ন তু কারণান্তরাপেক্ষয়া পূর্ববৎ । অনেনৈব
 মুখেন বিজ্ঞাগ্রহণতীর্থেনালাপরিষাধা আলাপয়সীতি মাং ভাগয়সীত্যর্থঃ । তে
 হৈতে গ্রামা রৈকপর্ণা নাম বিখ্যাতা মহাবৃষেষু দেশেষু, যত্র যেষু গ্রামেষু
 উবাসোষিতবান্ রৈকঃ, অনসৌ গ্রামান্ অদাদ্ অশ্নৈ রৈকায় রাজা, তশ্নৈ রাজে
 ধনং দত্তবতে হ কিম উবাচ বিজ্ঞাং স রৈকঃ ॥ ২৫২ ॥ ৫

ইতি চতুর্থাধ্যায়স্ত ত্রিতীয়-খণ্ড-ভাষ্যম্ ॥ ৪ ॥ ২

আনন্দশিরিঃ । বিদ্যাদানে 'তস্তা' বারহ্মং তদাত্ত্বচ্চ বরজ্ঞানদানতীর্থতাং জ্ঞান-
বাচেতি সৰ্ব্বকঃ । ধনদাত্ত্বিক্ৰিয়াদানতীর্থত্বে প্রমাণমাহ—ব্রহ্মচারীতি । তস্তা বারতাং
বিদ্যাদানে তদাত্ত্বতীর্থতাং চ জ্ঞানব্রুবাচেত্যুক্তমবুদতি—এবং জ্ঞানমিতি । কিন্তু
মিত্যপেক্ষামাহ—আজ্জহাৱেতি । তত্র বৈধৰ্ম্মাদৃষ্টান্তমাহ—পূৰ্ব্ববদিত্তি । ঋ-
ধনহরণানিচ্ছায়াঃ কারণাপেক্ষায়াঃ শূদ্রেতি সম্বোধনবদিত্যর্থঃ । রৈক্বেণ গ্রামাদিকুঃ গৃহীত্বা
বিদ্যা জ্ঞানশ্চেয়ে দত্তেত্যস্মান্ প্রতি শ্রুতিজ্ঞাপরতি—ভে হৈত্ৰ ইতি । মহাবৃষেষু মহা-
পুণ্যেধিতি ষ'বৎ ॥ ২৫১—২৫২ ॥ ৪১৫

ইতি চতুর্থোধ্যায়স্ত দ্বিতীয়ঃ খণ্ডঃ ॥ ৪১২

ভাষ্যানুবাদ । রৈক্বেণ ভাৰ্য্যা-করণার্থ আনীত সেই রাজত্বহি-
তার মুখকেই বিদ্যাসম্প্রদানের উপযুক্ত দ্বার বলিয়া অবগত হইয়া—
কেননা, বিদ্যার নিজের কথায়ও এইরূপই জানা যায়, 'ব্রহ্মচারী,
ধনদাতা, মেধাবী, প্রিয়, শ্রোত্রিয়* এবং বিদ্যা দ্বারাও বিদ্যার উপদেশ
করা হয়, অতএব এই ছয়টিই আমার (বিদ্যার) তীর্থ অর্থাৎ বিদ্যা-
সম্প্রদানের উপযুক্ত পাত্র ।' ঋষি এইরূপ বুলিয়া বলিলেন—
আপনি যে এই সমস্ত গো এবং আরও যে কিছু আনিয়াছেন, তাহা
উত্তমই বটে ; এই বাক্যাংশটুকু অবশিষ্ট রহিয়াছে, অর্থাৎ মূলশ্রুতিতে
এই অংশ বলা হয় নাই । এখানে 'শূদ্র' পদটি পূর্বেবাক্ত কথারই
অনুকরণ মাত্র, কিন্তু পূর্বেবর ন্যায় এখানেও পৃথক্ কোন কারণ-
বিশেষ-জ্ঞাপনার্থ নহে । [তুমি] এই মুখ দ্বারাই অর্থাৎ বিদ্যা-
গ্রহণের উপযুক্ত উপায়ের সাহায্যেই আলাপিত করিবে, অর্থাৎ
আমাকে কথা বলাইবে । সেই এই গ্রামসমূহ মহাবৃষনামক প্রদেশে
'রৈকপর্ণ' নামে বিখ্যাত,—যে সমস্ত গ্রামে রৈক বাস করিতেন,
রাজা. সেই সমস্ত গ্রাম রৈক্বে উদ্দেশে প্রদান করিলেন । রাজা
ধন প্রদান করিলে পর সেই রৈক তাঁহাকে বিদ্যার উপদেশ প্রদান
করিয়াছিলেন ॥ ২৫২ ॥ ৫

ইতি চতুর্থোধ্যায়ে দ্বিতীয় খণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪১২

* শ্রোত্রিয়ের লক্ষণ এইরূপ—

• একাং শাখাং সঙ্কমাং বা বড়্ভিরনৈরধীত বা ।

বটকর্ণ-নিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ ॥”

অর্থাৎ যিনি ছয়টি বেদাঙ্গের সহিত অথবা কেবল কল্পসূত্রের সহিত একটি বেদশাখা
অধ্যয়ন করত ব্রহ্মন-বাজনাদি বটকর্ণে নিরত থাকেন, ধর্ম্মজ্ঞ সেই ব্যক্তিকে শ্রোত্রিয় বলে ।

চতুর্থাধ্যায়ে

তৃতীয়ঃ খণ্ডঃ ।

বায়ুর্কীব সংবর্গো যদা বা অগ্নিরুদ্‌বায়তি বায়ুমেবাপ্যেতি
যদা সূর্যোহস্তমেতি বায়ুমেবাপ্যেতি যদা চন্দ্রোহস্তমেতি
বায়ুমেবাপ্যেতি ॥ ২৫৩ ॥

[ইদানীং বায়ুপ্রভৃতিষু সংবর্গদৃষ্ট্যা উপাসনং প্রস্তুয়তে—‘বায়ুর্কীব’
ইত্যাদিনাং ।]—বায়ুঃ (বাহুঃ বায়ুঃ) বাব (এব) সংবর্গঃ (সংবর্গোতি—সর্বং
বস্ত্বজাতং সংগৃহ্নাতি, সংহরতীতি বা সংবর্গঃ, সংবর্জনাখ্যগুণযোগেন উপাস্ত
ইত্যর্থঃ) । [এতদেব প্রপঞ্চয়িতুমাহ]—যদা (যস্মিন্ কালে) বৈ অগ্নিঃ
(ভূতান্নঃ) উদ্‌বায়তি (নিকীতি), তদা [সঃ] বায়ুমেব অপ্যেতি (অপি-
গচ্ছতি, তত্রৈব লীয়তে ইত্যর্থঃ) । যদা সূর্যঃ অস্তম্ (অদর্শনং) এতি, তদা
[সঃ] বায়ুমেব অপ্যেতি ; যদা চন্দ্রঃ অস্তম্ এতি, তদা [সঃ] বায়ুমেব
অপ্যেতি, (বায়ুনিমিত্তত্বাৎ সূর্য্যচক্রমসোঃ অস্তগমনস্ত ইতি ভাবঃ) ।

[এখন সংবর্গগুণযোগে বায়ু প্রভৃতি দেবতার উপাসনা বর্ণিত হইতেছে]—
বায়ুই সংবর্গ, অর্থাৎ সমস্ত পদার্থকে সমবেত করে অথবা বিনষ্ট করে ‘বলিয়া’
বায়ুই ‘সংবর্গপদ’ বাচ্য । দেখ, অগ্নি যখন নিকীপিত হয়, তখন তাহা
স্বাধুতেই বিলীন হয় ; সূর্য্য যখন অস্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই
বিলীন হয় ; এবং চন্দ্র যখন অস্তমিত হয়, তখন তাহাও বায়ুতেই
বিলয়প্রাপ্ত হয় ॥

শাকরভাষ্যম্ । বায়ুর্কীব সংবর্গঃ, বায়ুর্কীবঃ, বাবেত্যবধারণার্থঃ ।
সংবর্জনাৎ সংগ্রহণাৎ সংগ্রসনাদ্‌বা সংবর্গঃ ; বক্ষ্যমাণা অগ্ন্যাচ্চ দেবতাঃ আশ্র-
ভাবুমাপাদয়তীত্যতঃ সংবর্গঃ সংবর্জনাখ্যো গুণো ধ্যেয়ো বায়োঃ, কৃত্যাস্তর্ভা-
দৃষ্টান্তাৎ । কথং সংবর্গঃ বায়োঃ ? ইত্যাহ—যদা যস্মিন্ কালে বৈ অগ্নিঃ
উদ্‌বায়তি উদ্‌বাসনং প্রাপ্নোতি উপশাম্যতি, তদা ঐসৌ অগ্নিকীর্ষুমেব অপ্যেতি,
বায়ুর্কীবাত্যম্ অপিগচ্ছতি । তথা, যদা সূর্য্যোহস্তমেতি, বায়ুমেবাপ্যেতি, যদা
চন্দ্রোহস্তমেতি, বায়ুমেবাপ্যেতি ।

নহু কথং সূর্য্যচ্ছ্রমসোঃ স্বরূপাবস্থিত্যোঃ বায়ৌ অপিগমনম্ ? নৈষ দোষঃ, অস্তমনে অদর্শনপ্রাপ্তেৰ্বায়ুনিমিত্তত্বাৎ ; বায়ুনা হি অস্তং নীয়তে • সূর্য্যঃ, চলনশ্চ বায়ুকার্য্যত্বাৎ । অথবা, প্রলয়ে সূর্য্যচ্ছ্রমসোঃ স্বরূপভ্রংশে তেজো-রূপয়োৰ্বায়োবেব অপিগমনং শ্ৰীৎ ॥ ২৫৩ ॥ ১

আনন্দগিরিঃ । কথং বিদ্যামুক্তবানিত্যাশঙ্ক্যাধিদৈবতং তদ্বৃতিপ্রকারং দর্শয়তি— বায়ুরিত্যাদিনা । প্রাণো বাব সংবর্গ ইতি; বক্ষ্যমাণেনাপুনরুক্ততায়ৈ বায়ুং ব্যাচষ্টে— বায়ুর্বাহা ইতি । সংবর্জনাদিত্যশ্চ ব্যাখ্যা সংগ্রহণাদিতি । সংগ্রহণপক্ষং সমর্থয়তে— বক্ষ্যমাণা ইতি । কিমিতি সংবর্গত্বং বায়োরূপদিশ্বতে ? তত্র দৃষ্টান্তত্রুতিং প্রমাণয়তি— কৃত্যয়েতি । সংগ্রহণাদ্ বেভ্যুক্তং পক্ষমাকাঙ্ক্ষাপূর্ব্বকং ব্যাৎপাদয়তি— কথং ইতি । সূর্য্যচ্ছ্রমসোবাণ্যাবপি গমনমক্ষিপতি নশ্চিতি । আ প্রলয়াৎ তদোরধিকারপদে স্থিত্যঙ্গী-কারাৎ স্বরূপাবস্থিতত্বং দ্রষ্টব্যম্ । সূর্য্যাদেঃ স্বরূপাবস্থানেহপি বায়াবপ্যয়ঃ • সম্ভবতীতি সমাধত্তে • নৈষ দোষ ইতি । অস্তমনে সতি সূর্য্যাদেদর্শনপ্রাপ্তেৰ্বায়ুধীনত্বং ব্যাৎপাদ-য়তি— বায়ুনা ইতি । সূর্য্যগ্রহণং চন্দ্রমসোহপুপলক্ষণম্ । গৌণস্তর্হি বায়াবপ্যয়ঃ সূর্য্যাদেঃ, ইত্যশঙ্ক্য পক্ষান্তরম'হ— অথবেতি । সঙ্গতিসময়ে হি সংহরতি বেত্যর্থঃ ॥ ২৫৩ ॥ ১ • •

ভাষ্যানুবাদ । 'বাব' শব্দের অর্থ—অবধারণ (নিশ্চয়)

বায়ুই সংবর্গ ; এখানে বায়ু অর্থ—বাহু—ভৌতিক বায়ু, তাহাই [বস্তুরাশিকে] সংগৃহাত (সমবেত) করে বলিয়া কিংবা কবলিত করে বলিয়া 'সংবর্গ', অর্থাৎ বক্ষ্যমাণ অগ্নি প্রভৃতি দেবতাকে আত্মভার—বায়ুভাব প্রাপ্ত করায় ; এইজন্ত 'উহা সংবর্গ' • পদবাচ্য । ["কৃত্যয় বিজিতায়" এই স্থলে] কৃত্যয়ে অপর সমস্তের অস্তর্ভাবের দৃষ্টান্ত হইতে [বুঝা যায় যে,] বায়ুর উক্ত সংবর্জনাখ্য গুণটি ধ্যান করিতে হইবে । বায়ুর সংবর্গত্ব (সর্ব্বসংহারকত্ব) হয় কিরূপে ? এই আকাঙ্ক্ষায় বলিতেছেন—যে সময় অগ্নি উদ্‌বাপিত—নির্ব্বাণপ্রাপ্ত হয় অর্থাৎ নিবিয়া যায়, তখন এই অগ্নি বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ বায়ুর স্বভাব লাভ করে ; সেইরূপ যখন সূর্য্য অস্তমিত হয়, [তখন সেই সূর্য্য] বায়ুকেই প্রাপ্ত হয় ; সেইরূপ যখন চন্দ্র অস্তমিত হয়, [তখন সেই চন্দ্র] বায়ুকেই প্রাপ্ত হয় ।

ভাল, [অস্তময়ে] সূর্য্য ও চন্দ্র যখন স্ব স্ব রূপেই অবস্থিতি করে, তখন তাহাদের আবার বায়ুতে বিলয়প্রাপ্তি হয় কিরূপ ? না, ইহা দোষাবহ নহে ;—কেননা, চলন বা গমনাগমন যখন বায়ুরই কার্য্য, তখন সূর্য্যের অস্তমণও বায়ু দ্বারাই সম্পাদিত হইয়া থাকে ; সুতরাং

অস্তময়সময়ে সূর্যোর যে অদর্শন হয়, বায়ুই তাহার নিমিত্ত ; অথবা প্রলয়কালে যখন সূর্য্য ও চন্দ্রের স্বরূপ ধ্বংস হয়, তখন তেজোময় সূর্য্য ও চন্দ্রের [তেজের কারণীভূত] বায়ুতেই বিলয় প্রাপ্তি সম্ভবপর ॥২৫৩॥১

যদাপ উচ্ছুষ্যন্তি বায়ুমেব পিবন্তি, বায়ুর্হ্যেবৈতান্ সর্বান্
সংবৃঙ্ক্ত ইত্যধিদৈবতম্ ॥ ২৫৪ ॥২

যদা আপঃ (জলানি) উচ্ছুষ্যন্তি (সম্যক্ শোষণং প্রাপ্নুবন্তি), [তদা তাঃ]
বায়ুম্ এব অপিবন্তি, (বায়ুঃ লীয়ন্তে ইত্যর্থঃ) । হি (যস্মাৎ) বায়ুঃ এব
এতান্ সর্বান্ (অগ্নিপ্রভৃতীন্) সংবৃঙ্ক্তে (সংহরতি) । [অতঃ সংবর্গ ইতি
ভাবঃ] ; ইতি (এতৎ) অধিদৈবতং (দেবতাবিষয়কং দর্শনমিত্যর্থঃ) ॥

যখন জলসমূহ শুষ্ক হইয়া যায়, তখন সে সমস্ত বায়ুকেই প্রাপ্ত হয়, অর্থাৎ
বায়ুতেই বিলীন হয় ; কেননা, বায়ুই এই অগ্নিপ্রভৃতি সমস্ত পদার্থকে সংহার
করিয়া থাকে ; [অতএব উহা সংবর্গপদবাচ্য] । ইহা হইতেছে অধিদৈবত অর্থাৎ
দেবতাবিষয়ক উপাসনা ॥

•• শাক্ত-ভাষ্যম্ । তথা যদা আপ উচ্ছুষ্যন্তি, উচ্ছোষমাগ্নুবন্তি, তদা
বায়ুমেব অপিবন্তি । বায়ুঃ হি যস্মাদেব এতান্ অগ্নাদ্যান্ মহাবলান্ সংবৃঙ্ক্তে,
অতো বায়ুঃ সংবর্গশ্চ উপাস্ত ইত্যর্থঃ । ইত্যধিদৈবতং দেবতাসু সংবর্গদর্শন-
যুক্তম্ ॥ ২৫৪ ॥ ২

আনন্দগিরিঃ ॥ ২৫৪ ॥ ২

• ভাষ্যানুবাদ । সেইরূপ যখন জলও শোষণপ্রাপ্ত হয়, তখন
বায়ুতেই বিলীন হয়, যেহেতু বায়ুই এই অগ্নি প্রভৃতি মহাবল পদার্থ
সমূহকে সংবরণ [সংহার] করে ; সেইজন্য বায়ুকে সংবর্গশ্চ-
বিশিষ্টরূপে উপাসনা করিবে । ইহা অধিদৈবত অর্থাৎ দেবতাবিষয়ক
উপাসনা উক্ত হইল ॥২৫৪॥২

অথাধ্যাত্মম্—প্রাণো বাব সংবর্গঃ, স যদা স্বপিত্তি প্রাণমেব
বাগ্নিপোতি, প্রাণং চক্ষুঃ প্রাণং শ্রোত্রং প্রাণং মনঃ প্রাণো
হ্যেবৈতান্ সর্বান্ সংবৃঙ্ক্ত ইতি ॥২৫৫॥৩

অথ (অনস্তরং) অধ্যাত্মম্ (দেবত্ৰ্যবিষয়কম্ উপাসনম্) [উচ্যতে]—
প্রাণঃ (পঞ্চবৃত্ত্যাত্মকঃ) বাব (এব) সংবর্গঃ (পূর্ববৎ সংবর্গশুণ্যযোগেন
উপাস্তঃ) । সঃ (প্রসিদ্ধঃ পুরুষঃ) যদা (যস্মিন্ কালে) স্বপিত্তি (নিদ্রাতি),
তদা বাক্ (বাগিন্দ্রিয়ঃ) প্রাণম্ এব অপোতি (প্রাপ্নোতি), চক্ষুঃ প্রাণং
[অপোতি], শ্রোত্রং [অপি] প্রাণং [অপোতি], মনঃ (অন্তঃকরণং) প্রাণং
[অপোতি], হি (যস্মাৎ) প্রাণঃ এব এতান্ (বাগাদীন্) সৰ্বান্ সংবৃঙ্ক্তে
ইতি ।

অনস্তর অধ্যাত্ম [উপাসনা কথিত হইতেছে]—প্রাণই সংবর্গ ; কেননা,
পুরুষ যখন নিদ্রিত হয়, তখন বাগিন্দ্রিয় প্রাণেই বিলীন হয়, চক্ষুঃ প্রাণে,
শ্রোত্র প্রাণে, এবং মনও প্রাণে বিলয়প্রাপ্ত হয় ; কারণ, প্রাণই এই সমস্তকে
(বাগাদি ইন্দ্রিয়কে) সংবরণ করিয়া থাকে ॥

শাক্তরভাষ্যম্ । অথ অনস্তরমধ্যাত্মম্ আত্মনি সংবর্গদর্শনম্ ইদমুচ্যতে—
প্রাণো মুখ্যো বাব সংবর্গঃ । স পুরুষো যদা যস্মিন্ কালে স্বপিত্তি, তদা প্রাণেই
বাক্ অপোতি—ব যুমিবাগিঃ । প্রাণং চক্ষুঃ, প্রাণং শ্রোত্রম্, প্রাণং মনঃ । প্রাণো
হি যস্মাদেব এতান্ বাগাদীন্ সৰ্বান্ সংবৃঙ্ক্তে ইতি ॥ ২৫৬ ॥ ৩

আনন্দগিরিঃ । কথং প্রাণস্ত সংবর্গমিত্যাশঙ্ক্যাহ—স পুরুষ ইতি । তস্মাৎ
সংবর্গ ইত্যধ্যাত্মমিতি শেষঃ ॥ ২৫৬ ॥ ৩

ভাষ্যানুবাদ । অতঃপর অধ্যাত্ম অর্থ্যৎ আত্মবিষয়ক এই
সংবর্গদর্শন কথিত হইতেছে—মুখ্য (পঞ্চবৃত্ত্যাত্মক) প্রাণই সংবর্গ ;
সেই পুরুষ (জীব) যে সময় নিদ্রিত হয়, তখন অগ্নি যেমন বায়ুকে
প্রাপ্ত হয়, তেমনি বাগিন্দ্রিয়ও প্রাণকেই প্রাপ্ত হয় ; চক্ষুঃ প্রাণকে,
শ্রোত্রও প্রাণকে, মনও প্রাণকে [প্রাপ্ত হয়] ; যেহেতু প্রাণই এই
বাগাদি সর্ব পদার্থকে সংহার করিয়া থাকে ॥ ২৫৫ ॥ ৩

• তৌ বা এতৌ দ্বৌ সংবর্গৌ বায়ুরেব দেবেষু প্রাণঃ
• প্রাণেষু ॥ ২৫৬ ॥ ৪

তৌ (উক্তৌ) এতৌ দ্বৌ (পদার্থৌ) বৈ (ষ্) সংবর্গৌ (সংবর্জনশুণ-
সম্পন্নৌ)—দেবেষু মধ্যে বায়ুঃ এব, প্রাণেষু (বাগাদিষু) প্রাণঃ এব [সংবর্গ
ইতি শেষঃ] ।

সেই এই দুইট পদার্থই সংবর্গ অর্থাৎ সংবর্জনগুণযুক্ত ; দেবগণের মধ্যে বায়ু, আর বাগাদি ইন্দ্রিয়ের মধ্যে প্রাণ ॥

শাক্তরভাষ্যম্ । তৌ বা এতৌ দ্বৌ সংবর্গৌ সংবর্জনগুণৌ—বায়ুরেব দেবেষু সংবর্গঃ, প্রাণঃ প্রাণেষু বাগাদিষু মুখাঃ ॥ ২৫৭ ॥ ৪

আনন্দগিরিঃ । বায়ুপ্রাণানদৈবতাখ্যাত্তেদেন সংবর্গগুণাবুজ্জাবুপসংহরতি—
ভাবিত্তি ॥ ২৫৬ ॥ ৪

ভাষ্যানুবাদ । সেই এই দুইটিই সংবর্গ, অর্থাৎ পূর্বেবাক্ত সংবর্জনগুণযুক্ত—দেবগণের মধ্যে সংবর্গ, আর বাক্ প্রভৃতি প্রাণের মধ্যে মুখা প্রাণই [সংবর্গ] ॥ ২৫৬ ॥ ৪

‘অথ হ শৌনকঞ্চ কাপেয়মভিপ্রতারিণং চ কাক্ষ-
শ্বেমিঃ পরিবিষ্যমাণৌ ব্রহ্মচারী বিভিক্ষে ; তস্মা উ হ ন
দদতুঃ ॥ ২৫৭ ॥ ৫

অথ (উক্তোপাসনাস্ত্যারম্ভে) হ (ঐতিহ্যে) কাপেয়ং (কপি-
বংশোৎপন্নং) চ শৌনকং (শুনকশ্রাপত্যং) কাক্ষসেনিম্ (কক্ষসেনশ্চ অপত্যম্)
‘অভিপ্রতারিণং চ (অপি । পাচকেন] পরিবিষ্যমাণৌ [এতৌ] ব্রহ্মচারী
বিভিক্ষে (ভিক্ষাং বাচিতবান্), [তৌ চ] তস্মৈ (ব্রহ্মচারিণে) উ (বিতর্ক)
ন হ (নৈব) দদতুঃ (ভিক্ষাং দত্তবন্তৌ) ॥

—[উক্ত সংবর্গোপাসনাদ্বয়ের স্ততি আরম্ভ হইতেছে]—কপিবংশসম্বৃত
শৌনক ও কক্ষসেন-পুত্র অভিপ্রতারী—এই দুইজনকে পাচক অন্নপরিবেশন
করিতেছে, এমন সময় ব্রহ্মচারী আসিয়া ভিক্ষা প্রার্থনা করিলেন ; কিন্তু তাঁহারা
ইহাকে কিছুই দিলেন না ॥

শাক্তরভাষ্যম্ । অথ এতয়োঃ স্ত্যর্থমিয়মাখ্যায়িকা আরভ্যাতে । ৎঃতি
ঐতিহ্যার্থঃ । শৌনকঞ্চ শুনকশ্রাপত্যং শৌনকং কাপেয়ং কপিগোত্রম্, অভি-
প্রতারিণং চ নামতঃ কক্ষসেনশ্রাপত্যং কাক্ষসেনিং ভোজনায়োপবিষ্টৌ পরিবিষ্য-
মাণৌ সূপকারৈঃ ব্রহ্মচারী ব্রহ্মবিচ্ছৌণ্ডো বিভিক্ষে ভিক্ষিতবান্ । ব্রহ্মচারিণো
ব্রহ্মবিমানিতাং বুজ্জা তং জিজ্ঞাসমানৌ তস্মৈ উ ভিক্ষাং ন দদতুঃ ন দত্তবন্তৌ
হ কিময়ং বক্ষ্যতীতি ॥ ২৫৭ ॥ ৫

আনন্দগিরিঃ । অথ হৈত্যান্যনন্তরবাক্যং ব্যাচষ্টে—অষ্টৈখতয়োৱিত্তি । ব্রহ্ম-
বিচ্ছোভো ব্রহ্মবিদাং মধ্যে শূরস্বান্নানং মঞ্জমান ইতি বাবৎ । বুদ্ধা লিঙ্গবিশেষেণেতি
শেষঃ । দ্বিজাসমানাবিত্যুক্তমেব ব্যনক্তি—কিমম্মমিত্তি ॥ ২৫৭ ॥ ৫

ভাষ্যানুবাদ । অতঃপর উক্ত উপাসনাঘরের স্তুতির নিমিত্ত
এই আখ্যায়িকাটি আরম্ভ হইতেছে—ভোজনার্থ উপবিষ্ট কাপেয়
অর্থাৎ কপিগোত্রোৎপন্ন শৌনক—শুনকের পুত্র—শৌনক, এবং
অভিপ্রতারিনামক কক্ষসেনপুত্র,—এই দুইজনকে সুপকার (পাচক)
পরিবেশন করিতেছে, এমন সময় একজন ব্রহ্মচারী অর্থাৎ ব্রহ্মবিদ্-
গণের মধ্যে প্রধান এক ব্যক্তি আসিয়া ভিক্ষা চাহিলেন । ব্রহ্মচারীর
ব্রহ্মবিদ্যাভিমান অবগত হইয়া, দেখি, ইনি কি বলেন, ইহা জানিবার
জন্য তাঁহার। তাঁহাকে ভিক্ষা দিলেন না ॥ ২৫৭ ॥ ৫

স হোবাচ মহাত্মনশ্চতুরো দেব একঃ কঃ স জগার
ভুবনশ্চ গোপাস্তং কাপেয় নাভিপশ্যন্তি মর্ত্ব্যা অভি-
প্রতারিন্ বহুধা বসন্তং যস্মৈ বা এতদন্নং তস্মা এতন্ন
দত্তমিতি ॥ ২৫৮ ॥ ৬

সঃ (ব্রহ্মচারী) উবাচ হ (ঐতিহ্যে)—হে কাপেয়, হে অভিপ্রতারিন্ চ,
ভুবনশ্চ (ভূরাদিলোকশ্চ) গোপাঃ (গোপ্তা রক্ষিতা) সঃ (প্রসিদ্ধঃ) একঃ দেবঃ
কঃ (প্রজাপতিঃ, “কঃ প্রজাপতিরুদ্ধিষ্টঃ” ইতি কোষোক্তেঃ ; স চ দেবেষু বায়ুঃ,
প্রাণেষু চ মুখ্যঃ প্রাণঃ ইত্যর্থঃ) চতুরঃ (চতুঃসংখ্যাকান্) মহাত্মনঃ (অধ্যাদীন্,
বাগাদীন্ চ) জগার (গ্রাসিতবান্) । বহুধা (অধ্যাত্মাদিভেদৈঃ) বসন্তং
(বর্ধমানং) তং (প্রজাপতিং) মর্ত্ব্যাঃ (মরণশীলাঃ বিবেকহীনা বা) ন
অভিপশ্যন্তি (জানন্তি) । যস্মৈ (প্রজাপতয়ে) এতৎ (উপস্থিতং) অন্নম্
[আহ্নয়তে, সংক্রিয়তে চ], এতৎ (অন্নং) তস্মৈ (প্রজাপতয়ে) ন দত্তং
[যুবাভ্যামিতিশেষ], [মহম্ অন্নদানমেব প্রজাপতিপ্রীত্যে ভবতীতি ভাবঃ] ।

• হে কাপেয়, হে অভিপ্রতারিন্, পৃথিব্যাদি লোকের পরিপালক সেই প্রসিদ্ধ
দেবতা প্রজাপতিই চারিটি রূপাঙ্ক (প্রবলশক্তি অগ্নি প্রভৃতিকে) গ্রাস
করিয়াছেন । মরণশীল মর্ত্বয়গণ, বহুরূপে বিরাজমান সেই দেবতাকেও জানে
না, যাহার উদ্দেশে এই অন্ন [আনীত ও পক হয়], [তোমরা] তাঁহাকেই (সেই
প্রজাপতিকেই) ইহা দিলে না ॥ ২৫৮ ॥ ৬

শাক্তরভাষ্যম্ । স হোবাচ ব্রহ্মচারী—মহান্মনঃচতুর ইতি দ্বিতীয়াবহবচনম্ ।
 দেব একঃ—অগ্ন্যাदीन् वायुः, वागादीन् प्राणः । कः स प्रजापतिः जगार असित-
 वान् । कः स जगारेति अश्रमेके मश्रुत्से । ভুবনশ্চ—ভবন্ত্যগ্নিন্ ভূতানীতি
 ভুবনঃ ভূগাদিঃ সর্কো লোকঃ, তশ্চ গোপা গোপায়িতা রক্ষিতা গোপ্তেত্যর্থঃ ।
 তং কং প্রজাপতিং হে কাপেয় ন অভিপশুস্তি ন জানস্তি মর্ত্যা মরণধর্মাণোহ-
 বিবেকিনো বা, হে অভিপ্রতারিন্, বহুধা অধ্যাত্মাধিদেবতাধিভূতপ্রকারৈঃ বসন্তম্ ।
 যস্মৈ বৈ এতদ্ অহন্তহনি অন্নম্ অদনায়াহ্নিয়তে সংস্ক্রিয়তে চ ; তস্মৈ প্রজাপত্যে
 এতদন্নং ন দত্তমিতি ॥ ২৫৮।৬

আনিষ্কগিরিঃ । চতুর ইতি দ্বিতীয়াবহবচনদর্শনান্নহান্নন ইতি তাদৃগেবেত্যাহ—
 ক্ষিত্তীয়েতি । যদ্বা মহান্মন ইত্যশ্চ পঞ্চম্যাদৌ চতুর ইত্যশ্চ চ সমীচীনে প্রয়োগদর্শনাদিহ
 তথা মাভূদিতি মহাহ—মহাত্মন ইতি । অতো হি জগারেতি সম্বন্ধঃ । কঃ শকঃ
 প্রজাপতিবিষয়ো ব্যাখ্যাতঃ, সংপ্রতি পক্ষান্তরমাহ—কঃ জ ইতি । যদ্বান্ জগার, স কঃ
 ভূতাদিতি অশ্রমেকে বদন্তীত্যর্থঃ । অন্তরং প্রাণমাত্মানং চৈকত্বেন পশুন্ ব্রহ্মচারী মহঃ ভিক্ষাং যন্ন
 দদতুর্ভবন্তৌ, তৎ তস্মৈ দেবায়ৈব ন দদতুরিত্যজ্ঞত্বমেব তয়োর্দর্শনমাহ—যস্মৈ ইতি ॥ ২৫৮।৭

ভাষ্যানুবাদ । সেই ব্রহ্মচারী বলিলেন—চারিটি মহাত্মাকে
 [“মহাত্মনঃ চতুরঃ”] এই দুইটি পদে দ্বিতীয়ার বহুবচন হইয়াছে,
 (পঞ্চমী বা ষষ্ঠী নহে) । ভূতগণ বাহাতে উৎপন্ন হয়, তাহার নাম
 ভুবন—পৃথিব্যাদি লোকসমূহ, তাহার গোপা অর্থাৎ গোপ্তা—রক্ষক,
 সেই একটি দেবতা প্রজাপতি চারিটি মহাত্মাকে—বায়ু অগ্নিপ্রভৃতিকে
 এবং মুখ্যপ্রাণ বাগাদি ইন্দ্রিয়কে গ্রাস করিয়াছেন । কেহ কেহ, সেই
 কে গ্রাস করিয়াছে ? এইরূপ প্রশ্নার্থ বলিয়া মনে করেন । হে
 কাপেয়; হে অভিপ্রতারিন্, অধ্যাত্ম, অধিদেবত ও অধিভূত-
 রূপ নানা আকারে অবস্থিত সেই ককে (প্রজাপতিকে) মর্ত্যগণ
 অর্থাৎ মরণশীল কিংবা বিবেকহীন লোকসমূহ জানে না । “ বাহার
 উৎপাদনে (ভক্ষণের জন্ম) প্রত্যহ এই অন্ন সংগৃহীত ও সংস্কৃত
 (ভোজনোপযোগী লোকাদি-বিশিষ্ট) কঁা হয়, সেই প্রজাপতির
 হস্তমিস্তই এই অন্ন প্রদত্ত হইল না । অর্থাৎ তোমরা এই অন্ন প্রদান
 করিলে না ॥ ২৫৮ ॥ ৬

তচ্ছ হ শৌনকঃ কাপেয়ঃ প্রতিমহানঃ প্রত্যেয়ায়াত্মা .
 দেবানাং জনিতা প্রজানাং হিরণ্যদংষ্ট্রো বভসোহনসূরিশ্মহাস্তু-
 মশ্চ মহিমানমাহরনদ্যমানো যদনন্নমতীতি বৈ বয়ং ব্রহ্ম-
 চারিন্নেদমুপাস্মহে ; দত্তাস্মৈ ভিক্ষামিতি ॥ ২৫৯ ॥ ৭

কাপেয়ঃ শৌনকঃ তৎ (ব্রহ্মচারিবচনং) হ প্রতিমহানঃ (পর্যালোচয়ন্)
 প্রত্যেয়ায় (ব্রহ্মচারিসমীপং জগাম), [গত্বা চ, যং ত্বং নাভিপশুস্তীতি
 অবোচঃ, বয়ং তু তং জানীমঃ ইত্যাহ—] দেবানাং (অগ্নাদীনাং) আত্মা
 (স্বরূপভূতঃ), তথা প্রজানাং (স্থাবরজঙ্গমানাং) জনিতা (উৎপাদকঃ),
 যদ্বা, আত্মা (সর্বশ্চ আত্মভূতঃ) দেবানাং (অগ্নাদীনাং) প্রজানাং
 (বাগাদীনাং চ) জনিতা (উৎপাদকঃ), হিরণ্যদংষ্ট্রঃ (হিরণ্যবদ্ উজ্জ্বলা অভক্ষুরা
 দংষ্ট্রা যশ্চ, সঃ তথোক্তঃ), বভসঃ (ভক্ষণশীলঃ) অনসুরিঃ (মেধাবী) ।
 অনদ্যমানঃ (স্বয়ং অত্রৈঃ অভক্ষ্যমাণঃ সন্) যং অনন্নং (অন্নেতরম্ অগ্নিধাগাদি
 দেবতারূপম্) অস্তি (ভক্ষয়তি) ইতি, অশ্চ (প্রজাপতেঃ) [ইমং] মহাস্তু
 মহিমানম্ আহঃ (কথয়ন্তি) [ব্রহ্মবিদঃ ইতি শেষঃ] । হে ব্রহ্মচারিন্ বয়ম
 ইদং (উক্ললক্ষণং) ব্রহ্ম (আ উপাস্মহে) । [তত্চ] অস্মৈ (ব্রহ্মচারিণে)
 ভিক্ষাং দত্ত (প্রযচ্ছত) ইতি [ভৃত্যান্ আহতুঃ] ।

কপিবংশজাত শৌনক [ব্রহ্মচারীর] সেই কথা পর্যালোচনা করিয়া তাঁহার
 সমীপে গমন করিলেন । [এবং যাইয়া বলিলেন—] দেবগণের আত্মা এবং
 স্থাবরজঙ্গমান্যক প্রজাগণের উৎপাদক, হিরণ্যদংষ্ট্র অর্থাৎ অভক্ষুর-দন্তযুক্ত,
 ভক্ষণশীল অর্থাৎ সর্বসংহারক এবং মেধাবী । তিনি নিজে অপর কতক
 ভক্তিত না হইয়া যে, অন্ন নহে, এমন অগ্নিপ্রভৃতিকে সংহার করিয়া থাকেন,
 তাঁহার মহিমা বলিয়া বর্ণনা করিয়া থাকেন । হে ব্রহ্মচারিন্, আমরা ইহাকেই
 [ব্রহ্মবুদ্ধিতে] উপাসনা করিয়া থাকি । [ভৃত্যগণকে বলিলেন]—তোমরা
 ইহাকে ভিক্ষা দাও ॥ ২৫৯ ॥ ৭

শাকরভাষ্যম্ । তচ্ছ হ ব্রহ্মচারিণো বচনং শৌনকঃ কাপেয়ঃ প্রতি-
 মহানো মনসা আলোচয়ন্ ব্রহ্মচারিণং প্রত্যেয়ায় আজগাম । গত্বা চাহ—যং
 ত্বমবোচঃ “নাভিপশুস্তি ময়্যাঃ” ইতি, তং বয়ং পশ্যামঃ । কথম্—আত্মা
 সর্বশ্চ স্থাবরজঙ্গমশ্চ । কিঞ্চ, দেবানাং অগ্নাদীনামাত্মনি সংহত্য ঐসিদ্ধা
 পুনর্জনিতা উৎপাদয়িত্বা বায়ুরূপেণ অগ্নিদেবতমগ্নাদীনাম্ ; অধ্যাত্মক প্রাণরূপেণ

বাগাদীনাং প্রজানাঞ্চ জনিতা । অথবা, আত্মা দেখামাম্ অগ্নিবাগাদীনাম্, জনিতা
 প্রজানাং স্থাবরজঙ্গমাदीনাম্ । হিরণ্যদংষ্ট্রোহমৃতদংষ্ট্রঃ অভয়দংষ্ট্রঃ ইতি যাবৎ ।
 বর্তমো ভক্ষণশীলঃ, অনসুরিঃ সুরিস্নেহাবী, ন সুরিরসুরিস্তৎ প্রতিষেধোহনসুরিঃ—
 সুরিয়েবেত্বর্থঃ, মহাস্তম্ অতি প্রমাণম্ অপ্রমেয়মশ্চ প্রজাপতেম্ হিমানং বিভূতিম্
 আহব্র'ক্ষবিদঃ । যস্মাৎ স্বয়ম্ অশ্চৈরনদ্যমানোহভক্ষ্যমাণো যৎ অনন্নম্ অগ্নি-
 বাগাদিদেবতারূপম্ অস্তি ভক্ষয়তীতি । বৈ ইতি নিরর্থকঃ । বয়ং হে ব্রহ্মচারিন্,
 আ ইদম্ এবং যথোকুলক্ষণং ব্রহ্ম বয়ং আ উপাস্মহে । বয়মিতি ব্যবহিতেন
 সম্বন্ধঃ । অশ্চৈ, ন বয়মিদমুপাস্মহে, কিং তর্হি? পরমেব ব্রহ্মোপাস্মহে ইতি
 বর্ণয়ন্তি । দত্ত অশ্চৈ ভিক্ষামিত্যবোচৎ ভৃত্যান্ ॥ ২৫৯ ॥ ৭

আনন্দগিরিঃ । দর্শনমেব প্রধ্বারা বিশদয়তি—কথমিত্যাদিনা । অধিদৈবত-
 মগ্নাদীনাং বায়ুরূপেণ জনিতেতি সংবন্ধঃ । তস্মাৎ প্রাথমিকং কৃত্বা দর্শয়তি—আত্মানীতি ।
 অগ্নাদীন্ প্রলয়কালে দেবঃ স্বাস্থনি বায়ুরূপেণ গ্রসিত্বা পুনরুৎপত্ত্যবস্থায়াম্ উৎপাদয়িতেতি
 যোজনা । অধ্যায়ং বাগাদীনপি স্বাপাবস্থায়ং স্বাস্থনি প্রাণরূপে সংহত্য পুনঃ প্রবোধাবস্থায়ং
 তেজস্বুৎপাদয়িত্বা দেবঃ প্রাণরূপেণেত্যাহ—অধ্যাত্মুং চেতি । দেবানামগ্নাদীনাং প্রজানাং
 বাগাদীনাং চ জনিতেত্বুক্তম্, সংপ্রতি ব্যাখ্যানান্তরমাহ—অথ বেতি । অভয়দংষ্ট্রঃ সর্বসংহর্ষ-
 রূপি ন কাচন গ্ৰানির্ভবতীত্যর্থঃ । প্রজাপতেম্ হিমোহতিপ্রমাণত্বং প্রকটয়তি—যস্মাদিত্তি ।
 ইতিশব্দাৎ পরস্তাদ্ বচ্ছদশ্চ সম্বন্ধঃ । তদর্থশ্চ যস্মাদিত্তুক্তঃ, তস্মাৎ প্রজাপতেম্ হিমানমতি-
 প্রমাণমাহুরিতি পূর্বেণ সম্বন্ধঃ । বৈ বয়মিত্যাदि ভাগং পদচ্ছেদপূর্বকমাদায় ব্যাচষ্টে—
 'যয়মিত্যাদিনা । ক্রিয়াপদেন বয়মিত্যশ্চ সম্বন্ধমুক্তমুপাদয়তি—বয়মিত্তীতি ।
 ব্রহ্মচারিদিদং বয়ম্ আ সমস্তাহুপাস্মহে ব্রহ্মেত্বুক্ত্বা প্রকারান্তরেণ পদচ্ছেদপূর্বকং ব্যাখ্যানান্তর-
 মাহ—অস্মেনেতি । শৌনকস্তাতিপ্রতারিণশ্চ জ্ঞানান্তিগয়ং দর্শয়িত্বা যতিশ্চ ব্রহ্মচারী
 চেতাদিশ্চুতিমনুস্ত্যাহ—দত্তেতি ॥ ২৫৯ ॥ ৭

ভাষ্যানুবাদ । কাপেয় শৌনক ব্রহ্মচারীর সেই কথা মনে মনে
 পর্যালোচনা করিয়া ব্রহ্মচারীর সমীপে সমাগত হইলেন, এবং আসিয়া
 বলিলেন—তুমি 'যাহাকে মর্ত্যগণ দেখিতে পায় না' বলিয়াছ, আমরা
 কিম্ব তাহাকে দেখিতে পাই । কিরূপে?—[তিনি] সমস্ত স্থাবর-
 জঙ্গমের আত্মা ; অপিচ, অধিদৈবত বায়ুরূপে অগ্নিপ্রভৃতি দেবতাকে
 আপনাতে সংহার করিয়া—গ্রাস করিয়া পুনশ্চ জন্মান—উৎপাদন
 করেন, এবং অধ্যাত্ম অর্থাৎ দেহাশ্রিত প্রাণরূপে বাগাদি ইন্দ্রিয় ও
 প্রজাগণের জনক হন । অথবা, [ইহায় অর্থ এইরূপ]—দেবগণের
 অর্থাৎ অগ্নি ও বায়ুপ্রভৃতির আত্মা, এবং প্রজাগণের—স্থাবর জঙ্গমাদির
 জনক । হিরণ্যদংষ্ট্র অর্থ—যাহার দন্তসমূহ নষ্ট হয় না, অর্থাৎ
 যাহার দন্তসমূহ ভগ্ন হয় না । বর্তম, অর্থ—ভক্ষণশীল, অর্থাৎ

ভক্ষণ বা সংহারী করাই 'তাঁহার স্বভাব'। অনসূরি—সূরি
 অর্থ—মেধাবী (ধারণক্ষম বুদ্ধিযুক্ত), অসূরি অর্থ—সূরি ভিন্ন, তাহার
 নিষেধ—অনসূরি অর্থাৎ সূরিই বটে ; ব্রহ্মবিদগণ, এই প্রজাপতির
 মহিমাকে মহৎ প্রমাণাভীত অর্থাৎ অপরিমেয় বলিয়া বর্ণন করেন ;
 কেননা, যেহেতু তিনি নিজে অপরের ভক্ষ্য না হইয়া অনন্ন অর্থাৎ
 অন্নভিন্ন—অগ্নি ও বাগাদি দেবতাকে ভক্ষণ করিয়া থাকেন। 'বৈ'
 শব্দটি নিরর্থক। হে ব্রহ্মচারিন্, আমরা উক্ত প্রকার লক্ষণাক্রান্ত
 ব্রহ্মের উপাসনা করিয়া থাকি। [এখানে ব্রহ্মচারিন্ + আ + ইদম্,
 এইরূপ পদচ্ছেদ করিতে হইবে]। 'বয়ং' এই ব্যবহিত কর্তৃপদের
 সহিত ["উপাস্মহে" ক্রিয়ার] সম্বন্ধ। অপরে বলিয়া থাকেন যে,
 আমরা ইহাকে উপাসনা করি না ; তবে কি ? পরব্রহ্মকেই উপাসনা
 করিয়া থাকি। তিনি বলিলেন—ইহাকে ভিক্ষা প্রদান কর ॥ ২৫৯ ॥

তস্মা উ হ দদুস্তে বা এতে পঞ্চাণ্যে পঞ্চাণ্যে দশ সন্তস্তৎ
 কৃতম্, তস্মাৎ সর্বাণ্যু দিক্ষুন্নমেব দশ কৃতম্ সৈষ বিরাড্ভাদী,
 তয়েদম্ সর্বাং দৃষ্টম্ সর্বমশ্বেদং দৃষ্টং ভবত্যন্নাদৌ ভবতি য
 এবং বেদ য এবং বেদ ॥ ২৬০ ॥ ৮

ইতি চতুর্থাধ্যায়স্য তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৩

তস্মৈ (ব্রহ্মচারিণে) উ হ (ঐতিহ্যে) দদুঃ (ভিক্ষাং দত্তবস্তুঃ) [কৃত্য
 ইতি শেষঃ] । তে (পূর্বোক্তাঃ) এতে অণ্যে (বাক্ প্রাণচক্ষুঃশ্রোত্রধীনোভ্যঃ
 ভিন্নাঃ) পঞ্চ (অধিদৈবতম্ অগ্নাদয়ঃ), অণ্যে (অগ্নিবায়ুপৃথিবীজলাকাশা-
 দিত্যঃ ভিন্নাঃ) চ পঞ্চ (অধ্যায়ঃ বাগাদয়ঃ), [এতে প্রস্তুমানাঃ গ্রসিতারশ্চ
 মিলিত্বা] দশ সন্তঃ তৎ (প্রসিদ্ধং) কৃতং (কৃতসংজ্ঞকং) [ভবতীতি শেষঃ] ।
 'কৃত্য' -সম্বন্ধাৎ দ্যুতক্রীড়াপি 'কৃতম্' উচ্যতে । দ্যুতে হি কৃত-ত্রেতা-দ্বাপর-
 কলিনামানঃ চত্বারঃ অগ্নাঃ (পাশা ইতি ভাষা) সন্তি । তত্র কৃতনামকঃ
 চতুরকঃ, ত্রেতানামকোহয়ঃ ত্রাকঃ, দ্বাপরনামকঃ সয়ঃ, স্বাকঃ, কলিনামকশ্চ
 একাকঃ ; তে চ মিলিত্বা দশসংখ্যকাঃ সন্তঃ কৃতং—কৃতসংজ্ঞকদ্যুতমুচ্যতে । তত্র
 চ, অধিকাকে কৃত্যয়ে বিজিতে সতি তন্নূনসংখ্যকাঃ ত্রেতাগ্না অগ্না বিজিতা

ভবন্তীতি দ্যুতব্যবহারে দৃশ্যতে । যথা : দ্যুতে চতুরস্র এক অন্নঃ দৃশ্যতে, তথা
 অত্রাপি গ্রসিতারঃ বায়ুঃ প্রাণঞ্চ বর্জয়িত্বা গ্রশ্রুমানাঃ অগ্নাদয়ঃ বাগাদয়শ্চ চত্বার
 উপলভ্যন্তে, যথা ত্রেতারঃ ত্রাক্ষঃ, তথা একৈকং বর্জয়িত্বা অগ্নাদয়ঃ বাগাদয়শ্চ
 ত্রয়ঃ, যথা দ্বাপরনামারঃ দ্বাক্ষ তথা অত্রাপি দ্বৌ দ্বৌ বর্জয়িত্বা অগ্নাদয়ঃ বাগাদয়শ্চ
 দ্বিসংখ্যাংশিষ্টা এব ভবন্তি । যথা কলিনামা অন্ন একাক্ষঃ, তথা অত্রাপি
 অগ্নাদীনাং গ্রসিতা বায়ুঃ, বাগাদীনাঞ্চ গ্রসিতা প্রাণ এক এব ভবতি । এবং সংখ্যা-
 সামান্তাদ্ অগ্নাদিষু বাগাদিষু চ সমাহারেণ 'কৃত' সংজ্ঞারোপঃ মন্তব্যঃ । তস্মাৎ
 (যথোক্তসংখ্যাসামান্তাৎ) কৃতং (কৃতসংজ্ঞিতাঃ) দশ (অগ্নাদয়ঃ বাগাদয়শ্চ)
 সূক্তান্ন দিক্শু অন্নং (অন্নরূপাঃ) [ভবন্তি . দশাক্ষরায়ঃ বিরাজঃ অন্নরূপদ্বাদিত্তি
 ভাবঃ] । 'সা এষা (কৃতায়রূপেণ কল্পিতাঃ অগ্নাদয়ঃ বাগাদয়শ্চ) বিরাট্
 (বিরাট্ স্বরূপাশ্চ) অন্নাদী (অন্নাদীনৌ অন্নভক্ষণীত্যাৰ্থঃ), তয়া (বিরাড়রূপয়া)
 ইদং (দশদিক্স্থিতং) সৰ্ব্বং দৃষ্টম্ উপলব্ধম্ । যঃ (উপাসকঃ) এবং বেদ, অশ্রু
 (কৃতসংখ্যাত্মতশ্চ) ইদং সৰ্ব্বং দৃষ্টং ভবতি, স্বয়ঞ্চ অন্নাদঃ (অন্নভোক্তা ভবতি) ।
 • দ্বিরভ্যাসঃ উপাসনাসমাপ্ত্যর্থঃ ।

• [তৃত্যর্গণ] তাঁহাকে ভিক্ষা দিয়াছিল, [এখন শ্রুতি নিজেই বিদ্বান্ধলের
 উপসংহার করিতেছেন—] সেই এই পৃথক পাঁচটি, এবং অপর পাঁচটি, অর্থাৎ
 অগ্নাদি পাঁচ, আর বাগাদি পাঁচ মিলিতভাবে দশ হইয়া সেই প্রসিদ্ধ 'কৃত'-
 সংজ্ঞক হয় । সেই হেতু কৃতসংজ্ঞক সেই দশটিই সৰ্বদিক্স্থিত অন্নস্বরূপ ;
 এবং সেই এই দশটিই অন্নভোগী বিরাট্ স্বরূপ ; সেই বিরাট্ দ্বারাই দশদিক্স্থিত
 সৰ্ব্ব অন্ন উপলব্ধির বিষয়ীভূত হইয়া থাকে । যিনি উক্তপ্রকার জ্ঞান লাভ করেন,
 তিনিও সৰ্বদিকে অন্ন দেখিতে পান, এবং নিজেও অন্নভোক্তা হন । উপাসনা-
 সমাপ্তি-সূচনার্থ "য এবং বেদ" কথার দ্বিকল্পিত করা হইয়াছে ॥ ২৬০ ॥ ৮

শাক্ষরভাষ্যম্ । তস্মৈ উ হ দহন্তে হি ভিক্ষাম্ । তে বৈ যে গ্রশ্রুন্তে
 অগ্নাদয়ঃ যশ্চ তেষাং গ্রসিতা বায়ুঃ, পঞ্চান্তে বাগাদিত্যঃ । তথাত্তে তেভ্যঃ পঞ্চ—
 অগ্নাদয়ঃ বাগাদয়ঃ প্রাণশ্চ, তে সৰ্ব্বে দশ ভবন্তি সংখ্যয়া, দশ সন্তস্তৎকৃতং ভবতি,
 তে চতুরস্র একায়ঃ । এবং চত্বারজ্যাক্ষারঃ এবং ত্রয়োহপ্তরে দ্বাক্ষারঃ । এবং
 দ্বাপরনামাক্ষারঃ । এবমেকোহশ্রু ইতি, এবং দশ সন্তস্তৎকৃতং ভবতি । যত এবম্,
 তস্মাৎ সূক্তান্ন দিক্শু দশপাণ্ডায়া বাগাশ্চ দশ সংখ্যাসামান্তাদন্নমেব "দশাক্ষরা
 বিরাট্" "বিরাড়ন্নম্" ইতি হি শ্রুতিঃ । অতোহন্নমেব দশসংখ্যয়াৎ । তত এব দশ কৃতং
 কৃতসংখ্যয়াৎ চতুরস্রায়স্বেন ইত্যবোচাম । সৈষা বিরাট্ সংখ্যা সতী অন্নচ

अग्नादि अग्नादिनी च कृतत्वेन । कृते हि दशसंख्या अहत्तुता, अतोऽग्नादि-
दिनी । च सा । तथा विद्वान् दशदेवताश्रुतः सन् विराट्त्वेन दशसंख्या अग्ना-
संख्या अग्नादी च तन्ना अग्नादीना इदं सर्वं जगत् दशदिक्संख्यं दृष्टं कृतसंख्या-
भूतना उपलक्षम् । एवंविदोऽश्च सर्वं कृतसंख्याभूतं दशदिक्संख्यं दृष्टमुपलक्षं
भवति । किञ्च, अग्नादश्च भवति, य एवं वेद यथोक्तदर्शी । विरतास उपामन-
समाप्त्यर्थः ॥ २७० ॥ ८

इति चतुर्थाध्यायश्च तृतीय-खण्ड-भाष्यम् ॥ ४ ॥ ७

आनन्दगिरिः । आध्यायिकाकारा प्रकृतानां संवर्गविद्यानाम्ना देवानामित्यादि
गुणजातमुपदिष्टं गुणान्तरमुपदेष्टुमनन्तरवाक्यमवतारयति—ते वा इति । तद्व्याचष्टे—
ये ग्रन्थस्तु इति । त एते वागादिभ्यः सकाशादश्चे पठेति सशब्दः । अधिदैवत-
मग्नादीन् वायुसहितान् पक्षोक्तः, तेनैव प्रकारेणाध्यायमपि तेषां सकाशादश्चे प्राणसहिता
वागादयः पक्षं सस्तीत्याह—तथेति । अवास्तुरसंख्याविनिवेशमुक्तं, तत्रैव महासंख्या-
निवेशं दर्शयति—ते सर्वे इति । दशसंख्यासंख्यां तेषां संख्येति कृतारोण-
लक्षितं द्युतं कृतमित्याचते । तत्र दशसंख्यावत्त्वं वक्तव्यमिति ज्ञेयम् । षड्दशग्यादुरो
रागादयश्च दश सस्तुत्कृतं भवतीति, तदुपपादयति—चतुरस्र इत्यादिना । एकस्ताव-
दुरो द्युते चतुरस्रं दृष्ट्वा, तद्वदग्यादुरो वागादयश्च ग्रस्यमानाश्चकारो भवन्ति । यथा च द्युते
ज्येष्ठानामकोऽग्रग्याको गृह्यते, तथाग्यादुरो वागादयश्चैकैकनानाश्रयः । तथा च उत्र वापिर-
नामाग्या द्याको जायते, तद्वद् वागादिषु च द्यो द्यो वर्ज्जयित्वा द्यो द्यो भवतः । तथा च
तत्र कलिसंज्ञारो भवत्येकादशः योऽग्यादीनां ग्रसिता वायुर्वागादीनां ग्रसिता प्राणैश्चकः
तेभ्यो ग्रस्यमानेभ्योऽश्च इत्येव ग्रसित्त्वेन ग्रस्यमानत्वेन च दश सस्तुत्वे पूर्वोक्तं कृतं
भवतीत्यर्थः । द्युतस्य सर्वान्नात्त्वं प्रसिद्ध्या दशसंख्यावतां देवानां कृतसंख्यासम्पादननात्त्वं
सम्पादितम् । इदानीं दशसंख्यावत्त्वेनैव विराट्-सम्पादनेन तेषामन्नत्वं सम्पादयति—
इति इति । अग्यादिषु वागादिषु च मिलितेषु दशसंख्यावत्त्वेऽपि कथमनेन तद्वत्त्वं, तथाच
कथं संख्यासामाह्यं तेषामन्नसंख्यासामाह्यसम्पादनमित्याशङ्क्याह—दशाश्रयत्वेति । विराट्-
दशसंख्यावती प्रसिद्धा, सा चान्निति श्रयते । तथाच यथोक्तेषु वागादिषु वागादिषु च समु-
दितेषु संख्यासामाह्याद्विराट्-सम्पादान्नसम्पादनं शक्यमित्याह—अत इति । तेषु
कृतत्वेनान्नत्वं सम्पादितमुपसंहरति—तत्र एवेति । द्युतश्रावचतुष्टयविशिष्टत्वेन कृतत्वेन
कृतोपलक्षितेन तत्र दशसंख्यायाः सत्त्वं तत्रैव संख्यासामाह्यादग्यादयश्च कृतं भवति तत्र
तेषामन्नत्वंमित्युक्तमित्यर्थः ।

संप्रति प्रकृतेषु वागादिषु विराट्-सम्पादनमन्नत्वं इति त्रयमुपसंहरति—नैवेति । विराट्-
विधेयत्वात् तत्राश्च स्त्रीलिङ्गतरा सैवेति विधेयलिङ्गभाजनम् । त एते प्रकृता देवा विराडित्या-
वगन्त्या । सा च दशदेवताश्रुति दशसंख्यावती भवत्यन्नमिति देवतानामन्नसिद्धिः अग्नादीनां
विराट् सत्त्वादग्यादिरिति व्याख्यानम् । तत्र दशदेवताश्रुति विराट्, कृतत्वेनाग्नादीनां तदाश्र-
कानामग्नादीनामप्यात्त्वं सिद्धिरित्यर्थः । विराट्-त्वेनान्नत्वं कृतत्वेनान्नत्वं चेति सम्पादन-
मग्नादौ दर्शितमुपसंहरति—तत्र इति । कृतोपलक्षिते द्युते दशसंख्यासंभूता
प्रसिद्धा चान्नदौ दर्शिता । तथाच संख्यासामाह्याद, द्युतगतमन्नत्वं मग्नादिषु सम्पादने
तेनेदं दशकमग्नादीनां च, विराट्-वेदे दशसंख्यावतीत्युक्तं । सा चान्नं विराट्-संख्यायात्त्वं ।
तत्र विराट्, सम्पाद्या भवति प्रकृतं दशकमन्नमित्यर्थः । सङ्गं संवर्गदर्शनमुक्तं, उक्तं
वत्त्वं विधेयत्वं संसिरते—तथेति । यथाग्यादीनां विराट्-त्वेनान्नत्वं कृतत्वेन चान्नदत्त्वं

তথা বায়ুমগ্নাদ্যায়কং প্রাণক বাগাদ্যায়কম্ একীকৃত্যায়কেন বিদ্বান্ দশদেবতাবরূপভূতঃ সন্
দশসংখ্যা বিরাট্ ছেনান্নঃ কৃতশব্দিতযুগং তদগতদশসংখ্যাবচ্ছিন্নতয়া কৃতছেনান্নাদী ভবতী-
ত্যর্থঃ । ফলোক্ত্যুপযোগিত্বেনার্থান্তরমাহ—ভ্রয়েতি । কৃতোপলক্ষিতদ্যুতসংখ্যাবচ্ছিন্নছেনা-
বহিতরী অন্নছেনান্নাদিভেন ব্যবহিতয়া সর্বমিদং জগৎ দশস্থ দিকু সংস্থিতং দৃষ্টমুপলকং ভবতি ।
ন হি দেবতাদশকং হিষ্টা জগন্মাম কিঞ্চিদস্তি । তথাচ দৃষ্টে দেবতাদশকে দৃষ্টমেব সর্বং জগদভবে-
দিত্যর্থঃ । ভূমিকামেবং কৃত্বা বিদ্যাফলং দর্শয়তি—এবংবিদ ইতি । বায়ুং প্রাণমন্তার-
মায়ভেন পশ্যতঃ কৃতসংখ্যাবচ্ছিন্নতয়া স্থিতস্ত দশদেবতাভূতস্ত সর্বং জগদৃষ্টং ভবতি । দৃষ্ট-
দেবতাতিরিক্তস্য জগতোহস্তাবাদিত্যর্থঃ । যো যথোক্তদর্শী প্রাণো ভূহা সর্বত্রান্নাদশ ভবতীতি
ফলান্তরম্ ॥ ২৬০ ॥

ইতি চতুর্থাধ্যায়স্ত তৃতীয়ঃ খণ্ডঃ ॥ ৪৩ ॥

ভাষ্যানুবাদ । বাগাদি হইতে পৃথগ্ভূত সেই যে, গ্রন্থমান
অগ্ন্যাди ও তাহাদের গ্রাসকর্তা বায়ু, এই পাঁচ, এবং উক্ত অগ্ন্যাदि
হইতে পৃথগ্ভূত যে, অধ্যাত্ম বাগাদি ও প্রাণ, এই পাঁচ, ইহারা সকলে
মিলিত হইয়া সংখ্যায় দশটি হয় ; তাহারা দশটি হইয়া সেই প্রসিদ্ধ
'কৃত' সংজ্ঞায় অভিহিত হয় । [লৌকিক 'কৃত' ক্রীড়ায়ও] চতুরক-
'বিশিষ্ট' একটি অয় (পাশা), তিন অক্ষবিশিষ্ট চারিটি 'অয়,' এবং
দুই অক্ষবিশিষ্ট, অপর তিনটি অয়, এইরূপে অপর দুইটি অয় এক-
বিশিষ্ট ; এই প্রকার আর একটি, এইরূপ দশসংখ্যাবিশিষ্ট হইয়া
সেই প্রসিদ্ধ 'কৃত' ক্রীড়নক হইয়া থাকে । যেহেতু এই প্রকার,
অর্থাৎ দশসংখ্যায়োগে 'কৃত' সংজ্ঞা লাভ করে, সেই হেতু ঈমন্ত
দিকে অর্থাৎ দশদিকেই অগ্নি প্রভৃতি, এবং বাগাদি পদার্থগুলি
দশসংখ্যার সহিত সম্বন্ধ থাকায় নিশ্চয়ই অন্নস্বরূপ । কেননা, শ্রুতি
বলিয়াছেন—'বিরাট্' ছন্দটি দশ অক্ষরযুক্ত, আবার সেই বিরাট্ই অন্ন-
স্বরূপ । অতএব দশসংখ্যার সাম্য থাকায় উহারা অন্নস্বরূপই বটে ।
সেই কারণেই চারি অক্ষবিশিষ্ট পাশক বলিয়া উহা কৃতের অন্তর্ভূত,
এবং সেই হেতুই যে, 'ঐ' দশটি 'কৃত' নামে অভিহিত হয়, ইহাও
সাম্য বলিয়াছি । সেই এই বিরাট্ দশসংখ্যায়ুক্ত হইয়া কৃত
নিবন্ধন অন্ন ও অন্নভোক্তা । কেননা, ঐ কৃতের মধ্যস্থিত দশ সংখ্যা
অন্তর্ভূত রহিয়াছে ; অতএব তাহাও অন্ন ও অন্নভোক্তা । এইপ্রকার
জ্ঞানসম্পন্ন ব্যক্তি উক্ত দশবিধ দেবতায়ক হইয়া দশসংখ্যায়োগে

বিরাট্‌ভাবাপন্ন হইয়া 'অন্নস্বরূপঃ' বটে, 'এবং 'কৃত' সংখ্যাযোগে
অন্নভোক্তাও বটে। অন্ন ও অন্নভোক্তরূপা সেই বিরাট্‌ দ্বারা
দশদিগ্‌বল্লী এই জগৎ দৃষ্ট, অর্থাৎ 'কৃত' সংখ্যাস্বরূপ ঐ দশটি দ্বারা
অনুভূত হইয়া থাকে। যিনি এইপ্রকার জানেন, কৃতসংখ্যারূপী
সেই জ্ঞানী পুরুষও দশদিক্‌স্থিত এই সমস্ত বস্তু উপলব্ধি করিয়া
থাকেন, এবং নিজেও অন্নভোগী হন * । উক্ত উপাসনাপ্রসঙ্গ-
সমাপ্তির জন্য বিরুক্তি করা হইয়াছে ॥ ২৬০ ॥ ৮

চতুর্থোধ্যায়ে তৃতীয় খণ্ডের ভাষ্যানুবাদ সমাপ্ত ॥ ৪ ॥ ৩

(*) তাৎপর্য—ভাষ্যটি বড়ই জটিল, সহজে ইহার ভাবার্থ সংগ্রহ করা কঠিন : এই জন্ত
সংক্ষেপে ইহার মর্মার্থ প্রকাশ করিতেছি—লোকপ্রসিদ্ধ দ্যুতক্রীড়ায় যে পাশা থাকে তাহার
অপর নাম 'অয়' । সেই দ্যুতক্রীড়ায় যেমন একটি অয়ে চারিটি অঙ্ক থাকে, এখানেও তেমনি
ত্রিশমান শ্রেণীর মধ্যেও অগ্নি প্রভৃতি অধিদেবত চারিটি আর বাক্‌ প্রভৃতি অধ্যাত্ম চারিটি,
এই চারি অঙ্কবিশিষ্ট অয়ের নাম কৃত । ত্রেতা নামে আর একটি অয়ে যেমন তিনটি
করিয়া অঙ্ক থাকে, তেমনি অগ্নিপ্রভৃতি এবং বাক্‌প্রভৃতির মধ্যেও এক একটিকে বাদ দিলেই
তিন তিনটি হয় । ছাপরনামক আর একটি অয়ের মধ্যে যেমন দুইটি অঙ্ক আছে, তেমনি
এখানেও অগ্নি প্রভৃতি ও বাক্‌প্রভৃতির মধ্যেও দুই দুইটি বাদ দিলে সেই সংখ্যাই হয় ।
তাহার পর কলি নামক আর একটি অয়ে যেমন একটি মাত্র অঙ্ক থাকে, তেমনি এখানেও
গ্রাসকর্তা—অধিদেবত, বায়ু আর অধ্যাত্ম প্রাণ এই দুইটিমাত্র পুদার্থ আছে । এই রূপে
দশসংখ্যার যোগ থাকায় অগ্নিাদি পাঁচ ও বায়ু প্রভৃতি পাঁচকে 'কৃত' বলা হইয়াছে ।
দ্যুতক্রীড়ায় সর্বসংহারকর প্রসিদ্ধি আছে : তদনুসারেই দশসংখ্যানির্দিষ্ট উক্ত দেবতাগণের সর্বসং-
হারকর করিত হইয়াছে।

চতুর্থধ্যায়ৈ.

চতুর্থঃ খণ্ডঃ ।

সত্যকামো হ জবালো জবালাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে
ব্রহ্মচর্য্যং ভবতি বিবংশ্রামি, কিংগোত্রোহমস্মীতি ॥২৬১॥১

সত্যকামঃ (তন্নামা) হ (প্রসিদ্ধৌ) জবালঃ (জবালায়াঃ পুত্রঃ)
জবালাং (জবালনারীং) মাতরম্ আমন্ত্রয়াঞ্চক্রে (আমন্ত্রিতবান্) । [কিমর্থম্ ?
ইত্যাহ]—ভবতি (হে পূজনীয়ে) অহং ব্রহ্মচর্য্যং (বেদাধ্যয়নার্থং নিয়ম-
বিশেষম্ [আশ্রিতা] বিবংশ্রামি (গুরুগৃহে বাসং 'করিষ্যামি) নু (পৃচ্ছামি)
অহং কিংগোত্রঃ (কিং গোত্রম্ অশ্র মমেতি কিংগোত্রঃ) অস্মি (ভবামি ;
নম বংশপরিচয়ঃ জ্ঞাতুমিচ্ছামীতি ভাবঃ) ।

সত্যকাম-নামক জবালানন্দন মাতা জবালাকে আহ্বান করিয়া বলিয়া
ছিলেন— হে পূজনীয়ে, আমি ব্রহ্মচর্য্য অবলম্বন করিয়া গুরুগৃহে বাস করিতে
ইচ্ছা করি, বলুন, আমার গোত্র কি ? ॥ ২৬১ ॥ ১]

শাক্ত-ভাষ্যম্ । সৰ্বং বাগাণ্ড্যাদি চ অন্নাদদেহেন সংস্কৃতং * জগদেকীকৃত্য
ষো ডশধা প্রভিজ্ঞা তস্মিন্ ব্রহ্মদৃষ্টির্বিধাতব্যা, ইত্যারভাতে । শ্রদ্ধাতপসোব্রহ্মো-
পাসনাভ্যপ্রদর্শনায় আধ্যাত্মিক্য । সত্যকামো হ নামতঃ, হশব্দ ঐতিহ্যার্থঃ,
জবালায়া অপত্যং জবালঃ জবালাং স্বাং মাতরমামন্ত্রয়াঞ্চক্রে আমন্ত্রিতবান্—
ব্রহ্মচর্য্যং স্বাধ্যায়গ্রহণায় হে ভবতি, বিবংশ্রাম্যাচার্য্যকুলে ; কিংগোত্রো-
হং—কিমশ্র মম গোত্রং, সোহহং কিংগোত্রঃ নু অহমস্মীতি ॥ ২৬১ ॥ ১

'আনন্দসিদ্ধিঃ' । পূর্বেণ সংবন্ধং দশয়িতুমন্তরশ্চ তাৎপৰ্য্যমাহ—সর্বমিতি । একী-
কৃত্য কারণরূপৈক্যাদায়েত্যর্থঃ । তর্হি তস্মিন্ ব্রহ্মদৃষ্টিরেব বিধীয়তাং, কিমিত্যাধ্যাত্মিকা
অপীয়েতে, তত্রাহ— শ্রদ্ধাতপসোব্রহ্মো-
স্মিতি । আচাৰ্য্যো হি মাণবকমুপনয়তে বিজ্ঞাতকুলগোত্রমেবেতি মন্বানঃ পৃচ্ছতি কিং-
গোত্রোহমিতি । ১

ভাষ্যানুবাদ । পূর্বে অন্ন ও অন্নাদরূপে বাহাদের প্রশংসা
করা হইয়াছে, সেই বাগাদি ও অগ্নিপ্রভৃতি সর্ব জগৎকে একীকৃত
করিয়া সৃষ্টিরূপে গ্রহণ করিয়া পুনশ্চ ষোল্লঙ্গে বিভক্ত করিয়া

* অন্নাদেহ সংস্কৃতম্ ইতি কচিৎপাঠঃ ।

তাহাতে ব্রহ্ম-দৃষ্টি বিধান করা আবশ্যিক ; এতদর্থে এই প্রকরণ আরম্ভ হইতেছে—শ্রদ্ধা ও তপস্যা যে ব্রহ্মোপাসনার অঙ্গ, তাহা প্রদর্শনের উদ্দেশে এই আখ্যায়িকা [কল্পিত হইয়াছে]। ‘হ’ শব্দটি পুরায়ত্ত-সূচক। সত্যকাম নামে জবালার পুত্র—জাবাল স্বীয় মাতা জবালাকে আহ্বান করিয়াছিলেন [আহ্বান করিয়া জিজ্ঞাসা করিয়াছিলেন]—
হে ভবতি, (পূজনীয়ে) ব্রহ্মচর্যের—বেদাভ্যাসের নিমিত্ত আচার্য্য-গৃহে বাস করিতে ইচ্ছা করি ; জিজ্ঞাসা করি, আমি কোন্ গোত্রীয়, অর্থাৎ এই আমার গোত্র কি (*) ॥ ২৬১ ॥১

সা হৈনমুবাচ নাইমেতদ্বেদ তাত যদগোত্রমসি, বহুহং
চরন্তী পরিচারিণী যৌবনে ত্বামলভে, সাহমেতন্ন বেদ
যদগোত্রমসি, জবাল তু নামাহমস্মি সত্যকামো নাম
ত্বমসি স সত্যকাম এব জাবালো ব্রবীথা ইতি ॥ ২৬২ ॥২

[এবং পৃষ্ঠা] সা হ (জবাল) এনম্ (পুত্রঃ) উবাচ (উক্তবতী) তাত (হে পুত্র,) হং যদগোত্রঃ (যস্মিন্ গোত্রে জাতঃ), অহম্ এতৎ ন বেদ (বেদম্) ; অহং বহু (নানাবিধং গৃহকর্ম) চরন্তী (কুর্ন্তী) পরিচারিণী (পরিচর্যাপরা সতী) যৌবনে ত্বাম্ অলভে (লব্ধবতী), [অতঃ পরিচর্য্যাবাসক-চিকীর্ষয়া গোত্রাদিজ্ঞানে মম মনো নাভূৎ ; তদৈব তে পিতা চ উপরতঃ ; তস্মাৎ] সা (তথা পরিচরণশীলা) অহম্ এতৎ ন বেদ হং যদগোত্রঃ অসি (ভবসি) ; তু (পুত্রঃ) অহং জবাল নাম অস্মি, হং চ সত্যকামঃ নাম অসি ; স (হং) [অহং] সত্যকামঃ এব জাবালঃ [অস্মীতি] ব্রবীথাঃ (ব্রবীথাঃ—আচার্য্যসমীপে কথয়েঃ) ইতি ।

তিনি (জবাল) ইহাকে (সত্যকামকে) বলিলেন,—বাবা, তুমি যে গোত্রে ছাত, আমি তাগ জানি না ; আমি বহু গৃহকর্ম সম্পাদন করত পরিচর্যাপরা অবস্থায় যৌবনসময়ে তোমাকে লাভ করিয়াছিলাম, সেইজন্তই তুমি যে গোত্রীয়, তাহা আমি জানি না। কিন্তু আমি হই জবাল, আর তুমি হইতেছ

(*) তাৎপর্য্য—ব্রহ্মচর্য্য কার্য্যটি বেদশিক্ষারই অঙ্গ ; বেদশিক্ষা আবার উপনয়ন-সু. অর্থে ; সুতরাং ব্রহ্মচর্য্যবাসের কালেই উপনয়নের কথাও বলাই হইয়াছে। উপনয়নে গোত্রের উল্লেখ করিতে হয়, এইজন্ত নিজের গোত্র-পরিচয় জিজ্ঞাসা করিয়াছেন।

সত্যকাম, [এইমাত্র জানি]। সেই তুমি [আপনাতে] সত্যকাম জ্বাল
বলিয়াই পরিচয় দিবে ॥ ২৬২ ॥ ২

শাকুর-ভাষ্যম্ । এবং পৃষ্ঠা জ্বালা সা হৈনং পুত্রমুবাচ—নাহমেতৎ তব
গোত্রং বেদ, হে তাত, যদগোত্রমসি । কস্মিন্ন বেৎসীতুক্তা আহ—বহু ভর্তৃগৃহে
পরিচর্যাজাতম্ অতিথ্যভ্যাগতাদি চরন্তী অহং পরিচারিণী পরিচরন্তীতি পরি-
চরণশীলৈবাহম্, পরিচরণচিত্ততয়া গোত্রাদিস্মরণে মম মনো নাভূৎ । যৌবনে চ
তৎকালে ত্বাম্ অলভে লব্ধবতাম্মি ; তদৈব তে পিতা উপরতঃ ; অতঃ
অনাথাহম্, সাহমেতৎ ন বেদ যদগোত্রমসি । জ্বালা তু নামাহম্মি, সত্য-
কামো নাম ত্বমসি, স ত্বং সত্যকাম এবাহং জ্বালোহস্মীত্যচার্য্যাম্ ক্রবীথাঃ ;
যদ্বাচার্যেণ পৃষ্ঠ ইত্যভিপ্রায়ঃ ॥ ২৬২ ॥ ২

আনন্দগিরিঃ । অতিথ্যভ্যাগতাদ্যধিকৃত্য পরিচর্যাজাতং বহু চরন্তী ভর্তৃগৃহে যতোহহং
হিতা, তেন পরিচরন্তী সতী পরিচরণচিত্ততয়া গোত্রাদীরাপৃচ্ছম্ । তথাচ তৎস্মরণে মনো
মম নাসীদिति । গোত্রাদিপ্রগাভাবে হেতুস্তরমাহ—যৌবন ইতি । যদ্যপি তস্যামবস্থায়
কল্পয়া গোত্রাদি নাপ্রাক্ষীন্তথাপি কাণ্ডান্তরে কিমिति পিতরং ন পৃষ্টবতী ? ইত্যশঙ্ক্যাহ
তদৈবেতি । তথাপি কিমিত্যশ্চমভিজ্ঞং নাপ্রাক্ষাঃ ? ইত্যশঙ্ক্যাহ অত্র ইতি ।
প্রথমং লজ্জয়া পিতরং প্রতি ন প্রশ্নঃ, পুনশ্চ তস্তোপরতত্বাৎ পশ্চাৎ ন ত্বঃখবাহুদাদন্তং
প্রতি প্রশ্ন ইতি স্থিতে প্রগাভাবকলমাহ—জাহম্মিতি । কিং তহি তব জানমস্তি ? তদাহ—
জ্বালা ইতি । এবং স্থিতে কিমাচাৰ্য্যং প্রতি নয়্য বক্তবাম্ ? ইত্যশঙ্ক্যাহ—অ জম্মিতি ।
ন গৃষ্টঃ কশ্চিদ্ কয়াদিতি জ্ঞায়ং সূচয়তি—যদীতি ॥ ২৬২ ॥ ২

ভাষ্যানুবাদ । এইরূপ জিজ্ঞাসিত হইয়া সেই জ্বালা এই
পুত্রকে বলিলেন—হে তাত, তুমি যে-গোত্রীয় তাহা আমি জানি না,
অর্থাৎ তোমার গোত্র পরিচয় জানি না । তুমি জান না কেন ? ইহা
জিজ্ঞাসিত হইয়া বলিলেন—স্বামি-গৃহে অতিথি-অভ্যাগতাদির বহু
পরিচর্যা করিতে করিতে আমি পরিচারিণী অর্থাৎ পরিচর্যাশীলাই
ছিলাম ; ঐ পরিচর্যা-কার্য্যে ব্যগ্রচিত্ত থাকায় গোত্রাদি-চিন্তায় আমার
মন ছিল না । আর সেই সময় আমার যৌবনকাল ; সেই
যৌবনেই তোমাকে লাভ করিয়াছিলাম ; সেই সময়ই তোমার পিতাও
মুরা যান ; অতএব আমি অনাথা [হইয়া পড়ি] । তদবস্থায় আমি
ইহা জানি না যে, তুমি কোন্ গোত্রীয় ; পরন্তু, আমি হই নামে
জ্বালা আর তুমি হইতেছ নামে সত্যকাম [এইমাত্র জানি] । সেই
তুমি এই কথাই বলিবে যে, আমি হই সত্যকাম নামক জ্বালা ।

অভিপ্রায় এই যে, আচার্য্য যদি জিজ্ঞাসা করেন, [তাহা হইলেই বলিবে, নচেৎ নহে] ॥ ২৬২ ॥ ২

স হ হারিদ্ৰমতং গোতমমেত্যোবাচ ব্রহ্মচর্য্যং ভগবাত
বংশাম্যুপেয়াং ভগবন্তুমিতি ॥ ২৬৩ ॥ ৩

সঃ (সত্যকামঃ) হ হারিদ্ৰমতং (হরিদ্ৰমতোহপতাং) গোতমম্ (গোতম-
বংশীয়ং গুরুম্) এত্য (প্রাপ্য) উবাচ—ভগবতি (পূজনীয়ৈ) [হস্মি] ব্রহ্মচর্য্যং
বংশামি ; [অতঃ] ভগবন্তম্ (ত্বাং) উপেয়াম্ (শিষ্যরূপেণ উপাগচ্ছ্যম্)
ইতি ॥

সেই সত্যকাম হরিদ্ৰমানের পুত্র--হারিদ্ৰমত নামক গোতম ঋষির সমীপে
উপস্থিত হইয়া বলিলেন, আমি আপনার নিকট ব্রহ্মচর্য্য বাস করিব, এইকুণ্ড
পূজনীয় আপনার নিকট আসিয়াছি ॥

তৎ হোবাচ কিংগোত্রো নু সোম্যাসীতি, স হোবাচ
নাহমেতদ্বেদ ভো যদগোত্রোহহমস্মি, অপৃচ্ছং মাতরং স্ম মা
প্রত্যব্রুবীদ্বহস্বহং চরন্তা পরিচারিণী যৌবনে ত্বামলভে, সমহমে-
তন্ন বেদ যদগোত্রস্বমসি, জবালা তু নামাহহমস্মি সত্যকামো
নাম ত্বমসীতি ; সোহহং সত্যকামো জাবালোহস্মি ভো
ইতি ॥ ২৬৪ ॥ ৪

[এবমুক্তবস্তং] তং (সত্যকামঃ) গোতমঃ উবাচ—নু (ভোঃ) সোম্য
(প্রিয়দর্শন,) [ত্বং] কিংগোত্রঃ (কস্মিন্ বংশে জাতঃ) অসি (ভবসি)
ইতি । সঃ (সত্যকামঃ) হ উবাচ—ভোঃ (সম্বোধনং) অহম্ এতৎ (ত্বং-
পৃষ্ঠং) ন বেদ (ন বেদ্বি), অহং যদগোত্রঃ অস্মি (ভবামি) ইতি । মাতরম
(মম জননীং) অপৃচ্ছং (পৃষ্টবান্ অস্মি) ; সা (মাতা) মা (মাং) প্রত্যব্রুবীৎ
(প্রত্যুক্তবতী)—‘অহং বহু চরন্তী পরিচারিণী (পরিচর্য্যাপরা সতী) যৌবনে
ত্বাম্ অলভে ; সা অহম্ : তৎ ন বেদ যদগোত্রঃ ত্বম্ অসি ; তু (পুনঃ) অহং
জবালা নাম অস্মি, ত্বং [চ] সত্যকামঃ নাম অসি ইতি । ভোঃ (সম্বোধনং)
সঃ অহং সত্যকামঃ জাবালঃ অস্মি ইতি ।

[এই কথা বলিলে পর] ঋষি তাঁহাকে জিজ্ঞাসা করিলেন--হে সোম্য, তুমি

কোন্ গোত্রীয় ? [তহুত্তরে সত্যকামং] বলিলেন—মহাশয়, আমি ইহা জানি না যে, আমি কোন্‌গোত্রীয় । মাতাকে জিজ্ঞাসা করিয়াছিলাম, তিনি প্রত্যুত্তরে আমাকে বলিলেন—‘আমি বহুতর গৃহকর্মে ব্যাপ্ত পরিচারিকা অবস্থায় যৌবনসময়ে তোমাকে লাভ করিয়াছি ; সেইজন্ত আমি জানি না যে, তুমি যে গোত্রে উৎপন্ন হইয়াছ ; পরন্তু, আমি হইতেছি জ্বালা নামে প্রসিদ্ধ, আর তুমি হইতেছ সত্যকাম নামে প্রসিদ্ধ, [এই মাত্র জানি] । মহাশয়, সেই আমি হইতেছি জ্বালাপুত্র—জ্বাল সত্যকাম ॥ ২৬৪ ॥ ৪

শাকুরভাষ্যম্ । স হ সত্যকামঃ হারিদ্ৰমতং হরিদ্ৰমতোহপত্যং হারিদ্ৰমতং
 'গৌতমঃ গৌত্রত এত্য গহা উবাচ—ব্রহ্মচর্যাং ভগবতি পূজাবতি ত্বয়ি বৎসামি,
 অত উপেয়ামুপগচ্ছেয়ম্ শিষ্যতয়া ভগবন্তম্, ইত্যুক্তবন্তঃ তং হ উবাচ গৌতমঃ—
 কিং গোত্রৌ নু সোম্য অসীতি ; বিজ্ঞাতকুলগোত্রঃ শিষ্য উপনেতব্যঃ ; ইতি পৃষ্টঃ
 'প্রত্যাহ সত্যকামঃ । স হোবাচ—নাহমেতৎ বেদ ভো যদগোত্রৌহমস্মি ; কিন্তু,
 'অপৃচ্ছং পৃষ্টবানস্মি মাতরম্ ; সা ময়া পৃষ্টা মাং প্রত্যব্রবীৎ মাতা—বহু অহং
 চরন্তীত্যাদি পূর্ববৎ । তস্মা অহং বচঃ স্মরামি ; সোহহং সত্যকামো জ্বালোহস্মি
 ভো ইতি ॥ ২৬৩—২৬৪ ॥ ৩—৪

“ আনন্দগিরিঃ । মাতৃবচনশ্রবণানন্তরং কিং কৃতবানিত্যপেক্ষায়ামাহ—স হেতি ।
 আচাৰ্য্যসমীপে, ব্রহ্মচর্য্যবাসঃ শিষ্যভাবাদৃতে ন সিধ্যতীত্যভিমত্যানায়োক্তং—অত ইতি ।
 কিমনয়া কাকদন্তপরীক্ষয়া, ভবতা ত্বমুপনেতব্যোহস্মি ইত্যশঙ্ক্যাহ—বিজ্ঞাতভেতি । মাতরঃ
 পৃষ্টা বিজ্ঞায়গম্যতামিত্যাশঙ্ক্যাহ—কিং জিত্যাদিনা ॥ ২৬৩ ২৬৪ ॥ ৩ ॥ ৪

ভাষ্যানুবাদ । সেই সত্যকাম হারিদ্ৰমত অর্থাৎ হরিদ্ৰমানের
 "পুত্র—হারিদ্ৰমতনামক গৌতমবংশীয় গৌতম ঋষিকে প্রাপ্ত হইয়া অর্থাৎ
 তাঁহার নিকট উপস্থিত হইয়া বলিলেন—পূজনীয় আপনার নিকট
 আমি ব্রহ্মচারিরূপে বাস করিব, এই নিমিত্ত শিষ্যভাবে আপনার নিকট
 আসিয়াছি । এইরূপ বলিলে পর গৌতম তাহাকে জিজ্ঞাসা
 করিলেন—হে সোম্য (প্রিয়দর্শন), তুমি কোন্‌ গোত্রীয় ? কেননা,
 ঋহার বংশ ও গোত্র পরিজ্ঞাত আছে, 'তাহাকেই উপনীত করিতে হয়',
 নচেৎ নহে । ইহা জিজ্ঞাসিত হইয়া সত্যকাম প্রত্যুত্তর দিলেন ; তিনি
 বলিলেন—মহাশয়, আমি ইহা জানি না যে, আমি হইতেছি কোন্
 গোত্রীয় ; কিন্তু আমি মাতাকেও জিজ্ঞাসা করিয়াছিলাম ;

আমার জিজ্ঞাসার পর মাতা আমাকে প্রত্যুত্তরে বলিলেন—“বহু অহং চরন্তী” ইত্যাদি ; ইহার অর্থ পূর্ববৎ । আমি তাঁহার (মাতার) কথা স্মরণ করিতেছি, অর্থাৎ তাঁহার উপদেশানুসারে বলিতেছি মহাশয়, আমি হইতেছি সত্যকামনামক জবাল অর্থাৎ আমার মাতার নাম জবাল, এবং আমার নাম সত্যকাম ॥ ২৬৩॥২৬৪॥৩১৪

তৎ হোবাচ নৈতদব্রাহ্মণো বিবক্তুমর্হতি, সমিধৎ সোম্যাহ-
রোপ ত্বা নেষ্যে ন সত্যাদগা ইতি । তমুপনীয় কুশানামবলানাং
চতুঃশতা গা নিরাকৃত্যোবাচেমাঃ সোম্যানুসংব্রজেতি, তা
অভিপ্রস্থাপয়ন্ বাচ—নাসহস্রেনাবর্তেয়েতি ; স হ বর্ষগণং
প্রোবাস তা যদা সহস্রং সম্পেতুঃ ॥ ২৬৫॥৫

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪॥৪

[অনস্তুরং গৌতমঃ] তং (সত্যকামম্) হ (ইতিহে) উবাচ (উক্ত্বান্)—
অব্রাহ্মণঃ (ব্রাহ্মণেতরঃ বর্ণঃ) এতৎ (ঐদৃশং সারল্যপূর্ণং বচনং) বিবক্তুঃ
(বিশেষে ণকথয়িতুং) ন অর্হতি (ন শক্নোতি) ; [নুনং ব্রাহ্মণস্বমসীতি ভাবঃ] ।
[অতঃ] হে সোম্য, সমিধং (যজ্ঞকাষ্ঠং) আহর (সমানয়), ত্বা (ত্বাং)
উপনৈষ্যে (উপনীতং করিষ্যামি) [অহমিতি শেষঃ] ; [যতঃ ত্বং] সত্যৎ
(ব্রাহ্মণজাতীয়ধর্ম্মাং যথার্থভাষণাৎ) ন অগাঃ (ন স্বলিতোহসীত্যর্থঃ) ।
[অনস্তুরঞ্চ] তং (সত্যকামঃ) উপনীয় (উপনয়নসংস্কারসম্পন্নং কৃত্বী)
কুশানাং (ক্ষীণদেহানাং) অবলানাং (বলহীনানাঞ্চ) [গবাং যুথাৎ] চতুঃশতাং
(চতুঃশতসংখ্যাকাঃ) গাঃ নিরাকৃত্য (পৃথক্কৃত্বা) উবাচ—হে সোম্য, ইমাঃ
(ময়া ত্যক্তাঃ গাঃ) অনুসংব্রজ (অনুসর) ইতি [আদিষ্টঃ সত্যকামঃ]
তাঃ গাঃ অভিপ্রস্থাপয়ন্ (অরণ্যং প্রতি নয়ন্) উবাচ—অসহস্রেন (যাবৎ
সহস্রসংখ্যা ন পূর্য্যতে, ভাবৎ) ন আবর্তেয় (প্রত্যাগচ্ছয়ম্), [ইত্যুক্ত্বা]
সঃ (সত্যকামঃ) হ বর্ষগণং (বর্ষাণাং গণং দীর্ঘকালিং ব্যাপ্য) প্রোবাস
(প্রবাসং কৃত্বান্) । যদা (যস্মিন্ কালে যাবতা কালেন) তুঃ (গাভুঃ) সহস্রং
সহস্রসংখ্যাকাঃ সম্পেতুঃ (সম্পন্ন বভূবুঃ) ॥

গৌতমঃ সত্যকামকে বলিলেন ; ব্রাহ্মণ না হইলে এরূপ সত্য কথা দৃঢ়তার

সহিত বলিতে সমর্থ হয় না ; হে সোম্য, তুমি সমিধ্ আহরণ কর, আমি তোমাকে উপনীত করিব ; কারণ, তুমি [ব্রাহ্মণধর্ম] সত্য হইতে ঋণিত হও নাই । অনন্তর তাহাকে উপনীত করিয়া কুশ ও দুর্বল গো সমূহ হইতে চারিশত গোকে পৃথক্ কুরিয়া দিয়া বলিলেন,—হে সোম্য, তুমি এই গোসমূহের অনুগমন কর । সত্যকাম সেই গো সমূহকে লইয়া যাইবার সময় [গুরুকে] বলিলেন, সহস্র সংখ্যা পূর্ণ না হইলে আমি প্রত্যাগমন করিব না ; [এই বলিয়া প্রস্থান করত] তিনি বহু বৎসর প্রবাস করিলেন । যে সময় সেই গোসমূহ সহস্রসংখ্যায় পূর্ণ হইল, [সেই সময়] ॥২৬৫॥৫

শাক্তর-ভাষ্যম্ । তং হ উবাচ গৌতমঃ—নৈতৎ বচঃ অত্রাহণো বিশেষণ বক্তুমর্হতি আর্জবার্থসংযুক্তম্ । ঋজবো হি ব্রাহ্মণাঃ, নেতরে স্বভাবতঃ । যস্মাৎ ন সত্যাদ্ ব্রাহ্মণজাতিধর্ম্মাৎ অগাঃ নাপেতবানসি, অতো ব্রাহ্মণং ত্রায়ুপনেষো , অতঃ সংস্কারার্থং হোমায় সমিধং সোম্য আহর, ইত্যুক্তা তম্পনীয় কুশানামবলানাং গোযুথং নিতাকৃত্য অপকৃষ্য চতুঃশতা চত্বারি শতানি গবাম্ উবাচ ইমা গাঃ সোম্য অনুসংব্রজ অনুগচ্ছ ; ইত্যুক্তঃ তা অরণাং প্রতি অভিপ্রস্থাপয়ন্ উবাচ—ন অসহস্রেন অপূর্ণেন সহস্রেন আবর্তেয় ন প্রত্যাগচ্ছেয়ম্ । স এবমুক্তা গা অরণাং তৃণোদকবহলং স্বন্দরহিতং প্রবেশ্য স হ বর্ষগণং দীর্ঘং প্রোবাস প্রোষিত-বান্ । তাঃ সম্যক্গাবো রক্ষিতা যদা যস্মিন্ কালে সহস্রং সম্প্পদুঃ সম্প্পন্ন বভূবুঃ ॥ ২৬৫ ॥ ৫ ॥

ইতি চতুর্থাধ্যায়স্ত চতুর্থখণ্ডভাষ্যম্ ॥ ৪ ॥ ৪

জ্ঞানন্দগিরিঃ । ব্রাহ্মণস্ত বানুতং বিনা কথমার্জবসংযুক্তবচনম্ ? ইত্যাশঙ্ক্যাহ— ঋজবো হীতি । ক্ষত্রিয়াদীনামপি কেবাঞ্চিদার্জবমন্তীত্যাশঙ্ক্যাহ—নেতরে ইতি । ঋজুবচনেন ব্রাহ্মণত্বং প্রতিজানীতে—যস্মাদিতি । উপনীয়াব্যাপ্য চেতি শেষঃ । তস্মাৎ-গ্রহণং শুক্রমাদিষ্টেবানিত্যাহ—কুশানামিতি । আচাৰ্য্যনিয়োগশ্চ শিমোণ সফলীকর্তব্য ইত্যাশয়েনাই—ইত্যুক্ত ইতি । সম্প্পন্ন বভূবুস্তদৈনমসতোহভ্যুক্তবানিতি সম্বন্ধঃ ॥ ২৬৫॥৫

ইতি চতুর্থাধ্যায়স্ত চতুর্থঃ খণ্ডঃ ॥ ৪ ॥ ৪

ভাষ্যানুবাদ । গৌতম তাহাকে বলিলেন—ব্রাহ্মণ ভিন্ন কেহ এইরূপ সরলতাপূর্ণ বাক্য বিশেষরূপে (নিঃশঙ্কচিত্তে) বলিতে সমর্থ হয় না । কেন না, ব্রাহ্মণগণই স্বভাবতঃ সরল, অপর সকলে নহে । যেহেতু তুমি ব্রাহ্মণজাতির ধর্ম্ম—সত্যব্যবহার হইতে ঋণিত—অপগত হও নাই, অতএব ব্রাহ্মণজাতীয় তোমাকে উপনীত করিব ; অতএব

হে সোম্য, উপনয়ন-সংস্কারাঙ্গ হোমের নিমিত্ত সমিধ্ (যজ্ঞকাষ্ঠ) আহরণ কর ; এই কথা বলিয়া তাহাকে উপনীত করিয়া কৃশ ও দুর্বল গোসমূহ হইতে চারি শত গো বাহির করিয়া বলিলেন,—হে সোম্য, তুমি এই গো সমূহের অনুগমন কর । এই কথা বলিলে পর সত্যকাম সেই গো-সমূহকে অরণ্যাভিমুখে লইয়া যাইবার কালে [গৌতমকে লক্ষ্য করিয়া] বলিলেন—সহস্র সংখ্যা পূর্ণ না হওয়া পর্য্যন্ত আমি প্রত্যগমন করিব না । তিনি এইরূপ বলিয়া বহুতর তৃণোদকপূর্ণ ও নিরুপদ্রব অরণ্যমধ্যে গো-সমূহ প্রবেশ করাইয়া বহুবর্ষব্যাপী দীর্ঘ-প্রবাস গ্রহণ করিয়াছিলেন । উপযুক্ত যত্নসহকারে রক্ষিত সেই গো-সমূহ যখন [অর্থাৎ যে দীর্ঘকাল প্রবাসে] সহস্র সংখ্যায় পূর্ণ হইল—॥ ২৬ঃ ॥ ৫ ॥

ইতি চতুর্থাধ্যায়ে চতুর্থখণ্ডের ভাষ্যানুবাদ ॥ ৪॥৪

চতুর্থাধ্যায়ে
পঞ্চমঃ খণ্ডঃ ।

অথ হৈনমৃষতোহভ্যবাদ—সত্যকাম ৩ ইতি, ভগব ইতি
হ প্রতিশুশ্রাব, প্রাপ্তাঃ সোম্য, সহস্রং স্মঃ, প্রাপয় ন
আচার্য্যকুলম্ ॥ ২৬৬ ॥ ১

অথ (সহস্রং সংখ্যা পূরণানন্তরং) ঋষভঃ (তদগোযুধস্থঃ কশ্চিৎ বৃষঃ) হ
এনম্ (সত্যকামম্) অভ্যবাদ (উক্তবান্)—হে সত্যকাম ৩ ইতি ।
[সত্যকামশ্চ] ভগবঃ (ভগবন্) ইতি প্রতিশুশ্রাব (প্রতিবচনং দত্তবান্),
[ঋষভ আহ—] হে সোম্য, [বয়ং] সহস্রং (স্বং-প্রতিজ্ঞাতসংখ্যা-পূর্ত্তিং) প্রাপ্তাঃ
স্মঃ (ভক্তমঃ), (বয়ং সহস্রসংখ্যাকাঃ সম্পন্ন ইত্যর্থঃ), [অতঃ] ,নঃ (জ্ঞান্মান্)
(আচার্য্যকুলং গুরুগৃহং) প্রাপয় (নয়) ।

অনন্তর একটি বৃষ তাঁহাকে (সত্যকামকে) বলিলেন—হে সত্যকাম,
সত্যকাম প্রত্যুত্তরে বলিলেন—ভগবন্ ; [বৃষ বলিলেন—] হে সোম্য, আমরা
সহস্র সংখ্যা প্রাপ্ত হইয়াছি ; আমাদেরিগকে আচার্য্যগৃহে লইয়া যাও ।

